

Gandhi
news
ગાંધીનું વાક્ય



Bulletin Of Gandhi Museum, April-June, 2015



April - June, 2015

Editor : Prof. Jahar Sen

সম্পাদক : জহর সেন

Contribution : Rs. 15.00

বিনিয়য় : ১৫ টাকা

GANDHI NEWS

গান্ধী সংবাদ

এপ্রিল - জুন, ২০১৫

বিষয়সূচি

Editorial	: Tragedy of Vote Raj	03
Document	: Gandhiji on CSP Draft Programme	04
Rajindar Sachar	: This is Absurd, Mr Prime Minister!	06
Jahar Sen	: A Tribute To Late Narayan Desai	09
চিনতু সেন	: মহাত্মা গান্ধীর ফুটবল টিম	11
ড. বিমল কুমার শীট	: গান্ধীজীর রাজনৈতিক গুরু গোপালকৃষ্ণ গোখলে	14
জহর সেন	: ধর্ম সাম্প্রদায়িকতার বিরুদ্ধে গান্ধীপথ	21
Dr. Debabrata Das	: South Africa - Making Of Gandhian Way	27
দেবব্রত চাকী	: কোচবিহারের ভারতভুক্তি প্রসঙ্গে	32
সৌমেন নাগ	: অনুপ্রবেশ সমস্যা ও অসমের সাম্প্রতিক হিংসা	39
সজল বসু	: ভিনদেশীদের সংস্কৃতি উন্নয়নের শত্রু	45

Tragedy of Vote Raj

The voting pattern and Vote Bank politics may be said to become a pernicious evil. For the country and the people. Now-a-days this or that vote take place at scheduled time covering the whole year. From Panchayat to Municipality, Assembly, Parliament alongwith other elections of co-operatives, schools, almost every year or twice in a year, we've elections with all its paraphernalia, viz. exercise of money power, bomb power, threat power, duping power, campaign power, filmstar power.

Mahatma Gandhi dreamt of a Panchayat Raj, a political system based on people's participation from the lowest level Gram Sabha to Parliament. The Indian Constitution, later different Commissions and Supreme court adopted, passed laws-verdicts to protect citizens' rights and curb interventions of the Executive and political machinery. The Election Commission also adopted new rules for the exercise of constitutional rights of the citizens. But in reality, infringement of civil and democratic rights have been rampant. Not only during Emergency (1975-77), during all the times under all the regimes.

The term criminalisation of politics was in vogue in early 1970's. Since then, muscle power and money power have been increasingly operative in politics, moreso in electoral politics. No political party, political leader could claim to be free from this menace. Notwithstanding the use of caste community-sectorial sentiment, three M-s – Money, Muscle power, Media manipulation tend to dominate the electoral battle. Yes, its no more electoral politics, its a battle of how one could win over

the votes by money, muscle, wine, manufactured news.

The days of Gandhian value-based politics are gone. The electoral politics has been criminalised and lumpenized. Firstly, holding of elections in every year postpone development works, keep the administration at bay, comatose the people. Second caveate, doping of people by leaders and parties by absurd promises and 'Aache Din' somnambulism limit the space of dissent and realisable agenda. Aam admi are induced to believe in absurd drama of the professional politicians. Our recent experiences with big bang politics of new rulers and hackenyed politics of old rulers reveal the absurdity of any probable healthy politics in future India. The voting right and the voters have been victimised. Any agenda of new politics is nowhere visible. The citizens are obliged to act according to the whims and machinations of political leaders, media and corporate magnets. In such context, democracy, election, co-existence of differing opinion tend to disappear. How to revive democratic norms, free choice and dissent?

The Gandhians have failed to rise to the occasion. The left - both democratic and Marxist never look beyond their bay-window of vote catching. Political violence and criminalisation both remain the flagship of vote politics. The tragedy being the fundamental right to vote freely with conscience has become a sacrificial beast. The Human Rights groups, civil society and media could be the pathfinder. How far, when they come up, only coming days would see.

Document

Gandhiji on CSP Draft Programme

BENARES, August 2, 1934

Dear Narendra Deva,

I was thankful for the two hearty meetings with the socialist friend(s) during the all too few days I have been with you and enjoyed your hospitality. I promised to study your draft programme and let you have my criticism on it. I cannot say I have studied it as carefully as I would have liked to. The following therefore is meant as a cursory criticism by no means exhaustive. I think that it is wrong to call the party 'Congress Socialist Party' unless you apply for permission to make it part of the Congress organization. But it would be quite proper to call it 'All-India Socialist Party of Congressmen'. I am sure you realize the significance of the distinction. I miss in your draft constitution acceptance of the Congress objective of attainment of purna swaraj by legitimate and peaceful means. If it is an intentional omission I can understand it. For your object seems to be far different from that of the Congress. You perhaps claim that it is far ahead of the object of the Congress. Even so you cannot then call yourself a Congress party.

The object of the Congress is to form an independent State. What that State will be we can but dimly guess. Some of its features we have already determined. Experience teaches us daily new things to add. But your enunciation of the socialist object frightens me. The implica-

tions of all the three principles are too vast for my comprehension. They make an intoxicating programme. I fear all intoxicants.

I now take by way of illustration what appear to me to be objectionable items in your programme. Items 7 and 8 are contrary to the present policy of the Congress. Though I have all my life identified myself with the masses and renounced possession of private property, I do not contemplate redistribution of land and peasants. I am at reformaton of the princes and the landlords. It is possible, without a violent redistribution of land, to secure for tenants rights which virtually amount to ownership. I like item 11, which 7 and 8 and some other seem to me to contradict. To everyone "according to his needs" should be, in my opinion, a perfect formula if you can find place for "just" before "needs". That alone sums up all you can wish for the most helpless and forlorn among the millions of our..... Your fifth method, as I conceive it, is a negation of nonviolence. I fail to find any justification for refusal to enter at any stage into negotiations on the constitutional issue with the British Government. The Congress did not adopt that policy even in the heyday of non-co-operation. I am sure this is a hasty interpolation. Your "general strikes of workers and peasants" without any qualification is too dangerous for a sober, non-violent

programme. Your immediate demands are attractive with the exception of a few items. But I find nothing in your methods to show that you have any hope of immediate attainment.

I draw your attention to glaring omissions :

Removal of untouchability.

Communal unity.

Khaddar as symbol of identity with the masses and immediate occupation till a better is found for the millions who are unemployed for six or four months in the year. Total prohibition of intoxicating drugs and drinks.

I plead for a drastic revision of the whole constitution. We are both labouring under a heavy handicap in that Jawaharlal, who has given us the man-

tra of socialism, is not in our midst, and I consider him to be the natural wearer of the Congress crown of thorns when I and other elderly men and women have been permitted to take well deserved rest. I feel sure that if he was in our midst, he would have hastened slowly. I suggest your presenting the country with practical socialism in keeping with Indian conditions instead of scientific socialism in your programme has been called. I am glad that the programme you have given me is but draft though prepared by an influential committee appointed for the purpose. It would be wise, if when you settle your programme finally, you will associate with you men who have socialist leanings and have experience of actual conditions.

মহাত্মা গান্ধী : অন্তরঙ্গ জীবনকথা

মিলি গ্রাহাম পোলক, ১০০.০০

কবিতায় গান্ধী

(সম্পাদিত) অমূল্য কুমার চক্রবর্তী, ১০০.০০

Mahatma Gandhi - A Brief Lifesketch

by Pratik Ghosh, Rs. 50.00

Interpreting Mahatma Gandhi

Supriya Munsii, Rs. 120.00

গান্ধী স্মারক সংগ্রহালয়

রিভারসাইড রোড, ব্যারাকপুর, কলকাতা - ১২০

This is Absurd, Mr Prime Minister !

Rajindar Sachar

An unimaginable crisis is gripping our country. Only a straightforward clear declaration by the Prime Minister can clear it. I am referring to the advertisement issued by Government of India's I & B Ministry on Republic Day carrying in the background a watermark of the Preamble to the Constitution. But a devious interloping was done by publishing the Preamble as it was in 1950, thus deliberately omitting the words "Socialist" and "Secular" from the Preamble which are in the existing Preamble since 1979. This interpolation clearly shows that the BJP Ministers are trying to flaunt their status of being corporate-friendly and stooges of the RSS boss. I have no problem with how the Ministers present themselves. But the Indian Government would be guilty of a serious constitutional lapse and cannot be allowed to continue if by its word of action it conceals the mandate of the present Preamble containing Secularism and Socialism. In that context the Union Government would be an interloper because the Supreme Court has clearly held that the "Preamble is the key to the Constitution" and therefore the objectives of "Socialism" and "Secularism" must govern any programme and policy of the Government of India.

The perverted suggestion that "So-

cialism" and "Secularism" were not in the original Preamble and were incorporated in 1979, is ludicrous because the government has to follow the Constitution as it exists at any present time and not in the past. But then the RSS-tutored BJP Government is also telling us that it will not accept the invention of airplane in present times but only the "Udankhatola" thousands of years back-but perversely it would at the same time ridicule the suggestion that by the same logic Persia and the Arabs must have invented aeroplane because of the mention of the Flying Persian Carpet hundreds of years ago.

Another strained argument is that the word Socialism was not in the original Preamble. As I said, it is recorded that at the time of framing the Constitution, it was clearly understood that in India we were setting up a Socialist State. This was brought out specifically by Dr Ambedkar in reply to Professor K.T. Shah who wanted 'Socialism' to be incorporated in the Constitution at the drafting stage. Dr Ambedkar, while refusing to do so for technical reasons, explained "that socialism as such was already included in the Directive Principles". He explained thus: "What I would like to ask Prof Shah is this: 'If these Directive Principles to which I have drawn atten-

* The author, a retired Chief Justice of the Delhi High Court, was the Chairperson of the Prime Minister's high-level Committee on the Status of Muslims and the UN Special Rapporteur on Housing. A former President of the people's Union for Civil Liberties (PUCL), he is a tireless champion of human rights.

tions are not socialistic in their direction and in their content, I fail to understand what more socialism can be."

As for the equally fatuous argument of the effect of incorporating Socialism in the Preamble in 1976 the Supreme Court pointed to the fallacy, as far back as 1983, thus: "Though the word 'socialism' was introduced into the Preamble by a late amendment of the Constitution that socialism has always been the goal is evident from Directive principles of State Policy. The amendment was only to emphasise the urgency."

May I also remind the Prime Minister and his colleagues that as per Article 75 (4) of the Constitution of India they took oath before entering upon their offices which requires them to swear in the name of God that they will bear true faith and allegiance to the Constitution of India as by law established. The oath covers the Preamble to the Constitution as existing at the time of taking oath and not to the original Preamble or Constitution as framed in 1950. Anyone suggesting to the contrary would be taking the ludicrous stand that the oath would not oblige the Ministers to follow the mandate of over 100 amendments to Constitution since the original Constitution of 1950. President Obama would have been horrified by this interpretation of the Union Ministers because it would mean the negation of the 14th Amendment to the US Constitution brought in almost a hundred years after the original Constitution (from which we have incorporated Article 14 of our Constitution, and which is the sheet-

anchor of equality and non-discrimination for any citizen). If that was the interpretation Obama could never have been the President because the original US Constitution did not have the 14th Amendment which was one of the biggest weapons for ending racial discrimination in the USA.

The BJP leaders are speaking in contradictory terms. While Venkaia Naidu says that the government is for Secularism in the Preamble, his colleague and a lawyer, Ravi Shankar Prasad, says the government wants to delete it. There can be no hedging on Secularism. In point of fact to even talk of deleting the word 'Secularism' from the Preamble would not only be sedition but also an impossible exercise. This is because the Supreme Court in Bommal's case (1974) has categorically held that "Secularism is a part of the Basic Structure of the Constitution and the Preamble is a part of the provisions of the Constitution."

In the Keshvanand Bharti case (1973) the Supreme Court has also held that the power of amend (Article 368 of the Constitution) does not enable Parliament to alter the basic structure of the framework of the Constitution. Thus Secularism, being a part of the basic structure of the Constitution, is non-amendable. In point of fact and the law Secularism, being the basic structure of the Constitution, must be held to have been incorporated automatically in the Preamble to the Constitution right from the beginning in 1950.

No Mr Prime Minister, mere denial and that too contradictory is not

enough. A covert attempt to undermine the force and strength of the Preamble cannot wash away the fears in the country and especially amongst the minorities. A full-throated public repudiation in "a Man ke Baat" and TV spread by the Prime Minister that his government unequivocally and without any hesitation believes in and assuring the public that it will uphold and carry out the mandate of Secularism in the present existing Preamble of the Constitution of India is urgently required.

Any wavering or inaction by the Prime Minister on this course either on account of his false sense of prestige or stubbornness would only divide the country into mutual suspicion and thus damage the progress of the nation. The public statements of the Shiv Sena, the ally of the BJP, reflects the danger of silence on the part of Prime Minister Modi. He must therefore speak out immediately because to speak is a moral duty and to keep silent a sin and thus unforgivable.

Senile Statement on Gandhi

Rajindar Sachar, Former President of People's Union for Civil Liberties has Issued the following Statement :

The outrageous, senile statement on blog by Justice Katju calling Gandhiji "an British Agent who did great harm to India" being the raving of out of office frustrated individual deserves to be rejected with the contempt it deserves. By this statement Katju has qualified himself to be the fittest successor to Mohan Bhagwat, RSS Chief. Had Churchill been alive he would have embraced Katju and included him the senior most position in his cabinet of 1940.

ইতিহাসবিদের দৃষ্টিতে গান্ধী বিচার

অধ্যাপক জহর সেন-এর

গান্ধীপথের দিকদর্শন ১২৫.০০

চিকিত্ত্বি প্রকাশনা, পরিবেশক : নয়া উদ্যোগ, কলেজ স্ট্রীটের দোকানে পাবেন

সজল বসুর সম্পাদনায় সত্যগ্রহ : আন্দোলন ও দর্শন

লেখক সূচি : রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী, জয়প্রকাশ নারায়ণ, নির্মল কুমার বসু, অজয় মুখোপাধ্যায়, সুশীল কুমার খাড়া, নরেন দাস, ডঃ রামমনোহর লোহিয়া, অন্নদাশংকর রায়, সুরেন্দ্র মোহন, ভবানী প্রসাদ চট্টোপাধ্যায়, শৈলেশ কুমার বন্দ্যোপাধ্যায়, রেজাউল করিম, চারুচন্দ্র ভাণ্ডারী, জহর সেন, মিত্র কোটিল্য, সুপ্রিয় মুনসী, সজল বসু, পশুপতি মাহাত। দাম ৭০ টাকা।

গান্ধী স্মারক সংগ্রহালয়, ব্যারাকপুর * প্রাচী পাবলিকেশনস

A Tribute To Late Narayan Desai

Jahar Sen

The grand Gandhian patriarch expired on 15 March 2015.

Late Narayan Desai was born in a village called Valsad situated in Gujrat on 24 December 1924. Mahadev Desai, his father, was an intimate and devoted secretary to Mahatma Gandhi. Narayan Desai passed the first twenty years of his life in Sabarmati and Sevagram. He did not have any formal education. He derived the essential values of learning through his close association with the Gandhian movements.

In 1947 Narayan Desai established Nayee Talim Vidyalyaya in South Gujrat for the tribal children. In 1954 he joined the Bhoodan movement led by Vinoba Bhave. In course of the Bhoodan Movement, which was termed as "Sarvodaya Yatra", he covered the distance of Twelve thousand kilometres and distributed three thousand acres of land to landless poor people. He was the secretary of Indian Santi Sena for nearly sixteen years. Jayaprakash Narayan was the President of this organisation. This organisation took active part in establishing peace in the riot-torn areas of the country. He was a member of the council of the War Resisters International, an anti war international organisation, for nearly twelve years. He was a Vice-President of this organisation for three years and also President for three years. As Vice-President he travelled many countries of the

world. In 1982 he established Institute for Total Revolution. In 1955, he was elected President of the Sarva Seva Sangh, which is the most authentic organisation in the field of Gandhian studies. His daughter Sanghamitra Desai and son-in-law Sourindra Gadekar, a nuclear scientist, regularly publish a journal entitled 'Anumukti' which is dedicated to the cause of anti-war movements. Narayan Desai is the author of nearly thirty books written in Gujrati, Hindi and English languages. One of his books have been translated in bengali with the Title 'Bapuke Kachhe Theke' by Bhowani Prasad Chattopadhyay and published by Gandhi Memorial Committee, West Bengal in 1996.

On 5 November 1996 I met Narayan Desai at Surat General Hospital. He was admitted there as a patient of suspected cancer in the bone of his leg. I met him there to discuss some issues relating to my studies on little Gandhi. I was highly impressed by his clarity of thought and force of conviction.

Desaiji initiated the discussion with special reference to the role of Shri Charu Choudhury, a real little Gandhi residing in Bangladesh. Chaudhury himself worked with Bino Bhave. In Bangladesh Sm. Jhama Dhar Chaudhury was a close associate of Charu Choudhury in implementing Gandhian programme of constructive work.

* Renowned Historian, formerly Head of Dept, Dept. of Modern History, University of Calcutta.

Should the Gandhian workers involve themselves actively in the politics of the country? This is the first question that I put to him. He answered, 'We are very much in politics, politics not in the sense of rajniti, but in the sense of lokaniti. We are interested in the change of mind of the people, not in the change of governments. Jayaprakash Narayan has reminded us that New Delhi is not the mainstream. The mainstream is the villages. The Lokaniti politics of the people will be able to achieve the desired goal. The average people of India is not corrupt. They are very good at heart. They hate corruption. Only leaders are corrupt.'

Gandhi himself was a transcendentalist like Emerson and Thoreau. He believed in the awakening of the individual. He was not an utilitarian. To him success and failure are immaterial. The Gandhian institutions are utilitarian. They are judged in terms of success and failure. How this dichotomy can be reconciled? This was my second submission.

Desaiji replied that the purpose of a Satyagrahi is not to win, but to win over. He knows no failure. He knows only success. He is an astik, a believer in God. A believer in God is never a pessimist. He

lives not in hope, but in faith. Gandhiji lived in faith. Faith is indestructible.

When Gandhiji spoke, intuitively. But Binoba Bhave was an acharya. He spoke in scholarly terms. Vinobaji said that Gandhian movements are not result oriented. These should be judged by the spirit of the movement itself or by that of the people involved in it.

Turning to the Gandhian institutions, it may be said that they failed to make a distinction between what is tatwa and what is tantra, between what is essential and what is incidental. He added, "I would go to the length of holding the view that Khadi is incidental and not essential. It may be important in India, but not in Siberia. Similarly, movement for eradication of untouchability is incidental, not essential. It was there. Now it has been abolished by legislation. Non-Violence and Truth are essential. The essentials are timeless."

Finally, I sought his instruction for those who are engaged in Gandhian studies. He reminded, "We must not lose one thing from our sight: The essence of Indian civilization. Gandhi is a product of Indian civilization."

আশিস নন্দীর প্রথম বাংলা বই

জাতীয়তাবাদ ও ভারতচিন্তা

জাতীয়তাবাদ সম্পর্কে রবীন্দ্রনাথের উপন্যাস ও চিন্তা, গান্ধীচিন্তা, ধর্মনিরপেক্ষতা ও সামাজিক পরম্পরা, মোসাহেবতন্ত্র, রাজনৈতিক সংস্কৃতি, হিন্দুত্ব, সত্যজিৎ রায়ের ভারত বিষয়ে মনো-সামাজিক বিশ্লেষণমূলক রচনার সংকলন। শীঘ্রই প্রকাশিত হবে।

বুকপোস্ট পাবলিকেশন

মহাত্মা গান্ধীর ফুটবল টিম

চিন্তু সেন

মহাত্মার সত্য ও অহিংসার নীতি এবং তাঁর চরিত্র মনসকে জানতে হলে তাঁর দক্ষিণ আফ্রিকার ধর্মযুদ্ধ বিষয়ক সম্বন্ধে আজ নতুন করে ভাবার সময় এসেছে। আশ্চর্যের বিষয় যে, মহাত্মা গান্ধীর দক্ষিণ আফ্রিকার বিষয়টি নিয়ে সেভাবে খুব কম আলোচনা হয়েছে।

১৮৯৩ সালের মে মাসে বিলেত ফেরত এক তরুণ ব্যারিস্টার দক্ষিণ আফ্রিকায় ভাগ্যান্বেষণে আমন্ত্রিত হয়ে পৌঁছলেন নাটালের ডারবান বন্দরে। অজানার আকর্ষণে তাঁর অন্তহীন কৌতুহল, চোখে এক স্বপ্নময় আকর্ষণ।

ডারবান জাহাজেই ভারতীয়দের প্রতি শ্বেতাঙ্গদের বৈষম্যমূলক আচরণের অভিজ্ঞতা। তাঁর পরণে ব্রিটিশ পোষাক, মাথায় টুপি বদলে ভারতীয় পাগড়ি। তাঁকে পাগড়ি খুলে ফেলতে বলা হল। ভারতীয় শিষ্টাচারের বিরোধী কাজ করতে তিনি অপারগ। তাঁর কাছে তাঁর উষ্ণীয় আত্মমর্যাদার প্রতীক। পুনরায় দেখতে পেলাম এক স্বপ্নের নায়ককে। নাটালের রাজধানী মরিংসবার্গ শহরের একটি ট্রেনের প্রথম শ্রেণীর কামরায়। একজন শ্বেতাঙ্গ যাত্রীর কথায় পুলিশের সহায়তায় তাঁকে সেই শীতের রাত্রিতে রেলওয়ে স্টেশনের প্র্যাটফর্মে নামিয়ে দেওয়া হল। ভারতীয়দের ট্রেনে প্রথমশ্রেণী কামরায় শ্বেতাঙ্গ যাত্রীর সঙ্গে চলার অধিকার নেই।

এই তরুণ পাশ্চাত্য শিক্ষায় দীক্ষিত হলেও তাঁর তরুণ মনে ভারতীয় অপমান ও মানবাত্মার ক্রন্দন তাঁর হৃদয়তন্ত্রীতে বার বার আঘাত করছে। প্রতিবাদের পথ তাঁকে খুঁজে নিতে হবে।

আরও চলচ্চিত্রের কাহিনী বাকি আছে। জুডিগাড়ীর পাদানিতে বসতে হয়েছে। গাড়োয়ানের পাশে বসতে হয়েছে। তিনি যেনে নিতে পাচ্ছেন না — ফলে সর্বজনসমক্ষে তিনি হলেন প্রহৃত। জোহনেসবার্গের

যে কোনও হোটেলে ভারতীয়দের প্রবেশ নিষিদ্ধ। শান্ত অথচ দৃঢ় এই মহামানব নীতিগত প্রশ্নে হাত গুটিয়ে বসে থাকতে পারেন না। ট্রেনে প্রথম শ্রেণীর কামরায় এক ইংরেজ যাত্রীর সহযোগিতায় প্রথম শ্রেণীতে বসার অনুমতি পেলেন। তখন রেলওয়ে গার্ড মস্তব্য করেছিলেন, 'একজন ইংরেজ যাত্রী হয়ে কুলীর সঙ্গে চলতে তার আপত্তি না থাকলে তার আর কি করার আছে।' দক্ষিণ আফ্রিকায় এই ঈশ্বরের দেবদূতের ধর্মযুদ্ধ। প্রতি মুহূর্তের অপমান লাঞ্ছনার বিষয়টিকে ভারতীয়রা দঃ আফ্রিকায় বিধাতার অভিসম্পাত বলে মনে করতেন। কারণ দরিদ্র, নিরক্ষর ভারতবাসী যারা ভাগ্যান্বেষণে চুক্তিবদ্ধ হয়ে একমুঠো অমের আশায় মাতৃভূমি থেকে চিরকালের জন্য দেশান্তরী হয়ে এই মহাদেশে এসেছিলেন তাদের মানবিক অধিকারের স্বপ্ন দেখা দুরাশা মাত্র।

'প্রাচী ধরিত্রীর বুকের থেকে
ছিনিয়ে নিয়ে গেল তোমাকে, আফ্রিকা -
..... হিংস্র থ্রালাপের মধ্যে
সেই হোক তোমার সভ্যতার শেষ পূণ্যবাণী।।'

(রবীন্দ্রনাথ, আফ্রিকা, শান্তিনিকেতন, ২৮শে মার্চ, ১৩৫৩)

ভারতীয়রা যেখানে 'কুলী' সেখানে 'কুলী ব্যারিস্টার' লোকচন্দ্রর অন্তরালে ট্রান্সভালে একটা সমিতি গঠন করলেন। তিনি যোগা করলেন ভারতীয়দের উপর অবিচার অত্যাচারের মোকাবিলার সহায়ক হবেন। পরবর্তী সংগ্রামে অহিংসার সংগ্রামের প্রাথমিক কাজ।

১৮৯৩ সালে ভারতীয় ইতিহাসে আধ্যাত্মিক অধেষবার বিজ মহাত্মা গান্ধী দঃ আফ্রিকায় রোপন করলেন।

আমার মূল প্রবন্ধের বিষয় অবতারণা করছি।

দক্ষিণ আফ্রিকায় অনাবাসী দাদা আবদাল্লা ছিলেন পোরবন্দরের মানুষ। দঃ আফ্রিকায় তার নানা ব্যবসা বাণিজ্য। এক জালিয়াতির মামলায় তিনি জড়িয়ে পড়লেন একরকম বাধ্য হয়েই ডারবানের আদালতে মামলা ঠুকে দিলেন। আদালতের হাকিম ইংরেজী ভাষা ছাড়া আর কোনও ভাষা জানেন না। ইংরেজী এবং গুজরাটি দুটো ভাষাই জানেন এমন অধিবক্তা কোথায় তিনি পাবেন। যে অধিবক্তা দুটো ভাষা না জানলে তার মামলা কেঁচে বাবেই। সাক্ষীরাও গুজরাটি ভাষা ছাড়া আর কোনও ভাষা জানেন না। আবদাল্লা তার দেশওয়ালি বন্ধুদের কাছ থেকে মোহনদাস করমচান্দ গান্ধীর সুখ্যাতি শুনে তার মামলাটি নিতে অনুরোধ করলেন।

গান্ধীজি রাজি হলেন। ১৮৯৩ সনে ডারবান কোর্টে উকিল হিসাবে মামলাটি সওয়াল করেছিলেন। অধিবক্তা হয়েও তাঁকে মূলত দোভাষীর কাজ করতে হয়েছিল কোর্টে।

এই আদালতেই দোভাষী ও ডারবানে প্রভাবশালী চেম্বাইয়ের এক খৃষ্টান পরিবারের সন্তান পল। কালো আদমি হলেও নাটালে তার প্রভাব প্রতিপত্তি কম ছিল না। মিঃ পলের সাথে মহাত্মা গান্ধীর এক নিবিড় বন্ধুত্ব হলো। বছর দশেকের মধ্যেই তিনি অর্থাৎ হেনরি পল তিনটি ফুটবল ক্লাবের প্রেট্রোন বা মাতব্বর।

এই সময়ে ভারতীয়দের বাণিজ্যের অধিকার কেড়ে নেওয়ার জন্য একটা বিল আনার তোড়জোড় চলছে। এই জাতিবিদ্বেষ দেখে মোহনদাস গান্ধী এই বিলের বিরুদ্ধে একটি কড়া প্রতিবাদপত্র লিখলেন ‘মার্কারি’ পত্রিকায়। বছর খানেকের মধ্যেই গান্ধীজির নেতৃত্বে নাটালে ভারতীয় কংগ্রেসের একটি শাখা খোলা হল। হেনরি পলের একান্ত অনুরোধেই গান্ধীজি কালো মানুষদের জন্য গড়ে তোলা ‘আফ্রিকায় প্রথম ফুটবল টিম বা সংস্থা’ ট্রান্সভাল ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন’ (টিফা) সদস্যপদ গ্রহণ করলেন।

তারপর, দঃ আফ্রিকায় আসার বছরের মধ্যেই তিনি তিনটি ফুটবল ক্লাবের সর্বময় কর্তা হয়ে উঠলেন।

ফিনিকস ফার্ম, জোহনেসবার্গের টলন্টল ফার্ম এবং প্রিটোরিয়া ফার্ম।

নাটালের ভারতীয়দের সমস্যা ও দাবিগুলি প্রকাশ্যে আনার জন্য ‘ইন্ডিয়ান ওপিনিয়ন’ পত্রিকাটি গান্ধীজির প্রথম হাতিয়ার। পত্রিকাটি ছিল মূলত ফুটবল বিষয়ে। ১৯০২ সম্পাদক ছিলেন মনসুখলাল নজর। চারটি ভাষায় প্রকাশিত হত। গোড়া থেকেই গান্ধীর এই কাগজে ফুটবলের গুরুত্ব ছিল চোখে পড়ার মত। আফ্রিকা সরকার তো দূরস্থান, তাঁর সহকর্মীরাও বুঝে উঠতে পারেনি। কিন্তু গান্ধীজির আসল উদ্দেশ্য ছিল কৌশলগত। ১৯০৪ সালের ১০ই অক্টোবর সব আড়াল ঘুচিয়ে ফুটবল হয়ে উঠল প্রকাশ্য রণনীতি। গান্ধী স্বনামে ‘অ্যান এঞ্জিন অব অপ্রেশন’ শিরোনামে এক সম্পাদকীয়তে লিখলেন, ট্রান্সভালে ভারতীয়দের যাতায়াতে বাধা দেওয়াটা দিনে দিনে সীমা ছাড়াচ্ছে। ব্রিটিশ সাম্রাজ্যের প্রজা হোক না হোক শ্বেতাঙ্গরা যাতায়াতের সবরকম সুবিধা পাবে। অথচ ভারতীয়দের বৈধ শরণার্থীর নথিপত্র থাকা সত্ত্বেও প্লেগ সংক্রামণের অঙ্কিত নাটাল, কেপটাউন, ডেলাগোয়াতে সর্বত্রই বিধিনিষেধ জারি করা হল। কিম্বালি ও ডারবানের দুটি ভারতীয় ফুটবল টিমকে আটকিয়ে দেওয়া হল। এই আটকিয়ে দেওয়াকে কেন্দ্র করে এই কালাকানুন ও দমননীতির বিরুদ্ধে গান্ধীজি গর্জে উঠলেন। গান্ধীর বুঝতে দেবী হয় নি, খেলার মাঠ চালানোর আসল লাটাইটি ধরে থাকেন ফুটবল সংস্থার মাতব্বররা। তাই গান্ধীজি দক্ষিণ আফ্রিকার ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করলেন। পরাজিত হলেন। গান্ধীজি পেয়েছিলেন দশটি (১০) ভোট। রিপক্ষে ২৩টি। কিন্তু দক্ষিণ আফ্রিকার ফুটবল প্রশাসনের একটা বড় অংশ জেনে গিয়েছিল, এই ছোটখাট মৃদুভাষী ভারতীয় ব্যারিস্টার বাবুটি তিনটি ফুটবল দল পরিচালনা করেন। ভোটে পরাজিত গান্ধীজিকে তারা অন্যতম আইনী পরামর্শদাতা হিসাবে সদস্য করে নিলেন। ১৯১২ সালে গান্ধীজি নাটালে কুলীনতম ও ঐতিহ্যময় ফুটবল

সংস্থার প্রথম ভারতীয় পেট্রন নির্বাচিত হলেন। দক্ষিণ আফ্রিকার ফুটবল প্রশাসনে সেই প্রথম প্রবেশ একজন কালী আদমীর। ২০১০ সনে দক্ষিণ আফ্রিকায় ফুটবল বিশ্বকাপের প্রতিযোগীতার প্রস্তুতিপূর্বে বার বার মহাত্মা গান্ধীর কথা বলতে বলতে নেলসন ম্যাডেল্লা আবেগপ্রবণ হয়ে পড়লেন।

গান্ধীজির পুত্র মনিলাল এবং তাঁর সত্যগ্রহ সৈনিক বন্ধু সুরেন্দ্র রাই বাপু ভাই মিলে, প্যাসিভ রেজিস্টারকে আরও দূরস্ত দল করে তোলেন।

রাজেন্দ্র শেঠি এবং এরিক ইংজকিন বলেছেন যে, গান্ধীজির ফুটবলের প্রেমপ্রীতিটা প্যাসিভ ছিল না। তখন দক্ষিণ আফ্রিকায় 'স্যাম চায়না কাপ' ফুটবলের সবচেয়ে সম্ভ্রান্ত টুর্নামেন্ট। ১৯১১ থেকে ১৯১৩ পর্যন্ত এই কাপ জয়ের লড়াইয়ে প্রথম সারিতে উঠে আসে গান্ধীজির ফুটবল টিম। গান্ধীজি নিজের দলের ফুটবল স্ট্র্যাটেজি ঠিক করার জন্য তিনি শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ ফুটবলটিমের খেলাগুলো জহরির চোখ দিয়ে দেখতেন। গ্লাসগোর মজদুরদের টিম তাঁকে আকর্ষণ করেছিল। মজদুরদের টিম বলে নয়। আফ্রিকার সবচেয়ে পুরানো ক্লাব হলো স্কটিশ ক্লাব। কুইনস পার্কে ফুটবলের কোচ কৃষ্ণাঙ্গ অল্গবয়েসি বালকদের 'একঘরানায়' অনুশীলন করাতেন।

আমাদের গান্ধীজি ফিনিঞ্জের এক প্রতিবেশী বন্ধুজন টিউবের সাথে উক্ত 'ঘরানা' বিষয়ে আলোচনা করতেন। তবে গান্ধীজি ফুটবল মাঠে নিজে অংশ নিতেন কি জানি না, তবে আমার মনে হয় গান্ধীজি নিয়মিত ফুটবল খেলতেন। ফুটবল আন্দোলনে গান্ধীজিকে দিয়েছিল এক নতুন ভাষা।

এই প্রবন্ধে আর একটি উল্লেখযোগ্য বিষয়ের অবতারণা করছি যে ঐ সময়ে ভারতের বঙ্গভূমিতে ফুটবলে এক বিপ্লব ঘটে গিয়েছিল। না হলে স্বামী বিবেকানন্দ বাংলার বিপ্লবী যুবসমাজকে বলেছিলেন যে, 'গীতাপাঠের আগে ফুটবল খেল'। ভারতের তিন উজ্জ্বল নক্ষত্র, বিশ্বকবি রবীন্দ্রনাথ (তিনিও ফুটবল প্রেমী), স্বামী বিবেকানন্দ (তিনিও ফুটবল প্রেমী), আর

আমাদের মহাত্মা গান্ধীজি।

'১৯১১ সনে কলকাতা সহ তামাম ভারতবর্ষে ফুটবল জগতে এক অভাবনীয় ঘটনা ঘটে। মোহনবাগান ক্লাব প্রথম ভারতীয় দল হিসাবে ২৯শে জুলাই শ্বেতাঙ্গদের টিম ইস্ট ইয়র্কশায়ারকে পরাজিত করে আইএফএ শিল্ড জয়লাভ করে। এই অভূতপূর্ব জয় যেন সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গদের জয়। এই জয় ব্রিটিশবিরোধী বাঙ্গালী বিপ্লবী তরুণ যুবসমাজকে উদ্দীপিত করেছিল সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আরও একটু বিষয় উল্লেখ করতে চাই। করদ মিত্র কোচবিহার রাজ্যের 'পোকার্স ইলেভেনের' সাতজন খেলোয়াড় ১৯১১'র শিল্ড জয়ী মোহনবাগান দলের হয়ে খেলেছিলেন। (মহারাজা নৃপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর ও উনিশশো এগারোর শিল্ড জয়ী মোহনবাগান ক্লাব — 'যুগের ডাক')।

'আজিকার এই বিজয়বাণী

ভুলবে না কো দেশ

সাবাস সাবাস মোহনবাগান।'

(কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায় - 'মানসী', ১৩১৮, আশ্বিন)

শতবর্ষ পূর্বে গান্ধীজির সেক্রেটারি ইহুদি কিশোরী সোনিয়া সক্রোসিন ভিকটোরিয়া টিমের সাথে দঃ আফ্রিকার রেঞ্জার্স ক্লাবের মাঠে তোলা একটি গুপ ফোটোতে দেখা যায় গান্ধীজির পাশে দাঁড়িয়ে আছেন।

গান্ধীজি তাঁর পি.এ. সোনিয়া সক্রোসিনকে প্যাসিফ রেজিস্টারের প্রশাসনিক দায়িত্ব দিয়েছিলেন। গান্ধীজি একজন মহিলাকে ফুটবল ক্লাবে নিযুক্ত করে বিপ্লব ঘটিয়েছিলেন।

তথ্য ও কৃতজ্ঞতা স্বীকার :

দঃ আফ্রিকায় ধর্মযুদ্ধ - অলকা গুপ্তা

ডঃ সুপ্রিয় মুন্সী - গান্ধী মিউজিয়াম

প্রাবন্ধিক রুপ চট্টোপাধ্যায়

ডঃ সুপ্রিয় মুন্সী সম্পাদিত 'গান্ধী চিন্তা'

ডঃ সঞ্জল বসু সম্পাদিত 'যুগের ডাক'

প্রয়াত সমাজবাদী নেতা সূভাষ ভট্টাচার্য (কোচবিহার)

গান্ধীজীর রাজনৈতিক গুরু গোপালকৃষ্ণ গোখলে

ড. বিমল কুমার শীট

শিক্ষার ক্ষেত্রে যেমন তেমন রাজনীতির ক্ষেত্রেও গুরুর উপস্থিতি পরিলক্ষিত হয়। কেউ বিদেশের কোন রাজনৈতিক ব্যক্তিত্বকে কেউবা স্বদেশের ব্যক্তিত্বকে গুরু হিসেবে মান্যতা দিয়ে থাকেন। জাতীয় জনক গান্ধীজীও তাঁর রাজনৈতিক ক্ষেত্রে গোপালকৃষ্ণ গোখলেকে রাজনৈতিক গুরু হিসেবে অভিহিত করেছেন। কি এমন ছিল গোপালকৃষ্ণ গোখলের মধ্যে যা গান্ধীজী ধরতে পেরেছিলেন। আর গোপালকৃষ্ণ গোখলেও ব্যক্তি হিসেবে কেমন ছিলেন এই সমস্ত কিছু বিষয়ে আমি আলোচনা করার চেষ্টা করব।

১৮৬৬ সালের ৯ই মে রত্নগিরি জেলার চিপলুন তালুকের কাটলুকে এক দরিদ্র চিৎপাবন ব্রাহ্মণ পরিবারে গোপালকৃষ্ণ গোখলে জন্মগ্রহণ করেন। ১৮৮৪ সালে তিনি বি.এ. পাশ করে বোম্বাইয়ে আইন মহাবিদ্যালয়ে ভর্তি হলেও এল.এল.বি. শিক্ষাক্রম শেষ করেননি। মহাদেব গোবিন্দ রানাডেকে তিনি রাজনৈতিক জীবনে গুরু বলে মানতেন। প্রখ্যাত অর্থনীতিবিদ জি. ভি. যোশী, তাঁর আদর্শ নেতা (দাদাভাই নৌরজী), ফিরোজ শাহ মেহতা প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গের দ্বারা গোখলে প্রভাবিত হয়েছিলেন। ১৮৮৯ সালে তিনি ভারতের জাতীয় কংগ্রেসের সদস্য পদ লাভ করেন। ১৮৯০ সালে তিনি পুণার সার্বজনিক সভায় সম্মানীয় সম্পাদক মনোনীত হন। এর কয়েক বছর পর ১৮৯৩ সালে গোখলে বোম্বাই প্রাদেশিক সম্মেলনে সম্পাদক হন ১৮৯৫ সালে তিলকের সঙ্গে তিনি ভারতীয় জাতীয় কংগ্রেসের যুগ্ম সম্পাদক হন। ১৮৯৯ সালে বোম্বাই আইন সংসদের সভ্য নিযুক্ত হন। Imperial Legislative Council এর সদস্যও তিনি নির্বাচিত হয়েছিলেন। ১৯০৫ সালে পুণা পৌরসভার সভাপতি হন। ১৯১৪ সালে K.C.I.E.

উপাধি দেওয়া হলে তিনি তা প্রত্যাখ্যান করেন।^১ ১৯০৫ সালে গোখলে ভারত সেবক সংঘ স্থাপন করেন। সংঘের উদ্দেশ্য ছিল জনগণকে দেশ সেবার উপযোগী করে গড়ে তোলা এবং নিয়মতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে জাতীয় উন্নতির জন্য সচেষ্ট হওয়া। তাঁর জীবন চর্চায় লুকিয়ে ছিল গভীর অধ্যাত্মবোধ। তিনি ছিলেন সম্মুখ সারির একজন সমাজ সংস্কারক। জাতিভেদ ও অস্পৃশ্যতা দূরীকরণ, নারীমুক্তি ও নারীশিক্ষার প্রবর্তন প্রভৃতি সামাজিক কাজকর্মে তাঁর অবদান ছিল যথেষ্ট। ১৮৯৭-৯৮ সালে পুণায় প্লেগ রোগাক্রান্ত মানুষের সাহায্যার্থে তিনি দুহাত বাড়িয়ে দিয়েছিলেন।^২

গোখলের ধারণায় জাতীয়তাবাদী আন্দোলনের উদ্দেশ্য ছিল ভারতীয়দের অধিকতর স্বাধিকার লাভ। যাতে তারা সংস্কারের কাজে সরকারকে সাহায্য করতে পারে এবং আলাপ আলোচনা ও নিয়মতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে ব্রিটিশ কমনওয়েলথের অধীনে একদিন স্বায়ত্ত্ব শাসন অঞ্চল বলে পরিগণিত হতে পারে। সাধারণভাবে ব্রিটিশ শাসনের প্রশংসা করলেও তিনি শাসকদের অন্যায় অবিচার ও দমনমূলক নীতির সমালোচনা করতেন। শিল্প, শিক্ষা, কৃষি প্রভৃতি বিষয়ে গোখলে বক্তব্য রাখেন। সাংবাদিকতার সঙ্গেও তিনি যুক্ত হন। এক সময় তিলকের নেতৃত্বে চরমপন্থী কার্যকলাপে বিরক্ত হয়ে ১৮৯৫ সালে তিনি নিজে 'রাষ্ট্রসভা সমাচার' নামে একটি পত্রিকা প্রকাশ করেন এবং সেটি সম্পাদনার দায়িত্ব গ্রহণ করেন।

সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিষয়ে নিজের চিন্তাধারার প্রকাশ ঘটাতে গোখলে প্রায়শই জনসভায় বক্তৃতা করতেন। তাঁর বিখ্যাত বক্তৃতাগুলির মধ্যে অন্যতম হল ১৮৯০ সালে কংগ্রেসের

* ইতিহাস গবেষক। প্রকাশিত গ্রন্থ 'বীরেন্দ্রনাথ শাসনালয় এ্যান্ড ন্যাশানালিষ্ট মুভমেন্ট'।

কোলকাতা সম্মেলনে লবণ শুল্ক হ্রাস বক্তৃতা, ১৯০৫ সালে বারানসী সম্মেলনে সভাপতির ভাষণ, ১৯০৭ সালে ৯ই ফেব্রুয়ারী লক্ষ্ণৌতে স্বদেশী আন্দোলন শীর্ষক দ্বিতীয় বক্তৃতা প্রভৃতি। আরও বহু বিষয়ে তিনি বক্তব্য রেখেছেন। শক্তিমূলক হিসাবে কংগ্রেসের মধ্যে বিশেষ সম্মানের অধিকারী ছিলেন তিনি। ১৮৯২-১৯০৮ সালের মধ্যে Imperial Legislative Council-এ প্রদত্ত বহু ভাষণের মধ্যে বাৎসরিক বাজেট সম্পর্কিত তাঁর বক্তৃতাগুলি স্মরণযোগ্য। ১৯০৮ সালে রাজস্ব জনগণের নৈতিক ও বস্তুগত উন্নতি সাধনে ব্যয় করার জন্য সরকারকে ঐকান্তিক আবেদন তিনি জানান। ১৯০৮-১৩ সাল পর্যন্ত অর্থবিভাগের সদস্য স্যার গাই ফ্লিটউড উইলসন বলেন, তিনি কেবল গোখলেকেই ভয় পেতেন। গোখলে যেন ভারতের গ্ল্যাডস্টোন। তিনি গোখলেকে বিরোধী দলের নেতা বলে চিহ্নিত করেন।*

গোখলে সরকারী বায়ে ইংল্যান্ডে যান বহবার। ওয়েলবি কমিশনের সঙ্গী হয়ে তিনি প্রথম ইংল্যান্ডে যান ১৮৯৭। ভারতের অর্থনীতি বিষয়ে বিশ্লেষণাত্মক বিবরণ, সাংবিধানিক বিষয়ে ব্যাখ্যা, সামরিক খাতে ব্যয় এবং ভারতীয়দের বঞ্চিত করে ইউরোপীয়দের স্বার্থে গৃহীত ব্যবস্থাদি এবং উচ্চপদে ভারতীয়দের নিয়োগ বন্ধ করার সরকারী সিদ্ধান্ত প্রভৃতি বিষয়ে জোরালো বক্তৃতা রেখে তিনি ভারতের ইতিহাসে নজির সৃষ্টি করেন। ১৯০৫ সালে বোম্বাইয়ের প্রতিনিধি হিসাবে তিনি ইংল্যান্ডে যান ১৯০৪ সালের কংগ্রেসের প্রস্তাবিত বিষয় সমূহ ব্রিটিশ জনসাধারণের গোচরে আনতে, কারণ সেটি ছিল ইংল্যান্ডে সাধারণ নির্বাচনের সময়।

ভারতে শাসন সংস্কারের জন্য ব্রিটেনে সংসদের উভয় কক্ষের কাছে আবেদন জানাতে গোখলে পরবর্তী কালে ইংল্যান্ড যাত্রা করেন। মর্লে মিস্টো সংস্কার বিষয়ে আলোচনার জন্য তাঁর চতুর্থবার ইংল্যান্ড ভ্রমণ। তাঁর পঞ্চম, ষষ্ঠ ও সপ্তমবার ইংল্যান্ড যাত্রা ছিল Public Service Commission সংক্রান্ত বিষয়ের প্রয়োজনে।* গোখলের এ সমস্ত কর্মকলাপ

গান্ধীজীর দৃষ্টি এড়িয়ে যায়নি। এ হেন গোখলের প্রভাব গান্ধীজীর ওপর পড়া ছিল স্বাভাবিক। এর পরবর্তী আরো অনেক ঘটনা গান্ধীজীকে মুগ্ধ করেছিল।

১৮৯৬ সালে দক্ষিণ আফ্রিকায় তিন বছর কাটানোর পর গান্ধীজী ৬ মাসের জন্য ভারতে আসেন। ভারতে স্বল্পকালের অবস্থানের সময় তিনি দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের অত্যাচার দেশবাসীর কাছে তুলে ধরেন। তিনি বোম্বাই থেকে পুণায় যান এবং সেখানে লোকমান্য তিলকের সঙ্গে দেখা করেন। তারপর তিনি গোখলের কাছে যান। গোখলে তখন ফার্স্টন কলেজে ছিলেন। এ সম্পর্কে গান্ধীজী তাঁর আত্মকথায় লেখেন — “গোখলে আমাকে খুব আদরের সঙ্গে গ্রহণ করিলেন ও আপনার লোক করিয়া লইলেন। তাঁহার সঙ্গেও আমার প্রথম পরিচয়। কিন্তু কি জানি কেন, আমার মনে হইল এই পরিচয় যেন কতকালের। স্যার ফিরোজশাহকে আমার হিমালয়ের মত লাগিয়াছিল। আর লোকমান্যকে সমুদ্রের মত, গোখলেকে দেখিলাম গঙ্গার ন্যায়। উহাতে স্নান করা যায়। হিমালয়ে চড়া যায় না, সমুদ্রে ডুবিয়া যাইবার ভয় আছে, কিন্তু গঙ্গার কোলে খেলা করা যায়, ডিঙি লইয়া পার পাওয়া যায়। গোখলে আমাকে খুব ভালো করিয়া দেখিয়া লইলেন, যেন কোন ছাত্র স্কুলে ভর্তি হইতে আসিয়াছে। কাহার কাহার সহিত দেখা করিব, কেমন করিয়া দেখা করিব, তাহা বলিয়া দিলেন ও আমার বক্তৃতা দেখিতে চাহিলেন। রাজনীতি ক্ষেত্রে গোখলে জীবিত কালে আমার হৃদয়ে যে স্থান অধিকার করিয়াছিলেন এবং দেহান্তের পর আজও যে আসন অধিকার করিতেছে, সে স্থান আর কেউ পান নাই।”*

এরপর গান্ধীজী ঐ বৎসর ১৮৯৬ ডিসেম্বরে স্ত্রী-পুত্র সহ আফ্রিকায় ফিরে যান। পরে ১৯০১ সালের নভেম্বরে গান্ধীজী সপরিবারে নাটাল ত্যাগ করেন। নাটালে অবস্থানরত ভারতীয়দের পক্ষে বিপুল সংবর্ধনা দেওয়া হয়। ১৯শে ডিসেম্বর তিনি বোম্বাই পৌছন। ঐ বৎসর ডিসেম্বর মাসে (১৯০১) কোলকাতায় জাতীয় কংগ্রেসের বার্ষিক অধিবেশন বসে। সভাপতি

হন দীনশা এদুলজী। গান্ধীজী কোলকাতায় এ অধিবেশনে যাওয়া স্থির করলেন। এবং এটাই ছিল তাঁর প্রথম কংগ্রেস অভিজ্ঞতা। যে গাড়ীতে বোম্বাই হতে ফিরোজশা মেহতা কোলকাতা যাচ্ছিলেন গান্ধীজীও সেই গাড়ীতে যাচ্ছিলেন। তাঁর উদ্দেশ্য ছিল দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের সমস্যা তুলে ধরা। গান্ধীজীকে দেখে স্যার ফিরোজশা মেহতা বলেছিলেন, “গান্ধী তোমার কাজ হইবে না। তুমি যে প্রকার বলিতেছ সে প্রকার প্রস্তাব অবশ্য আমরা পাস করিয়া দিব। কিন্তু আমাদের দেশেই আমাদের কোন্‌ ন্যায়া পাওনা মিলে? আমিও বুঝি যে, আমাদের দেশেই আমাদের কর্তৃত্ব যতদিন হয় ততদিন উপনিবেশে আমাদের অবস্থা বদলাইতে পারে না”।*

কংগ্রেস অধিবেশন আরম্ভ হল গান্ধীজীপূর্ণ পরিবেশে। মঞ্চের উপর রাজনৈতিক ব্যক্তিত্বদের দেখে গান্ধীজী অভিভূত হলেন এবং এই অধিবেশনে তাঁর স্থান কোথায়, ভেবে সঙ্কুচিত হলেন। বিষয় নির্বাচনী সভায় গোথলে গান্ধীজীকে নিয়ে গেলেন। ফিরোজশা তাঁর প্রস্তাব গ্রহণ করতে সম্মত হলেন। গান্ধীজীর প্রস্তাব গোথলে দেখে তাঁর সম্মতি জানিয়ে ছিলেন এবং এ ব্যাপারে ফিরোজশাহকে কিছু বলতে বললেন। অবশেষে গান্ধীজি বক্তব্য রাখলেন, তাঁর প্রস্তাব গৃহীত হল। এ ব্যাপারে গোথলের ভূমিকা ছিল উল্লেখ্য। এবং কোলকাতায় মান্যগন্য ব্যক্তিদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার ক্ষেত্রেও গোথলের ভূমিকা ছিল। গান্ধীজি কোলকাতায় প্রায় একমাস ছিলেন গোথলের সঙ্গে। এ প্রসঙ্গে গান্ধীজি বলেন, “প্রথম দিন হইতেই আমাকে গোথলে অতিথি হইয়া থাকিতে দেন নাই। আমি যেন তাঁহার ছোট ভাই এমনি ভাবে রাখিয়া ছিলেন। আমার কি কি দরকার তাহা জানিয়া লইয়া ছিলেন ও যাহাতে সে সমস্ত পাই তাহার ব্যবস্থা করিয়া ছিলেন।”।* গান্ধীজির কাছে গোথলের কোন কিছু গোপনীয় ছিল না। যখনই কোন বিশেষ ব্যক্তি তাঁর কাছে আসতেন তখন তিনি তাঁকে গান্ধীজির সঙ্গে পরিচয় করিয়ে দিতেন। প্রফুল্লচন্দ্র রায় গোথলের বাড়ির কাছে থাকতেন এবং প্রায়ই তিনি গোথলের

কাছে আসতেন। গোথলে এই বলে প্রফুল্লচন্দ্র রায়ের কাছে গান্ধীজির পরিচয় করিয়ে দিয়েছিলেন, “ইনিই প্রফেসর রায়, যিনি মাসে আটশত টাকা উপার্জন করিয়াও নিজের জন্য মাত্র ৪০ টাকা রাখিয়া বাকি সমস্তই জনসেবায় দান করেন। ইনি বিবাহ করেন নাই, করিবেনও না।”।* গোথলে ও প্রফুল্লচন্দ্র রায়ের কথপোকথন শুনে গান্ধীজি অভিভূত হয়ে যেতেন। গোথলের মধ্যে গান্ধীজী তাঁর আদর্শ নেতা খুঁজে পেয়েছিলেন। অন্য কাউকে মহা মহা বোদ্ধা বলে গান্ধীজি ভাবলেও গোথলের কাছে তাঁরা ভারী ছোট দেখাচ্ছিল।

গোথলের সম্পর্কে গান্ধীজি বলেছেন, “গোথলের কার্যপদ্ধতি দেখিয়া আমার যেমন আনন্দ হইত তেমনি শিক্ষালাভও হইত। তিনি এক মুহূর্তও নষ্ট হইতে দিতেন না। তাঁহার সমস্ত কাজই দেশের সেবার জন্য দেখিলাম। সকল কথাই তাঁহার দেশের কথা। তাঁহার কথাতে মলিনতা, দত্ত অথবা মিথ্যার স্পর্শ ছিল না। কথায় কথায় রাণাডের প্রতি তাঁহার পূজার ভাব ফুটিয়া উঠিত।”*

গান্ধীজি প্রতিটি ক্ষেত্রে গোথলেকে পরখ করে নিতেন। গোথলে বোড়ার গাড়ি রাখলে গান্ধীজি বলেন কেন তিনি সব সময় ট্রামে যান না? এতে কি নেতাদের প্রতিষ্ঠা কমে? গোথলে কতকটা দুঃখিত হয়ে উত্তর দিয়েছিলেন — “তুমি আমাকে বুঝিতে পারিলে না? কাউলিল হইতে যে অর্থ পাই তাহা আমার নিজের জন্য ব্যবহার করি না। তোমার ট্রাম চড়া দেখিয়া আমার হিংসা হয়। আমার উহা করার যো নাই। তুমিও যখন আমার মত পরিচিত হইয়া পড়িবে, তখন তোমারও ট্রামে চলা সম্ভব হইবে না, অসুবিধা হইবে। নেতারা যাহা করেন তাহা যে ভোগ করার জন্য করেন একথা মনে করার কোন কারণ নাই। তোমার সরল জীবন যাত্রা আমার ভালো লাগে। আমি যতটা পারি সাধাসিধা ধরণে থাকি। কিন্তু আমাদের মত লোকের কতকগুলি খরচ অনিবার্য”।*।*

গান্ধীজি কোলকাতায় গোথলের ছায়ার নীচে থেকে কাজ করলেও পি.সি.রায়, কালীচরণ ব্যানার্জী, রাজা

দ্যার প্যারীমোহন মুখার্জী, জাস্টিস মিত্র সহ বহু রাজনৈতিক ব্যক্তিত্বের সঙ্গে আলাপ-আলোচনায় মিলিত হন এবং অনেক সভা সমাবেশে অংশ নেন। কিন্তু প্রতিটি ক্ষেত্রে গোখলের প্রতি গান্ধীজির বিশ্লেষণ ছিল অন্য রকমের। গোখলের সঙ্গী বলে বাংলাদেশে গান্ধীজির সুবিধা হয়েছিল এবং অগ্রগণ্য পরিবার সমূহের সংস্পর্শে আসা সম্ভব হয়েছিল। সেই সাথে বাংলার সাথে গান্ধীজির সম্পর্ক ঘনিষ্ঠ হয়েছিল বলে গান্ধীজী নিজে স্বীকার করেছেন। তৎকালীন ভারতের রাজনীতির অন্যতম ভরকেন্দ্র ছিল বাংলা এবং তার রাজধানী কোলকাতা। তাই গান্ধীজির বাংলাদেশ সফর অনেক সুদূরপ্রসারী ছিল।

কলকাতায় গান্ধীজির কাজ শেষ হওয়ার পর তৃতীয় শ্রেণিতে ভারতবর্ষের বিভিন্ন স্থানে ঘুরে এই শ্রেণির যাত্রীদের দুঃখের কথা জানতে ইচ্ছা হয়। গোখলে প্রথমে গান্ধীজীর এই ইচ্ছা হেসে উড়িয়ে দিলেও পরক্ষণে প্রস্তাবে সম্মতি দেন এবং এই ভ্রমণের জন্য গোখলে গান্ধীজীকে একটি পেতলের কৌটায় লাড্ডু ভর্তি করে দেন। যাত্রার দিন হাওড়া স্টেশনে গোখলে ও পি. সি. রায় গান্ধীজীকে গাড়িতে তুলে দিতে আসেন। গান্ধীজী অবশ্য ওই দুজনকে স্টেশনে না আসার জন্য অনুরোধ করেছিলেন।

১৯০৫ সালে গোখলে ভারত সেবক সংঘ স্থাপন করেন। সংঘের উদ্দেশ্য ছিল জনগণকে দেশসেবার উপযোগী করে গড়ে তোলার এবং নিয়মতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে জাতীর উন্নতির জন্য সচেষ্ট হওয়া। গোখলের এই প্রয়াসকে গান্ধীজী বিশেষ প্রশংসা করেন। সে কারণে তিনি গোখলের প্রতি আনুগত্য প্রকাশ করেন। ওই বৎসর ১৩ই জানুয়ারী 'ইণ্ডিয়ান ওপিনিয়ান' এর সাহায্যের জন্য গোখলেকে চিঠি লেখেন। এবং সেখানে একটি বিদ্যালয় ও স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার কথাও পত্র গোখলেকে জানান। ১৯০৭ সালে ট্রান্সভালে অপমানকর 'ব্লাক অর্ডিন্যান্স' হুলাই মাসের শেষ দিকে চালু হয়। এর প্রতিবাদে ভারতীয়রা প্রিটোরিয়ার মসজিদ ময়দানে জড়ো হয়ে নন্দিত পত্র গ্রহণ না করার প্রতিজ্ঞা নেন। গান্ধীজীর

ডাকে সাড়া দেওয়ার ফলে ট্রান্সভালে বসবাসকারী ভারতীয়দের তেরো হাজারের মধ্যে মাত্র পাঁচশো লোক নাম নথিভুক্ত করেন। গান্ধীজীর নৈতিক সংগ্রামের জয় হয়। সরকারও প্রতিজ্ঞায় অটল থাকে। নাম নথিভুক্ত করণের শেষ দিন ছিল ৩১শে জুলাই। প্রিটোরিয়ার মসজিদে এক জনসভায় প্রথম সত্যাগ্রহের ঘোষণা করেন গান্ধীজী। এই ঘটনার জন্য গান্ধীজীকে গোখলে এক উৎসাহ প্রদানকারী তার প্রদান করেন। বিশেষ উল্লেখযোগ্য যে, অন্য কোনো নেতা কিন্তু গান্ধীজীকে তার করেননি।^{১১}

১৯১০ সালে দক্ষিণ আফ্রিকায় গান্ধীজীর আন্দোলনকে শক্তিশালী রূপ দিতে রতন টাটা ২৫০০০ টাকা প্রেরণ করেন। আগা খানও ভারতীয়দের ত্রাণ তহবিলে সাহায্য পাঠান। ২৫শে এপ্রিল গান্ধীজী দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের অধিকার রক্ষার সংগ্রামে বিস্তারিত ঘটনা জানিয়ে গোখলেকে চিঠি লেখেন। সেই সাথে অন্যান্য নেতাদের অনুরোধ করেছিলেন তারা যেন দক্ষিণ আফ্রিকায় এসে দেখানকার ভারতীয়দের অবস্থা সরেজমিনে দেখেন। কিন্তু সত্য সত্যই কেউ আসবেন কিনা সে বিষয়ে গান্ধীজীর মনে সন্দেহ ছিল। কিন্তু শ্রীযুক্ত রিচু চেয়েছিলেন যে কোন ভারতীয় নেতা যেন দক্ষিণ আফ্রিকার উপমহাদেশ পরিদর্শন করেন। ওই সময় আন্দোলনের মন্দা পড়েছিল। ১৯১১ সালে গোখলে বিলেতে ছিলেন। তিনি দক্ষিণ আফ্রিকার লুডাই ভালো করে অধ্যয়ন করেছিলেন। দিল্লী বিধান পরিষদে তিনি এই সমস্যা নিয়ে বিতর্কের সূত্রপাত করেছিলেন। এবং ১৯১০ সালে ২৫শে ফেব্রুয়ারী উক্ত পরিষদে নাটালে গিরমিটিয়া পাঠানো বন্ধ করার জন্য এক আইন প্রণয়নের প্রস্তাবও করেছিলেন। উহা পাসও হয়েছিল।^{১২} গোখলের সঙ্গে গান্ধীজীর প্রতিনিয়ত পত্র আদান প্রদানও চলত। অবশেষে ভারত সচিবের সঙ্গে গোখলে আলোচনা করলেন এবং দক্ষিণ আফ্রিকায় এসে সমস্ত বিষয়ে প্রত্যক্ষভাবে জেনে নেওয়ার ইচ্ছাও তিনি সচিবকে জানান। এরপর ভারত সচিব তাঁর প্রস্তাবও অনুমোদন করেন। গোখলের ছয় সপ্তাহ দক্ষিণ

আফ্রিকায় সফরের ব্যবস্থা করতে গান্ধীজীকে লিখলেন এবং দক্ষিণ আফ্রিকা ত্যাগ করার সর্বশেষ তারিখও গান্ধীজীকে জানিয়ে দিলেন।

গান্ধীজীর জীবনে অন্যান্য নেতাদের অপেক্ষা গোখলের প্রভাব বেশী ছিল কারণ দক্ষিণ আফ্রিকায় সত্যগ্রহ সমগ্র বিশ্বে এক নতুন পথের সন্ধান দিয়েছিল সেই ঘটনা গোখলে ছাড়া অন্য কোনো ভারতীয় নেতার দৃষ্টি আকর্ষণ করতে পারেনি। কোনো ভারতীয় নেতাই দক্ষিণ আফ্রিকা কেন ভারতের বাইরে কোথাও সেখানে বসতি স্থাপনকারী ভারতবাসীদের অবস্থা অনুসন্ধান করার জন্য যাননি। গোখলের যাত্রা উপলক্ষে তাঁকে সম্বর্ধনা দেওয়ার জন্য গান্ধীজী এবং তাঁর সহযোগিরা বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছিলেন। প্রধান প্রধান রেল স্টেশনগুলিকে সাজানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। এবং অধিকাংশ ক্ষেত্রেই কর্তৃপক্ষ অনুমতি দিয়েছিলেন। প্রবেশদ্বার স্বরূপ জোহান্সবার্গের রেলওয়ে স্টেশন সাজাতে ১৫ দিন লেগেছিল। সেখানে শ্রীযুক্ত কোলেন বেকের নক্সা অনুসারে কারুকার্য খচিত এক সুন্দর তোরণ প্রস্তুত করা হয়েছিল।

দক্ষিণ আফ্রিকা যে কেমন জায়গা তার পূর্বভাষ গোখলে বিলেতে পেয়েছিলেন। ভারত সচিব দক্ষিণ আফ্রিকার সরকারকে গোখলের উচ্চ মর্যাদা ও সাম্রাজ্যে তাঁর স্থান ইত্যাদি সম্বন্ধে জানিয়েছিলেন। স্টিমারের কাণ্ডানের নিকটও গোখলেকে স্বাগত জানাবার নির্দেশ ছিল। সেইজন্য এই সমুদ্র যাত্রাকাল গোখলের শান্তি ও আনন্দে কেটেছিল। ইউনিয়ন সরকার প্রিটোরিয়াতে থাকাকালীন গোখলেকে তাঁদের অতিথি হতে ও সরকারী সেলুন ব্যবহারের সম্মত হওয়ার জন্য অনুরোধ করেছিলেন। এ সম্বন্ধে গান্ধীজীর সঙ্গে পরামর্শ করে এই নিমন্ত্রণ তিনি গ্রহণ করেছিলেন।^{১০}

১৯১২ সালে ২২শে অক্টোবর গোখলে কেপটাউন বন্দরে নামলেন। সফরসূচির পরিবর্তন সম্ভব না হলে শরীরের দিকে না তাকিয়েই গোখলে মূল কর্মসূচী অনুসারে সমস্ত জায়গা সফর করতে প্রস্তুত ছিলেন।

ত্রমণকালে তাঁর সচিবের কাজ গান্ধীজীই করেছিলেন। কেপটাউনের সভায় সিনেটর ডব্লু. পি. শাইনার সভাপতিত্ব করেন। তিনি মিষ্টি বাক্যে গোখলেকে অভ্যর্থনা করলেন এবং দক্ষিণ আফ্রিকাবাসী ভারতীয়দের জন্য সমবেদনা প্রকাশ করেন। গোখলে সংক্ষেপে যে বক্তৃতা দিলেন তা জ্ঞানে সমৃদ্ধ, যুক্তিপূর্ণ, দৃঢ়তাব্যঞ্জক অথচ বিনয়পূর্ণ হয়েছিল। এতে ভারতীয়রা সন্তুষ্ট এবং গোরার অভিভূত হয়েছিল।^{১১} এরপর গোখলে জোহান্সবার্গ গেলেন। সেখানে কয়েকজন নামজাদা গৃহস্থের বাড়ীতে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করবার জন্য গোখলেকে নিয়ে যাওয়া হয়। শ্বেতাঙ্গদের বক্তব্য গোখলে যাতে ভালো করে বুঝতে পারেন সেইজন্য বিশিষ্ট ইউরোপীয়দের নিয়ে পৃথক এক সভার আয়োজন করা হয়েছিল। এছাড়া গোখলের সম্মানার্থে এক বড় ভোজ দেওয়া হয়। তাতে ৪০০ জন লোক নিমন্ত্রিত হয়েছিলেন। তারমধ্যে ১৫০ জন গোরা। এই ভোজ সভায় গোখলে যে বক্তৃতা দিয়েছিলেন, তা দক্ষিণ আফ্রিকায় অন্য সকল বক্তৃতা অপেক্ষা দীর্ঘ এবং সর্বাপেক্ষা মহত্বপূর্ণ হয়েছিল। এই বক্তৃতা তৈরী করার জন্য তিনি গান্ধীজীর কাছ থেকে সমস্ত কথা খুব ভালো করে জেনেছিলেন। গোখলে ঘোষণা করেন যে, তাঁর সমগ্র জীবনের অভ্যাস হল স্থানীয় লোকের দৃষ্টিকোণ অগ্রাহ্য না করা এবং তাঁর ক্ষমতায় যতটা সম্ভব স্থানীয় লোকদের দৃষ্টিভঙ্গী গ্রহণ করা। জোহান্সবার্গে কেবল ভারতীয়দের জনসভায় গোখলে গান্ধীজীর অনুরোধে মারাঠাতে ভাষণ দিয়েছিলেন এবং গান্ধীজী নিজে দোভাষীর কাজ করেছিলেন (হিন্দীতে)।^{১২}

জোহান্সবার্গ থেকে নাটাল এবং সেখান থেকে গোখলে প্রিটোরিয়া গেলেন। সেখানে ইউনিয়ন সরকার তাঁকে ট্রান্সভাল হোটলে রাখার ব্যবস্থা করেছিলেন। এখানে বোথা ও জেনারেল স্মার্ট সহ ইউনিয়ন সরকারের অন্যান্য মন্ত্রীদের সঙ্গে গোখলের দেখা করার কথা। তাই তিনি গান্ধীজীর সঙ্গে আলোচনা করে সবকিছু জেনেছিলেন। এ প্রসঙ্গে গান্ধীজী বলেন, “কিন্তু গোখলের স্বরণশক্তি যেমন তীক্ষ্ণ ছিল, তাঁহার পরিশ্রম করার ক্ষমতাও তেমনি অসাধারণ ছিল। সারা

রাত্রি নিজে জাগিলেন এবং আর সকলকেও জাগাইয়া রাখিলেন। প্রতিটি বিষয় বুঝিয়া লাইলেন এবং নিজে ঠিক মতো বুঝিয়াছেন কিনা তাহা দেখার জন্য আমরাদিগকে বলিয়া শুনাইলেন। অবশেষে তিনি সন্তুষ্ট হইলেন। আমার মনে অবশ্য কখনও ভয় ছিলনা।”^{১১০} প্রায় দু’ঘন্টা ধরে মন্ত্রীমণ্ডলীর সঙ্গে গোখলের আলোচনা হল। ফিরে এসে তিনি গান্ধীজীকে বললেন, “তোমাকে এক বৎসরের মধ্যে ভারতবর্ষে ফিরিয়া আসিতে হইবে। সকল বিষয়ে মীমাংসা হইয়া গিয়াছে। ‘কালাকানুন’ রদ হইবে। তিন পাউণ্ড কর রদ হইবে।”^{১১১} গান্ধীজী গোখলের বক্তব্যে সন্দেহ প্রকাশ করলেন। গোখলে পুনরায় বললেন “আমি যাহা বলিলাম উহা হইবেই। জেনারেল বোথ আমাকে কথা দিয়াছেন যে কাল কানুন রদ করা হইবে। এবং তিন পাউণ্ড কর উঠাইয়া দেওয়া হইবে। তোমাকে আরো মাসের মধ্যেই ভারতবর্ষে ফিরিতে হইবে। আমি তোমার কোন অজুহাতই কান দিব না।”^{১১২} গোখলে নাটাল ভ্রমণের সময় ভারবান, মরিৎস্বর্গ প্রভৃতি স্থানে বহু শ্বেতাঙ্গের সংস্পর্শে এসেছিলেন। ভারবানের অভ্যর্থনা সমিতির তরফে ভোজের ব্যবস্থা করা হয়েছিল। এইভাবে ভারতীয় ও গোরাদের মন হরণ করে ১৯১২ সালের ১৭ই নভেম্বর গোখলে দক্ষিণ আফ্রিকা হতে রওনা হন। তাঁর ইচ্ছা অনুসারে গান্ধীজী ও কলেনবেক তাঁকে জাঞ্জীবার পর্যন্ত পৌঁছে দিতে গিয়েছিলেন। স্টীমারে গান্ধীজী ও অন্যান্যদের কথার বিষয় ছিল কেবল ভারতবর্ষ, অথবা মাতৃভূমির প্রতি কর্তব্য। গোখলের প্রতিটি কথায় তাঁর কোমল হৃদয় সত্যপরায়ণতা ও স্বদেশ প্রীতি ফুটে উঠতো।

স্টীমারে গান্ধীজীর মন খুলে কথাবার্তা বলার মতো যথেষ্ট অবকাশ হয়েছিল। “ভারতবর্ষের প্রত্যেক নেতার চরিত্র বিশ্লেষণ করিয়া তিনি আমাকে বুঝাইয়া দিয়াছিলেন। সেই বিশ্লেষণ এত নিখুঁত ছিল যে ওই সকল নেতাদের সহিত পরিচয়ের পর তাঁহার বিশ্লেষণের সহিত আমার প্রত্যক্ষ অভিজ্ঞতার কোন তফাৎ দেখিতে পাই নাই।”^{১১৩} গোখলে বোধ হয় গান্ধীজীর মধ্যে ভবিষ্যতে ভারতে রাজনৈতিক

আন্দোলন নেতৃত্ব দেওয়ার ক্ষমতার আভাস পেয়েছিলেন। তাইতো তিনি গান্ধীজীকে বার বার ভারতে ফিরে আসার কথা বলেছিলেন।

গোখলের দক্ষিণ আফ্রিকার সফরও বিশেষ তাৎপর্যপূর্ণ ছিল। তিনি দক্ষিণ আফ্রিকার ভারতীয় সমস্যার একজন বিশেষজ্ঞ বলে পরিগণিত হন। এবং সেইসাথে দক্ষিণ আফ্রিকার ভারতীয়দের সম্বন্ধে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতার জন্য দক্ষিণ আফ্রিকা সম্বন্ধিত অভিমতের মূল্য বেড়ে গেল। এ ব্যাপারে ভারতবর্ষের কি করা উচিত তা তিনি ভালো করে বুঝতে পারলেন। এবং ভারতবাসীকে বুঝবার শক্তিশাল্য করলেন। পরে যখন আন্দোলন আবার তীব্রভাবে আরম্ভ হল তখন ভারতবর্ষ থেকে সত্যাগ্রহ ভাণ্ডারে প্রচুর অর্থ দেওয়া হয়েছিল। এবং লর্ড হার্ডিঞ্জ ও সত্যাগ্রহীর প্রতি ‘গভীর ও উদগ্র’ সহানুভূতি জানিয়ে তাদের উৎসাহিত করেছিলেন। ভারতবর্ষ থেকে শ্রীযুক্ত এন্ড্রুজ ও শ্রীযুক্ত পিয়ারসন দক্ষিণ আফ্রিকায় এসেছিলেন। গোখলে না এলে এ সমস্ত কিছু ঘটত না।

কিন্তু জেনারেল স্মার্টস প্রতিশ্রুতি ভঙ্গ করেন। এই প্রতিশ্রুতি ভঙ্গের কথা গান্ধীজী গোখলেকে লেখেন। সেইসাথে তিনি গোখলেকে উৎকণ্ঠিত হতে নিষেধ করেন। এবং ভারতবর্ষ হতে টাকা তুলতে বারণ করেন। গোখলে এর কড়া জবাব দিলেন। তিনি বলেন “দক্ষিণ আফ্রিকায় তোমার দায়িত্ব কি তুমি যেমন বোঝ, ভারতবর্ষে আমাদের কি কর্তব্য আমরা তেমনি তাহা বুঝি। আমাদের কি করা উচিত বা উচিত নহে সে কথা তোমাকে বলিতে দিব না। আমি কেবল দক্ষিণ আফ্রিকার অবস্থার কথা জানিতে চাইয়াছিলাম আমাদের কি করা উচিত সে পরামর্শ চাইনা”^{১১৪}। গান্ধীজী কিন্তু দক্ষিণ আফ্রিকার আন্দোলনের প্রতিটি ঘটনা গোখলেকে জানাতেন। একবার প্রায় একশত পাউণ্ড খরচ করে গোখলেকে এক দীর্ঘ তার বার্তা পাঠিয়েছিলেন।

১৯১৪ সালে ১লা জানুয়ারী গান্ধীজী সত্যাগ্রহ সম্পর্কে নতুন করে প্রচার আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করেন। ২১শে জানুয়ারী সরকার সমস্যা সমাধানের

জন্য ভারত বিদেষী বেশ কয়েকজন সদস্য নিয়ে একটি কমিশন গঠন করেন। ভারতীয়রা সেই কমিশন বয়কট করে। তা সত্ত্বেও ভারতীয়দের জয় হয় যার ফলে ভারতীয়দের সমস্ত দাবী অর্জিত হয়। এরপর গান্ধীজী স্ত্রী কস্তুরাবাইকে সঙ্গে নিয়ে গোখলের সঙ্গে সান্দ্রাতের জন্য ইংল্যান্ড গমন করেন এবং ৬ই আগস্ট লণ্ডনে পৌঁছান। গান্ধীজী এ প্রসঙ্গে বলেন “হরিষ-বিষাদ মণ্ডিত অন্তরে আমি ১৯১৪ সালের ৮ই জুলাই ইংল্যান্ড রওনা হইলাম। উদ্দেশ্য গোখলের নেতৃত্বে দেশের সেবা করার সুযোগ পাইবো। দুঃখ এই জন্য যে আমার জীবনের দীর্ঘ ২১ বৎসর দক্ষিণ আফ্রিকায় মানবীয় অভিজ্ঞতার মধুর ও তৃপ্ত স্বাদ লাভ করিয়াছি এবং সেদেশে আমার জীবনের উদ্দেশ্য উপলব্ধি করিয়াছি।” ১৯ শে ডিসেম্বর স্ত্রী সহ গান্ধীজী ভারতের উদ্দেশ্যে রওনা হন। এবং ১৯১৫ সালের ৯ই জানুয়ারী তিনি ভারতের বোম্বাই বন্দরে পৌঁছান। ১৩ই জানুয়ারী গোখলে তাঁর উদ্দেশ্যে এক ভোক্তসভা দেন। এর পূর্বে বোম্বাই পৌঁছানো মাত্রই গোখলে গান্ধীজীকে সংবাদ দিলেন যে গভর্নর তাঁর সঙ্গে দেখা করতে চায়। গান্ধীজী গভর্নর লর্ড উইলিংডনের সঙ্গে দেখা করেন।

বোম্বাই থেকে পুনরায় গান্ধীজী গেলে গোখলে ও সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটির সদসারা তাঁকে এক গভীর ভালোবাসার ধারায় অভিষিক্ত করলেন। সেই সাথে গান্ধীজীকে সোসাইটির সভ্য হতে অনুরোধ করলেন। গান্ধীজী বললেন সোসাইটির সভ্য হই আর না হই, আমার এক আশ্রম স্থাপন করিয়া ফিনিঞ্জের সঙ্গীদল সহ সেখানে বসিয়া যাইতে হইবে। গুজরাতি বলিয়া গুজরাটের ভিতর দিয়াই সেবা করা উচিত মনে করি। এইজন্যই গুজরাটে কোথাও বসিবার ইচ্ছা হইতেছে। গান্ধীজীর এই প্রস্তাব গোখলের ভালো লাগল। তিনি গান্ধীজীকেও সব দিক দিয়ে সাহায্য করার আশ্বাস দেন। এবং ডাক্তার দেবকে ডেকে বলে

দেন, “গান্ধীজীর হিসাব আমাদের খাতায় তুলিয়া নি। তাঁহার আশ্রমের জন্য ও সাধারণের সেবার জন্য যে ব্যয় লাগে তাহা আপনি দিতে থাকিবেন।” গান্ধীজীর পুণা তাগ করে শান্তিনিকেতনে যাওয়ার শেখের দিনের রাতে গোখলে তাঁর নিজের যে সকল বন্ধুর গান্ধীজীকে ভালো লাগে তাঁদের নিয়ে একটি পার্টি দিলেন। এবং গান্ধীজীর পছন্দ মত মেওয়া ও টটকা ফল দেওয়া হয়। এই পার্টি গোখলের বাড়ীর কয়েক পা দূরে হয়েছিল। তাঁর হেঁটে আসার সামর্থ্য না থাকলেও তিনি জেদের বশে এলেন এবং মুচ্ছিত হয়ে পড়েন। গান্ধীর প্রতি ব্যকুলতা ছিল এর অন্যতম কারণ।

গান্ধীজীর শান্তিনিকেতনে অবস্থানকালে গোখলের মৃত্যু (১৫ই ফেব্রুয়ারী ১৯১৫) সংবাদ তার যোগে পান। শান্তিনিকেতনে সকলে গান্ধীজীর কাছে সমবেদনা জ্ঞাপন করেন। স্ত্রী এবং মগলালকে সঙ্গে নিয়ে গান্ধীজী পুণার উদ্দেশ্যে রওনা হন। গান্ধীজীর জীবনে এক অধ্যায়ের সমাপ্তি ঘটে। তিনি গোখলের সম্পর্কে সবসময় উচ্চ ধারণা পোষণ করতেন। পাঠকের এক প্রশ্নের উত্তরে তিনি জানান “কেবল পরিণত বুদ্ধির লোকেরাই নিজেদের উৎসর্গ করেছিলেন তখন কজন ভারতীয় সেখানে ছিলেন? আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে অধ্যাপক গোখলের সবকিছু পবিত্র মনোভাব এবং ভারতবর্ষকে সেবা করার উদ্দেশ্যেই করেছেন, মাতৃভূমির প্রতি তাঁর আনুগত্য এত বেশী যে প্রয়োজনে তিনি প্রাণ বিসর্জন দিতে প্রস্তুত। তিনি কাউকে তোষামোদ করার জন্য কিছু বলেন না। সত্য বলে যা তিনি বিশ্বাস করেন তিনি বলেন। সুতরাং তাঁর প্রতি শ্রেষ্ঠ সম্মান করতে আমরা বাধ্য।”^{১১} গোখলে ছিলেন স্বরাজ্যের স্তম্ভ স্বরূপ। এমন একজন ব্যক্তিকে গুরুর আসনে বসানো গান্ধীজীর পক্ষে ছিল স্বাভাবিক।

ধর্ম সাম্প্রদায়িকতার বিরুদ্ধে গান্ধীপথ

জহর সেন

এক

নোয়াখালি যাবার প্রাক্কালে গান্ধীজি মিলিত হন তৎকালীন অবিভক্ত বঙ্গদেশের মুখ্যমন্ত্রী শহিদ সুরাবর্দির সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে। সাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষার জন্য নীতিনির্দেশ সম্বলিত প্রস্তাব ওই বৈঠকে গৃহীত হয়েছিল। অনেকেই পূর্ণ সম্মতি জানিয়ে ওই প্রস্তাবে স্বাক্ষর করেন। একটি শান্তি কমিটি গঠন করা হয়। কমিটিতে ছিল সমসংখ্যক হিন্দু মুসলমান সদস্য। স্বয়ং মুখ্যমন্ত্রী ছিলেন শান্তিকমিটির চেয়ারম্যান। সমগ্র প্রদেশে দাঙ্গাহাঙ্গামা বন্ধের জন্য কয়েকটি সুদূরপ্রসারী তাৎপর্যপূর্ণ নীতি ঘোষণা করা হয়েছিল। প্রথম এবং প্রধান নীতি হল শান্তিস্থাপনের জন্য সামরিক বাহিনী ও পুলিশ বাহিনীর ওপর নির্ভর করা চলাবে না। প্রয়োজন হল সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত আন্তরিক প্রচেষ্টা। দ্বিতীয়ত, শান্তি কমিটি মনে করে যে দাঙ্গাহাঙ্গামার মাধ্যমে পাকিস্তান এবং ঐক্যবদ্ধ ভারতবর্ষ, কোনোটাই সম্ভব নয়। তৃতীয়ত, শান্তি কমিটি মনে করে যে বলপূর্বক ধর্মাস্তর বা ভিন্নধর্ম সাম্প্রদায়ে বিবাহসম্পন্ন কোনো সভ্য ও ভদ্র সমাজ মেনে নেবে না। বলপূর্বক অপহরণ সম্পর্কেও একথা প্রযোজ্য। মুখ্যমন্ত্রী শহিদ সুরাবর্দি প্রতিশ্রুতি দিলেন বঙ্গীয় সরকার অবশ্যই শান্তি কমিটির সিদ্ধান্তকে কার্যকর করবে।

এই কমিটি সম্পর্কে আপত্তি জানিয়েছিল অনেকেই। হিন্দুরা বা জাতীয় কংগ্রেসের সদস্যরা কমিটিতে সংগামগরিষ্ঠ ছিল না। এটাই প্রধান আপত্তি। আর একটি আপত্তি হল সুরাবর্দি সাহেব চেয়ারম্যান হিসাবে যে কোনো সৎ পদক্ষেপ অনায়াসে নাকচ করে দিতে পারেন। এই দুটি আপত্তি গান্ধীজি মানতে চান নি। গান্ধীজির বক্তব্য হল, কমিটি রাজনৈতিক দৃষ্টি

টানাটানির প্রাঙ্গন নয়। এটা হল সাম্প্রদায়িক সম্প্রীতি ফিরিয়ে আনার জন্য সৎ ও আন্তরিক প্রচেষ্টা। উক্ত দলিলের দুটি গুরুত্ব গান্ধীজি বিশ্লেষণ করেছিলেন। প্রথমত, পাকিস্তান গঠনের দাবি সম্পর্কে উভয় সম্প্রদায়ের মধ্যে মতবিরোধ ছিল। কিন্তু উভয় সম্প্রদায়ই মেনে নিয়েছে রাজনৈতিক সমস্যা সমাধানের জন্য দাঙ্গা হাঙ্গামার পথ তারা বর্জন করবে। দ্বিতীয়ত, দাঙ্গার সময় মানুষের মৌলিক সুনীতিবোধ বিসর্জিত হয়েছে। ধর্মের দোহাই দিয়ে তা সমর্থন করা যায় না। প্রাধান্য পাবে মৌলিক সুনীতিবোধ, ধর্ম সাম্প্রদায়িকতা নয়। এরপর কোনও এক প্রার্থনা সভায় গান্ধীজি জানালেন যে তিনি মুখ্যমন্ত্রী শহিদ সুরাবর্দির শান্তি স্থাপনের আন্তরিকতায় পূর্ণ বিশ্বাস রাখেন। তিনি গভীর উপলব্ধিগম্য সত্যসার শোনালােন, “The golden way is to be friends with the world and to regard the whole family as one. He who distinguishes between the votaries of one's own religion and those of another miseducates the members of his own and opens the way for discord and irreligion. বিশ্ববন্ধুত্বই সুবর্ণপথ। গোটা মানব সমাজ একই পরিবারভুক্ত। স্বধর্মের ও ভিন্নধর্মের মানুষের মধ্যে যিনি পার্থক্য করেন, তিনি স্বধর্মের মানুষকে কুশিক্ষা দেন এবং বিরোধ ও অধর্মের পথে চালিত করেন। এসব তথ্যের উৎস হল পিয়ারিলাল লিখিত ‘মহাত্মা গান্ধী : দি লাস্ট ফেজ’, ভল্যুম ১, বুক ২, নবজীবন ১৯৫৬/১৯৬৬)।

দুই

১৯৬৯ সালের জুলাই মাসে পশ্চিমবঙ্গ গান্ধী শতবার্ষিকী সমিতি প্রকাশ করে রেজাউল করীম

* ইতিহাসসেবিতা পণ্ডিত, সুবক্তা। কলকাতা বিশ্ববিদ্যালয়ের থেকে অবসর গ্রহণের পর হিমালয় অঞ্চল এবং গান্ধীচর্চায় মগ্ন। শেষ গ্রন্থ নির্বাচিত রবীন্দ্র ভাষণাবলী, চীনদেশের কথা, গান্ধীপথের দিকদর্শন।

লিখিত 'সাম্প্রদায়িক সমস্যা ও গান্ধীজি' পুস্তকটি।

ওই সমিতির প্রকাশন উপ-সমিতির সভাপতি রতনমণি চট্টোপাধ্যায় রেজাউল করীম প্রসঙ্গে লিখেছেন, 'জীবনের সকল ক্ষেত্রে, কর্মে ও আচরণে গান্ধীমার্গের অনুগামী সরল প্রকৃতির খাঁটি বাঙালী'।

ভারতবর্ষে সাম্প্রদায়িক সমস্যা প্রবল আকার ধারণ করেছিল ঔপনিবেশিক পর্বে। রেজাউল করীমের মতে, এর দুটি কারণ ছিল। প্রথম কারণ বিদেশি শক্তির প্রয়োগ ও পৃষ্ঠপোষকতা। দ্বিতীয় কারণ হল এদেশের বহু মানুষের ধর্ম সম্বন্ধে ভ্রান্ত ধারণা, অনুদার ও সংকীর্ণ মনোভাব। রেজাউল করীমের এই বিশ্লেষণ আংশিক সত্য। সমাজবিজ্ঞানীরা ও দেশবিদেশের নিষ্ঠাবান ঐতিহাসিকবৃন্দ নানা দৃষ্টিকোণ থেকে সাম্প্রদায়িক সমস্যার বিচারবিশ্লেষণ করেছেন এবং এখনও করছেন। জাতিসত্তা ও ধর্মসাম্প্রদায়িকতা একুশ শতকে বিশ্বের প্রায় সর্বত্র ভয়াবহ বিধ্বংসী আকার নিয়েছে। ভারতবর্ষে সাম্প্রদায়িক সমস্যা সম্পর্কে গান্ধী-পথের বাস্তব প্রয়োগ বিভিন্ন মহলে যথেষ্ট আগ্রহ সৃষ্টি করেছে বিশ্বের নানা প্রান্তে। এ বিষয়ে গান্ধীজির যথার্থ মূল্যায়ন করেছেন রেজাউল করীম। তিনি লিখেছেন পূর্বোক্ত গ্রন্থে, 'সম্রাট অশোকের পর এবং গান্ধীজির আবির্ভাবের পূর্বে বোধ হয় কবীর ও দাদু ভিন্ন এমন আন্তরিকভাবে আর কেহ সাম্প্রদায়িক প্রীতির কথা বলেনি' (পৃ. ৫)।

রেজাউল করীম মহিশূর ও জয়পুরের দেওয়ান মির্জা ইসমাইলের গান্ধীস্তুতি উল্লেখ করেছেন। মির্জা ইসমাইল গান্ধীজির সংকল্পের 'অবিমিশ্র আন্তরিকতা', 'অভিপ্রায়ের পবিত্রতা' ও 'অকলঙ্ক ব্যক্তিগত চরিত্র' ইত্যাদি সদগুণের আকর্ষণে মুগ্ধ ছিলেন। তিনি দেখেছেন, এমন কী যারা কংগ্রেস দলভুক্ত নয় এবং গান্ধীপথ বর্জন করেছে, বা মেনে নেয়নি, গান্ধীজি তাদেরও আস্থা ও প্রীতিলাভ করেছিলেন। মির্জা ইসমাইলের বক্তব্য রেজাউল করীম সুস্পষ্ট ভাষায় আমাদের স্মরণে এনেছেন। রেজাউল করীম লিখেছেন, "সত্যানুসন্ধানী নিজের ধর্মে শুধু যে

বিশ্বাসবান হইবেন, তাহাই নহে, স্বধর্মের মধ্যেও কোনও ত্রুটি আছে বুঝিতে পারিলে, তাহার প্রতিকারের জন্য প্রাণপণে চেষ্টা করিবেন। অস্পৃশ্যতার কলঙ্ক হইতে হিন্দুধর্মকে মুক্ত করিতে তাঁহার মত চেষ্টা কেহ করে নাই। গান্ধীজি ধর্মাস্তর গ্রহণে বিশ্বাস করিতেন না। তাঁহার আশ্রমবাসী অন্যধর্ম ব্যক্তিদিগকে নিজ নিজ ধর্মের আচার পালনে তিনি উৎসাহ দিতেন।" (প্রাগুক্ত পৃ. ১৮)।

১৯৩৮ সালের ১৮ মার্চ গান্ধীজি হরিজন পত্রিকায় সাম্প্রদায়িক সমস্যার প্রতিকারের জন্য একটি প্রস্তাব দেন। তিনি জানতেন দাঙ্গা হাঙ্গামা ঘটেছে সংকীর্ণ দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত স্বার্থাশ্রয়ী মানুষের প্ররোচনায়। একারণে তিনি একটি নিরপেক্ষ শান্তিসেনা গঠনের প্রস্তাব করেন। ওই শান্তিসেনার প্রধান উদ্দেশ্য হবে, অন্যান্য সময়ে ত বটেই, বিশেষত সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার সময় শান্তিসেনার সদস্যবৃন্দ নিজেদের জীবন বিপন্ন জেনেও আত্ননিপীড়িত মানুষের সেবা করবে। তাদের অবিরাম চেষ্টা হবে আত্ননিপীড়িত মানুষের সেবা। দাঙ্গা দমনে সাহায্য করতে হবে। নিরাপত্তাহীন মানুষকে দিতে হবে অভয় আশ্রয়ের আশ্বাস।

শান্তিসেনার সদস্যদের কী কী গুণ থাকা প্রয়োজন তাও তিনি নির্দেশ করেছিলেন। সেগুলি এখানে উল্লেখ করছি।

১. স্ত্রী এবং পুরুষ উভয়েই শান্তিসেনার সদস্য হতে পারবে। ঈশ্বরের জীবন্ত বিশ্বাস ও অহিংসায় অটুট আস্থা তাদের অস্ত্র।
২. তারা শান্তির দূত। তারা শান্তিসেবক। প্রচলিত ধর্মগুলির মূল নীতি সম্বন্ধে তাদের বিশেষ জ্ঞান অপরিহার্য প্রয়োজন।
৩. শান্তিসেনার কর্মিবৃন্দ যে অঞ্চলে কাজ করবেন, সেখানে শান্তিস্থাপনের চেষ্টা হবে অবিরত। ক্ষণিক সাময়িক চেষ্টা ফলপ্রসূ হয় না।
৪. কোনো-কোনো কাজ হয়ত একাকী করতে হবে। এজন্য ভেঙ্গে পড়লে চলবে না।

৫. শান্তিসেনার সদস্যরা নিজেদের অঞ্চলে বা নির্বাচিত অঞ্চলে কাজ করবেন এবং কাজের মাধ্যমে নিরন্তর যোগাযোগ রাখবেন সেবাব্রতের আদর্শে অনুপ্রাণিত হয়ে।

৬. শান্তিসেনার সৈনিকদের স্বভাব ও চরিত্র যেন সন্দেহাতীত হয়। চরিত্রবলই শ্রেষ্ঠ অস্ত্র।

৭. শান্তিসেনার কর্মীদের সতত সতর্ক থাকতে হবে। পূর্বসূচনা পেলেই তারা শান্তিস্থাপনে অগ্রণী হবেন।

৮. শান্তিসেনার কাজে সর্বক্ষণের জন্য কিছু দক্ষ কর্মী প্রয়োজন। বহু স্বেচ্ছাসেবক নানা ধরণের সমাজসেবামূলক কাজে যুক্ত থাকেন। তাদের মধ্য থেকেও সদস্য সংগ্রহ করা যেতে পারে। তবে নির্বাচিত কর্মীকে অবশ্যই শান্তিসেনার আদর্শে বিশ্বাসী হতে হবে।

৯. একটি পরিচয়জ্ঞাপক পোষাক দরকার শান্তিসেনার কর্মীদের। আর্ত মানুষ তাহলে খুব সহজেই তার কাছে যেতে পারবে সাহায্যপ্রার্থী হয়ে।

রেজাউল করীম লিখেছেন, “গান্ধীজি দেশে সাম্প্রদায়িক প্রীতির জন্য যে শান্তিসেনার কথা বলিয়াছিলেন, তদনুসারে যদি কিছু কাজ হইত — তবে দেশে সত্যকার শান্তি স্থাপিত হইত এবং দাদা হাদ্দামা হইত না” (পৃ. ৩৫)। গান্ধীজি, রেজাউল করীম এবং দেশবিদেশের অনেকেই নিরন্তর সাধনা করেছেন ধর্মসাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষার উদ্দেশ্যে। সুদূর অতীত থেকেই মানুষ অন্তর থেকে বিদ্বেষবিষ বিনাশের নীতিবাক্যে অভ্যস্ত হয়ে গেছে। কিন্তু বিদ্বেষবিষ আরও ছড়িয়ে পড়েছে প্রবলভাবে গভীরভাবে বিশ্বময়। এই বিষয়ে গান্ধীজি তাঁর নিজের জীবনের বিপুল অভিজ্ঞতার আলোকে একটি মহাবাক্য উচ্চারণ করেছেন, “সত্যগ্রহীর জীবনে ব্যর্থতা নেই, নৈরাশ্য নেই।” সত্যগ্রহী চিরআশাবাদী। রেজাউল করীমও নানা ভাষ্যে গান্ধীপথের এই বৈশিষ্ট্য বিশ্লেষণ করেছেন। দক্ষিণ এশিয়ার দেশগুলি ছিল নানা বিশ্বধর্মের পরীক্ষাগার। পরবর্তী পর্যায়ে তাই আলোচনা

করছি ওই সব দেশে ধর্মসাম্প্রদায়িকতা ও রাষ্ট্রকাঠামো সংক্রান্ত সর্বশেষ পরিস্থিতি।

তিন

সার্ক (SAARC) গোষ্ঠীভুক্ত রাষ্ট্রগুলির মধ্যে ভৌগোলিক আয়তনে ভারতবর্ষ বৃহত্তম। অন্যান্য বিষয়েও ভারতের প্রাধান্য সুপ্রতিষ্ঠিত। দক্ষিণ এশিয়ায় ভারতবর্ষই একমাত্র দেশ, যেখানে কোনও রাষ্ট্রীয় ধর্ম নেই। ভারতীয় সভ্যতায় সুদীর্ঘকাল ধরে বহুবচন সংস্কৃতি উৎসাহিত।

বৌদ্ধধর্ম ভূটান ও শ্রীলঙ্কার রাষ্ট্রীয় ধর্ম। পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্র। সুন্নি-ইসলাম মালদ্বীপের রাষ্ট্রীয় ধর্ম। দু’হাজার আট খ্রিস্টাব্দ পর্যন্ত নেপাল ছিল হিন্দুরাষ্ট্র। ১৯৭১ সালে বাংলাদেশের জন্ম হয়েছে ধর্ম-নিরপেক্ষ প্রজাতন্ত্র হিসাবে। ১৯৮০-র দশকে জেনারেল এরশাদ ক্ষমতাসীন হন। তাঁর আমলে শাসনতন্ত্র সংশোধন করে ইসলামধর্মকে প্রাধান্য দেওয়া হয়।

ভারতীয় শাসনতন্ত্রে ধর্মনিরপেক্ষতার আদর্শ ঘোষিত হওয়া সত্ত্বেও বাস্তব পরিস্থিতিতে অনেক সময় ঘোষিত আদর্শ লঙ্ঘিত হয়েছে। ১৯৫০-এর দশকে দেশে মোটামুটিভাবে সামাজিক ও ধর্মীয় শান্তি অক্ষুণ্ন ছিল। ১৯৬০-এর এবং ১৯৭০-এর দশকে বিভিন্ন ধর্মসম্প্রদায়ের মধ্যে হিংসাত্মক ঘটনা ঘটেছে উত্তরপ্রদেশ, বিহার, গুজরাট এবং মহারাষ্ট্রে। ১৯৮৪ সালে দিল্লি এবং উত্তর ভারতের বিভিন্ন শহরে উন্মত্ত হিন্দুরা নির্বিচারে হত্যা করেছে অসংখ্য শিখসম্প্রদায়ভুক্ত মানুষকে। ১৯৯০-এর দশকে ইসলামি মৌলবাদী গোষ্ঠীর অত্যাচারে কাশ্মীর থেকে বিতাড়িত হয়েছে অসংখ্য হিন্দু। রামজন্মভূমি আন্দোলন চলছিল ১৯৮০ এবং ১৯৯০-এর দশকে। উত্তর ও পশ্চিম ভারতে সে সময় ঘটেছিল সর্বনাশা রক্তক্ষয়ী দাঙ্গা। বিপন্ন বোধ করেছে মুসলমান সমাজ। ২০০২ সালে উগ্র চরমপন্থী হিন্দুরা হত্যা করে সহস্রাধিক মুসলমান। হাজার হাজার মুসলমান গৃহত্যাগ করে।

পাকিস্তান স্পটতই সৃষ্টি হয়েছিল মুসলমানদের পবিত্র আবাসভূমি হিসাবে। রাষ্ট্রের ইসলামি অবয়ব ছিল প্রথম তিন দশক ধরে। সংখ্যালঘু ধর্মসম্প্রদায়ের মানুষ সচেতন ছিল তাদের প্রত্যাশার বেষ্টনী সম্পর্কে। জিয়াউল হকের শাসনপর্বে (১৯৭৭-৮৮) ইসলামিকরণ প্রক্রিয়া হয় অতি দ্রুত বেগবান। শরিয়তের বিধান সর্বাংশে চালু হয়। মাদ্রাসার সংখ্যাও প্রচুর বৃদ্ধি পায় বিদেশাগত অর্থের আনুকূল্যে। ইসলামের ওহাবি ভাষ্য প্রাধান্য পায়। সুন্নি সম্প্রদায়ভুক্ত মুসলমানদের আক্রমণে বিপন্ন হয় হিন্দু ও খ্রিস্টান সম্প্রদায়ের মানুষ।

পাকিস্তানের মোট জনগোষ্ঠীর একটা বড়ো অংশ শিয়া সম্প্রদায়ভুক্ত। পেশাগত এবং রাজনীতিগত এলিটদের মধ্যে তাদের প্রভাব ছিল দৃঢ়মূল। স্বয়ং মহম্মদ আলি জিন্না ছিলেন শিয়া সম্প্রদায়ভুক্ত। কিন্তু বেশ কিছুদিন ধরে শিয়াদের ধর্মস্থানে ও বাসভূমিতে নির্মম অত্যাচার চালিয়ে যাচ্ছে সুন্নি সম্প্রদায়ের উগ্র গোষ্ঠী।

১৯৪৭ সালে দেশভাগের সময় পশ্চিম পাকিস্তানের চেয়ে পূর্ব পাকিস্তানেই হিন্দুর সংখ্যা ছিল বেশি। ১৯৫০-এর দশকে যথেষ্ট সংখ্যায় পূর্ব পাকিস্তান থেকে হিন্দুরা চলে আসে পশ্চিমবঙ্গে। ১৯৬৩ সালে কাশ্মীরের রাজধানী শ্রীনগরের হাজারতবল মসজিদ থেকে হারিয়ে যায় পয়গম্বর-এর স্মৃতিবিজড়িত একটি নিদর্শন। তারপরেই শুরু হয় পূর্ব পাকিস্তানে হিন্দুদের ওপর অত্যাচার।

১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে মুক্তিযুদ্ধের সময় কয়েক লক্ষ হিন্দু বাংলাদেশে ছিল। মুক্তিযুদ্ধে বহু হিন্দু সক্রিয় অংশ নিয়েছে। তাদের মূল প্রেরণা ছিল বাংলাভাষাকেন্দ্রিক আত্মপরিচয়, ধর্মীয় আত্মপরিচয় নয়।

জন্মলগ্নে বাংলাদেশ সরকার ধর্ম-নিরপেক্ষ মূল্যবোধকে প্রাধান্য দিয়েছিল রাষ্ট্রীয় ক্ষেত্রে। রবীন্দ্রনাথ রচিত গান তাদের জাতীয় সংগীত। স্বাধীনতা অর্জনের পর থেকে প্রায় চার দশক ধরে ক্রমশ ছড়িয়ে

পড়েছে ইসলামিকরণ প্রক্রিয়া, যদিও পাকিস্তানের মতো তা প্রবল ও প্রখর নয়। একটা দুঃখজনক সমস্যা সমাধানে বাংলাদেশ সরকার অপারগ। চাকমা পাহাড়ের বৌদ্ধদের জমিজমা দখল করেছে সমতল থেকে আগত অভিবাসী মুসলমান সম্প্রদায়ের মানুষ। ভারতের দিকে পা বাড়িয়ে জাতীয় নির্বাচনে ভোট দেয় বাংলাদেশের হিন্দুরা।

শ্রীলঙ্কায় দক্ষিণাঞ্চলে সিংহলিরা সংখ্যাগরিষ্ঠ। উত্তরাঞ্চলে তামিলরা সংখ্যালঘু। তামিলরা ধনসম্পদে সফীতকায়। সিংহলিরা তাই ঈর্ষান্বিত। সিংহলিরা বৌদ্ধ, তামিলরা হিন্দু। শ্রীলঙ্কা সরকার একমাত্র সিংহলি ভাষাকেই রাষ্ট্রীয় ভাষা হিসাবে স্বীকৃতি দিয়েছিল। সিংহলি ভাষা না জানলে কলেজে ভর্তি নিষিদ্ধ ছিল, সরকারি চাকরিতে নিযুক্ত হবার ছিল না সুযোগ। সুতরাং সমস্যা ছিল মূলত ভাষাগত বৈষম্য, ধর্মীয় অস্বাভা নয়। চার দশকের মধ্যে অধিকাংশ সময় জুড়ে সিংহলি ও তামিলদের মধ্যে গৃহযুদ্ধ চলেছে।

১৯৭২ সালে বৌদ্ধধর্মকে রাষ্ট্রীয় ধর্ম হিসাবে স্বীকৃতি দেয় শ্রীলঙ্কা সরকার। তামিলদের মধ্যে হিন্দু আছে, মুসলমান আছে, খ্রিস্টান আছে। তাদের মধ্যে বৌদ্ধ নেই। সিংহলি-তামিল দ্বন্দ্ব তামিলরা বেশ বড়ো রকমের ধাক্কা পেল। ২০০৯ সাল নাগাদ দেখা গেল শ্রীলঙ্কার সিংহলি সেনাবাহিনীকে তামিলদের বিরুদ্ধে যুদ্ধের উন্মাদনায় উৎসাহিত করছে সিংহলি বৌদ্ধ সন্ন্যাসীকুল। ২০১৪ সালের প্রথম দিকে দেখা গেছে বৌদ্ধ সন্ন্যাসীরা শ্রীলঙ্কার পশ্চিমাঞ্চলে মুসলমানদের আক্রমণ করেছে।

আবার এও দেখা গেছে তামিল এলাম-এর লিবারেশন টাইগার দল মোটেই পরধর্মসহিষ্ণু ছিল না। জাফনা, মান্নার, বাস্তিকোলা ও অন্যান্য শহরে মুসলমানদের মসজিদ বাড়িঘর পুড়িয়ে দিয়েছে লিবারেশন টাইগার-এর উগ্রপন্থী সদস্যরা।

তামিল খ্রিস্টানদেরও তারা উত্যক্ত করেছে নানাভাবে। সিংহলি-তামিল দ্বন্দ্ব রূপান্তরিত হয়েছে বৌদ্ধ-হিন্দু কলহে।

হিমালয়ের কোলে নিরবচ্ছিন্ন শান্তির সুবাতাস ভূটানে নিত্যই প্রবাহিত। ১৯৯০-এর দশকে এখান থেকে বিতাড়িত হয়েছিল সপরিবারে অসংখ্য কৃষিজীবী নেপালি মানুষ। ভূটানিরা বৌদ্ধ, নেপালিরা হিন্দু। নেপালি শরণার্থী সমস্যা আন্তর্জাতিক রাজনীতির মধ্যে অনেক দিন ধরে আলোচিত হয়েছে। নেপালি শরণার্থী সমস্যা কালক্রমে বৌদ্ধ-হিন্দু সাংস্কৃতিক অস্মিতার দ্বন্দ্বের রূপ নেয়।

গোটা উনিশ শতক ও বিশ শতক ধরে নেপাল ছিল হিন্দু রাজ্য। বিষ্ণুর অবতার রূপে নেপাল-নরেশ পূজ্য ছিলেন। ২০০৮ সালে রাজতন্ত্রের অবসান ঘটে। নেপাল ধর্মনিরপেক্ষ প্রজাতন্ত্রে রূপান্তরিত হয়। ধর্মসাম্প্রদায়িক দাঙ্গায় নেপালের ইতিহাস কলঙ্কিত নয়। এখানে ভৌগোলিক দ্বন্দ্ব হল সমতলবাসী ও পাহাড়বাসীর মধ্যে, অর্থনৈতিক দ্বন্দ্ব হল ভূস্বামী ও ভূমিহারাাদের মধ্যে এবং সামাজিক দ্বন্দ্ব হল ব্রাহ্মণ ও অত্রাহ্মণ জনগোষ্ঠীর মধ্যে। ধর্মসাম্প্রদায়গুলির মধ্যে এতটুকুও বিরোধ নেই।

চার

উত্তর-ঔপনিবেশিক কালপর্বে দক্ষিণ এশিয়ার দেশগুলির মধ্যে শুধুমাত্র ভারতবর্ষ ও শ্রীলঙ্কায় নির্বাচনভিত্তিক গণতন্ত্র ছিল। এখন পাকিস্তান, বাংলাদেশ এবং নেপালে নির্বাচনভিত্তিক গণতন্ত্র চালু হয়েছে। এমনকী ভূটানে রাজতন্ত্র থাকার সত্ত্বেও, শাসনতন্ত্রে নির্বাচন ব্যবস্থা স্বীকৃতি পেয়েছে।

স্বভাবতই প্রশ্ন জাগে, উত্তর-ঔপনিবেশিক পর্বে প্রায় গোটা এশিয়া জুড়ে এমন ভয়াবহ পরিস্থিতি হল কেন? গান্ধীজি আমরণ চেষ্ঠা করেছেন সাম্প্রদায়িক সম্প্রীতির আদর্শ ক্ষেত্র রূপে ভারতবর্ষে এতটুকু তুলতে। রেজাউল করীম ছিলেন স্বক্ষেত্রে একনিষ্ঠ অনুগামী। তাঁদের স্বপ্ন বর্ণে হল কেন এত করুণভাবে?

সমাজবিজ্ঞানী ও ঐতিহাসিকরা ব্যাখ্যা দিয়েছেন। অন্যতম প্রধান ব্যাখ্যাটা এখানে উল্লেখ করছি। ঔপনিবেশিক পর্বে পরাধীন দেশগুলি

জাতীয় মুক্তি আন্দোলনে জাতীয়তাবাদের ইতিবাচক দিক হয়েছে অবহেলিত। জাতীয় চেতনার উৎস ছিল অতীত বিচরণ। অতীত বিচরণ ছিল মূলত ধর্মাশ্রয়ী। ধর্মবোধ জাগ্রত হয়নি। কিন্তু ধর্মসম্প্রদায়গুলির প্রতি অনুগামীদের আনুগত্য যুক্তিহীন কুসংস্কার ও অন্ধত্বে আচ্ছন্ন থেকেছে। প্রতিটি ধর্মের বিশ্বজনীনতা মানুষ মনেপ্রাণে গ্রহণ করেনি। সদাচার নয়, অনাচার গ্রাস করেছে উদার ধর্মবোধকে। সাম্প্রদায়িক ধর্মের শিকলে বন্দি হয়েছে রাজনীতি। অতিলোলুপতার রাজনীতি প্রভাবিত করেছে ধর্মসম্প্রদায়গুলির প্রসারস্পৃহাকে। আগ্রাসী রাজনীতি এবং আগ্রাসী ধর্মসম্প্রদায় পরস্পরের দোসর হয়েছে। এই প্রক্রিয়ায়ই এখনও এশিয়ার বিভিন্ন দেশে অতি সক্রিয়।

পাঁচ

এই প্রবন্ধের উপসংহার হিসাবে পুনরায় গান্ধী-প্রকরণে ফিরে আসি। তাঁর প্রাণাধিক প্রিয় ছিল ধর্মসাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল বর্তিকা। দ্বিজাতি তত্ত্ব তিনি মনে প্রাণে মানতেন না। মুসলিম লিগের পাকিস্তান দাবি তাঁর মতে এতটুকুও যুক্তিগ্রাহ্য ছিল না। শুধুমাত্র ধর্ম-পরিচয় কোনো ভাবেই জাতীয়তার ভিত্তি হতে পারে না। তাঁর প্রথম সন্তান হরিলাল দু'তিন বার ধর্মান্তরিত হয়েছে। কখনও ইসলাম ধর্মে, পুণরায় হিন্দুধর্মে। অর্থের প্রলোভনে সে একাজ করেছে। কিন্তু তাঁর জাতীয়তা একই থেকেছে। ইসলামধর্ম গ্রহণের ফলে তাঁর জাতীয়তা-পরিচিতির এতটুকুও হেরফের ঘটে নি। হিন্দু সমাজ ও মুসলমান সমাজ একত্রে পাশাপাশি বসবাস করতে পারে না, এটাও বিন্দুমাত্রও সত্য নয়। এই মিথ্যা জীবনে কোনো কিছুর বিনিময়ে মেনে নিতে তিনি প্রস্তুত নন।

১৯৪৬ সালের ৬ অক্টোবর হরিজন পত্রিকায় তিনি লিখলেন, "I would have no hesitation in conceding the demand of Pakistan if I could be convinced of its righteousness or that it was good for Islam. But I am firmly convinced that the Pakistan demand as put forth by the Muslim

League is un-Islamic and I have not hesitated to call it sinful. Islam stands for the unity and brotherhood of mankind, not for disrupting the oneness of the human family. Therefore, those who want to divide India into possibly warring groups are enemies alike of India and Islam. They may cut me to pieces but they cannot make me subscribe to something which I consider to be wrong.

উৎকলিত ইংরেজি ভাষ্যে গান্ধীজি বলেছেন পাকিস্তান দাবি স্বার্থ হলে, বা তা ইসলাম ধর্মের পক্ষে মঙ্গলজনক হলে, অবশ্যই তিনি তা মেনে নিতেন। তাঁর দৃঢ় বিশ্বাস মুসলিম লিগ-এর পাকিস্তান দাবি অ-ইসলামি। এটা পাপময়। ইসলাম ধর্ম মানবসমাজে ঐক্য ও ভাতৃত্বের প্রবক্তা। অশুদ্ধ মানব পরিবারে বিশৃঙ্খলা সৃষ্টি করা ইসলাম ধর্মের আদর্শ নয়। সুতরাং যারা ভারতবর্ষকে বিবদমান গোষ্ঠীতে খণ্ড বিচ্ছিন্ন করতে চায় তারা ভারতের শত্রু এবং ইসলামেরও শত্রু। মুসলিম লিগপন্থীরা তাঁর দেহ খণ্ড খণ্ড ছিন্ন করতে পারে কিন্তু কিছুতেই যা তিনি অন্যান্য মনে করেন, তা মানতে গান্ধীজিকে বাধ্য করা যাবে না। ১৯৪৭ সালের ২৩ মে বিহারের মানেরি গ্রামে একটি প্রার্থনাসভায় গান্ধীজি বিহারের দাঙ্গা বিষয়ে তাঁর মতামত জানান। যদি জমিদার শ্রেণি, প্রজাকুল এবং প্রাদেশিক সরকার স্ব-স্ব কর্তব্যপালনে নিষ্ঠার সঙ্গে কাজ করতেন, তাহলে সেখানে ভয়াবহ দাঙ্গা ঘটতো না। সারা ভারতের কাছে শুভ উদাহরণ স্থাপন করতো বিহার। ১৯৪৭ সালের ২৫ মে তিনি দিল্লি ফিরে এলেন। দিল্লি ফেরার প্রাক্কালে বিহারের অভিজ্ঞতার আলোকে তাঁকে প্রশ্ন করা হয়।

প্রথম প্রশ্ন : হিন্দুরা গান্ধীজির অহিংসা মঞ্চে দীক্ষিত। এবার তারা মুসলমানদের হাতে আরো বেশি করে মার খাবে। কারণ মুসলমানরা সুসংগঠিত ভাবে অস্ত্র সংগ্রহ করেছে।

গান্ধীজির উত্তর : সংবাদটা যদি সত্য হয়, তাহলে

তা প্রাদেশিক সরকারের ব্যর্থতা প্রমাণ করে। আমি চাই হিন্দুরা অহিংসার শিক্ষা গ্রহণ করুক। আমার অহিংসার প্রাণশক্তি যে কোনো অস্ত্রের চেয়েও শক্তিশালী। তার শিক্ষাদান নিয়ে কেউ উপহাস (Caricature) করলে, তার জন্য দায়ী সেই শিক্ষক নন। আমার সম্পর্কে এটা বলতে পারো যে আমি একজন অহিংসার অপটু শিক্ষক (an incompetent teacher of ahimsa)। সে ক্ষেত্রে আমরা প্রার্থনা করতে পারি, আমার উত্তরাধিকারী হবেন আরো বেশি দক্ষ এবং সফল।

দ্বিতীয় সমস্যা : ব্রিটিশ শক্তি ভারতবর্ষ ছেড়ে গেলে, দেশব্যাপী ভয়াবহ অরাজকতা ও বিশৃঙ্খলা সৃষ্টি হবে। এমন আশঙ্কা জাতীয়তাবাদীরা পোষণ করছেন। তারা আতঙ্কিত যে আগেরাঙ্কে পটু না হলে তারা আত্মরক্ষায় সক্ষম হবে না। মুসলিম লিগ-এর সশস্ত্র বাহিনী তাদের নিষ্পেষিত করবে। পাকিস্তান হোক বা না হোক, মুসলিম লীগ ব্রিটিশ সাম্রাজ্যবাদের আশীর্বাদপুষ্ট।

রাজনৈতিক পরিস্থিতির বৃহত্তর পরিপ্রেক্ষিতে গান্ধীজি কি তার অহিংসাতন্ত্রের কিছু সংশোধন করবেন না অন্তত ব্যক্তি মানুষের আত্মরক্ষার স্বার্থে?

গান্ধীর উত্তর : জাতীয়তাবাদীরা যদি মুসলিম লিগকে ভয় করে, তাহলে তারা জাতীয়তাবাদী নামের যোগ্যই নয়। মুসলমানরা ভারতীয়, সুতরাং তাদের ওপর জাতীয়তাবাদীদের সন্নেহ প্রবৃত্তি অবশ্যই থাকা উচিত। আমার কাছে অহিংসা তত্ত্ব কথা নয়। ব্যাপক অভিজ্ঞতার ওপর অহিংসার ভিত্তি প্রতিষ্ঠিত। ভালো আপেল যাদের ভালো লাগে, বারবার খেয়ে তা মিষ্টি লাগে; তাদেরকে আপেল তিন্ত বলা বাধ্য করা হচ্ছে কেন? ভালো আপেল খেয়ে যারা তিন্ত বলেন, তারা আসলে খেয়েছেন আপেলের মতো দেখতে নকল ফল। নকল আপেলের স্বাদ তিন্ত। সাম্রাজ্যবাদের গোপন এবং প্রকাশ্য হস্তক্ষেপে ভীত নয় অহিংস সৈনিক।

South Africa - Making Of Gandhian Way

Dr. Debabrata Das

(i) Gandhi in South Africa (1893-1914)

After a short legal practice in India, without much success, Mohandas Karamchand Gandhi went to South Africa to prepare and conduct the case of an Indian Muslim merchant there. M.K. Gandhi toiled for months to collect all relevant facts, study law, and even book keeping, and by sheer devotion to truth he gained more knowledge about the case than even the two fighting businessmen themselves had, and he became master of the situation. He persuaded the parties to compromise the case and live in peace rather than ruin themselves by litigation. During the subsequent years - about twenty - he always followed the same principles in practice and, while his reputation and income as an honest lawyer increased, he espoused the cause of truth and righteousness and often made legal fights end in love. He saved both his soul and those of the litigants, and won the esteem of all.

While travelling by a train to Pretoria, Gandhi experienced his first taste racial discrimination, in spite of carrying first class ticket, he was indiscriminately thrown out of the train by the authorities on the instigation of a white man. Gandhiji's reaction was that of David confronting the Goliath of racial discrimination.

Instead of fleeing from the scene,

Gandhiji stayed back - for 21 years to fight for rights of the Indians in South Africa. By May 1894, he had organized the Natal Indian Congress. In 1896, he returned to India and enlisted support from some prominent Indian leaders. He then returned to South Africa with 800 free Indians. Their arrival was met with resistance and an inflamed mob attacked Gandhiji physically. Gandhiji exercised "self-restraint". His philosophy of winning the detractors with the peaceful restraint had begun. It yielded fruit. Under pressure from the British Government the attempt to disfranchise Indians in South Africa was abandoned.

With the outbreak of the Boer War in 1899, Gandhiji enlisted 1100 Indians and organized the Indian Ambulance Corps for the British. In spite of the Indian support, the Transvaal Asiatic Department continued its anti-Indian regulations. Gandhiji chose to support the British as he felt, "The authorities may not always be right but as long as the subjects owe allegiance to the state, it is their clear duty to ----- accord their support."

Gandhiji became the recognised leader of South Africa's Indian Community. By 1901, he returned to India with his family. He travelled extensively in India and even opened a law office in the then Bombay (at present, Mumbai). However, South African Indians refused to part with their crusader of justice. Gandhi had

* A Research scholar on oriental study, Dr. Das has authored several books in English and Bengali, latest book 'Devdasi Prasange'.

to return to South Africa on the request of the Indian community of South Africa, in 1902.

By 1903, Gandhiji had begun to lead a life of considerable discipline and self-restraint. He changed his dietary habits. He was his own doctor. He embraced the Gita and he was confronting untouchability. By 1906, after undergoing many trials and tribulations of self-abnegation and eventually brahmacharya (celibacy), he had become invincible to face the South African Government. Except God, Gandhiji feared nothing.

(ii) Origin of Gandhian Philosophy

In South Africa, Gandhi came into closer contact with many good Christians, Quakers and others. He was influenced also by some good Muslims and studied Islam. The theosophists, too, attracted him and helped him study more of Hinduism - works on the Gita, Vedanta, Yoga, Jainism and the books of Swami Vivekananda. Raichand Bhai, a saintly Indian merchant, made a deep impression on Gandhi by his ideal Hindu life. Gandhi also studied the new interpretation of Christianity by Tolstoy and Ruskin, and its application by them in individual and social life. Referring to these influences in his "Autobiography", Gandhi says :-

"Three moderns have left a deep impression on my life and captivated me : Raichand Bhai by his living contact ; Tolstoy by his book, 'The Kingdom of God is Within You'; and Ruskin by his 'Unto This Last'." (P 114).

It should be noted that Tolstoy's spiritual interpretation of Christianity, the presence of God within, brought Christianity near to the Vedantic idea of man; his em-

phasis on the Sermon on the Mount and the conquering of hatred by love and evil by non-resistance seemed to Gandhi to be in exact conformity with Buddhist and Jaina teachings about Ahimsa put into social practice, Tolstoy's book contained long letters and accounts of the practical application of the principle of non-resistance by Quakers and others in America who strengthened Tolstoy's convictions. Gandhi was thus influenced by these American Christians too, indirectly through Tolstoy. But Gandhi was more directly influenced by the American moral reformer and writer Henry David Thoreau, a friend of Ralph Waldo Emerson, was himself influenced a good deal, like the latter, by the Bhagavad Gita and the Upanisads.

From Ruskin's book Gandhi learned the dignity of manual labor, the idea that the good of the individual is contained in the good of all and that each can and should serve society by his own labor and profession in the field of his choice.

But all these lessons went side by side with a life of earnest practice into which by circumstances and mere learnings Gandhi came to be drawn. South Africa abounded in color prejudices, and even Gandhi, in spite of his British education, European dress and professional standing, was often subjected to all kinds of humiliation against which he revolted and protested only to provoke more insult and sometimes physical assault. Discriminative legislation also was proposed by the British rulers to debar Indians from rights of citizenship and other privileges in Natal and Transvaal. These circumstances offered to Gandhiji the opportunities for applying the principles of conquering evil

by love. He adopted passive or civil resistance by disobeying immoral laws, courting assault, imprisonment, and all kinds of suffering without retaliation or mental hatred and anger. He hoped that even the hardhearted rulers would ultimately be moved to pity and would realize their mistakes and rectify the wrongs. Gandhi was particularly hopeful about his method, for he had then the deep-rooted belief in the inner goodness of the British people which he thought could be aroused by moral appeal - by showing in an effective manner the genuineness of the grievances and the righteousness of the cause. And this method of nonviolent-fight ultimately succeeded.

But behind the success lay Gandhi's long personal preparation and training of the fellow-workers by his own life of sacrifice and firmness in the cause of truth and righteousness. He found that if he were to serve the society wholeheartedly and train the workers, he must give up his greed for money, hankering for pleasures and lead a life of utter simplicity and self-control and teach others by his own example of the possibility of such a life. This led him to all kinds of disciplines and experiments. He founded a rural farm and attracted like-minded people of different nationalities, white and non-white, to form a joint community based on the principle of plain living and high thinking. It was a big international family with a common kitchen, common ownership and run by the labor of each according to his or her capacity. In these long experiments in South Africa, Gandhi worked in all conceivable and inconceivable capacities scarcely to be found in any one life before him. He worked as a school

master, an accountant, an editor, a gardener, a barbor, a tailor, a shoemaker, a compounder, a nurse, a midwife, a naturopathic physician and what not. Several times while the British Government was involved in war he used his influence among Indians also to raise an ambulance corps, and let it himself to pick up the wounded and nurse them. Everywhere he passionately tried for perfection - both of the work and of himself. And selfless work widened his heart, deepened his convictions, increased the number of his followers and supporters, and ultimately his silent self - denial won the admiration of people all over the world who began to see that the high ideals of religion and morality were applicable even in political life.

However, Mrs. Millie Graham Polok, in her book, "Gandhi - The Man" cited some examples of Gandhian way of life. She noticed that Gandhi always did choose the toughest path to solve any problem. Gandhi told her that every person should avoid the comfort for doing any duty. And one should prepare oneself for performing one's duty among the toughest situation and condition.

When Mrs. Polok had a problem of insomnia, Gandhi nursed her baby with the affection of a mother, so that Mrs. Polok tried to sleep.

Gandhi gave up to eat onion and to drink cow-milk, because according to Gandhi thses are responsible for sex-hunger. But, here, at this point Dhirendra Mohan Dutta differed with Mrs. Polok. In his book, "The Philosophy of Mahatma Gandhi", Dutta wrote :- "Shocked at the cruelty practised by some milkmen who tried to milk the last drop from cow and

buffaloes, Gandhi had taken a vow of not drinking milk". (Page 20, foot-note).

Dhirendra Mohan Dutta, further, wrote :- "..... when he was about to die of dysentery and no doctor could make him give up his self-chosen dietary restrictions, it was she (Mrs. Kasturba Gandhi) who persuaded him even to break a vow and to take goat's milk which pulled him through. As his American biographer, Louis Fischer notes :- "Gandhi feared neither man nor government, neither prison nor poverty nor death. But he did fear his wife". It was again an example of the conquering power of self-effacing love." (Page 20)

In fact, Gandhi was very much influenced by Mrs. Gandhi. He, himself, admitted that to Mrs. Millie Graham Polok. Gandhi took the example of Mrs. Gandhi in his "asahayog satyagraha". When Mrs. Gandhi was determined to reject any work or not to do any particular work, she was firm to her opinion - using her "asahayog" to Gandhi. Following the instance of Mrs. Kasturba Gandhi, M.K.Gandhi formulated the basic principle of his "asahayog satyagraha".

(iii) Satyagraha and South Africa

In the "Preface" of his book, "Satyagraha in South Africa", M.K.Gandhi starts :- "The Satyagraha struggle of the Indians in South Africa lasted eight years. The term Satyagraha was invented and employed in connection therewith. I had long entertained a desire to write a history of that struggle myself. Somethings only I could write. Only the general who conducts a campaign can know the objective of each particular move.-----" (Page XI)

The name "passive resistance" which

Gandhi adopted for his method was finally named by him "Satyagraha". This word was coined by him out of two Sanskrit words, "Satya" (truth, right) and "Agraha" (firmness, determination). This change was thought necessary because "passive resistance" was found to be too narrowly construed as a weapon of the weak and it could admit of inner hatred that could ultimately even lead to violence. "Satyagraha", on the other hand, directly suggested that the method was one of strong determination to stick to what was true and right at all costs and sacrifice. And as love, according to Gandhi, was the means of realizing truth, Satyagraha also carried for him the implication of the method of love. While "passive resistance" suggested something negative; "Satyagraha" suggested the "the active principle of love." Consistent with the basic principle, "Satyagraha" can assume various forms according to different situations, such as: civil disobedience, that is, disobeying some bad law, non-payment unjustifiable taxes, rents, etc; non-cooperation or withdrawal of all help and service from the unjust aggressor; closing down of all business as a mark of protest and disapproval; hunger strike or restoring to hunger to rouse good sense; and soon. Gandhi (and his followers) used all of these methods at different times to redress different kinds of wrongs.

Influenced by John Ruskin's preaching of rustic life, Gandhiji organised Phoenix Farm near Durban. Here he trained disciplined cadres on non-violent Satyagraha (peaceful self-restraint), involving peaceful violation of certain laws, mass courting of arrests, occasional

hartal, (suspension of all economic activity for a particular time), spectacular marches and nurtured an indomitable spirit which would fight repression without fear.

In September 1906, Gandhi organized the first Satyagraha Campaign in protest against the proposed Asiatic ordinance directed against Indian immigrants in Transvaal.

In June 1907, Gandhi organized the second Satyagraha against compulsory registration of Asiatics (The Black Act).

In 1908, Gandhi had to stand trial for instigating the Satyagraha. He was sentenced to two months in jail (the first time), however after a compromise with General Smuts he was released. Out of jail he was attacked for compromising with General Smuts. Unfortunately, Smuts broke the agreement and Gandhiji had to relaunch his Satyagraha.

In 1909, Gandhi was sentenced to three months imprisonment in Volkshurst and Pretoria jails. After being released, he sailed for England to enlist support for the Indian community.

In 1913, Gandhi helped campaign against nullification of marriages not celebrated according to Christian rights. Gandhi also launched his third Satyagraha Campaign by leading 2000 Indian miners across the Transvaal border. By December, he was released unconditionally in hope of a compromise.

Gandhiji's ahimsa (non-violence) had triumphed. Victory came to Gandhiji not when Smuts had no more strength to

fight him but when he had no more heart to fight him. Much later General Smuts declared that men like Mahatma Gandhi redeem us from a sense of common place and futility and are an inspiration to us not to weary in well doing.

To conclude, I think it will be the best and proper to quote M. K. Gandhi himself, In the "Conclusion" of his book, "Satyagraha in South Africa", Gandhi said:- "Thus the great Satyagraha Struggle closed after eight years, and it appeared that the Indians in South Africa were now at peace. On July 18, 1914, I sailed for England to meet Gokhale, on my way back to India, with mixed feelings of pleasure and regret- pleasure because I was returning home after many years and eagerly looked forward to serving the country under Gokhale's guidance, regret because it was a great wrench for me to leave South Africa, where I had passed twenty-one years of my life sharing to the full in the sweets and bitters of human experience, and where I had realized my vocation in life." (page 338)

Sources :

1. An Autobiography or The Story of My Experiments with Truth, M.K. Gandhi; Navajivan Trust, 1927
2. Satyagraha in South Africa, M.K.Gandhi; Navajivan Trust, 1928
3. Gandhi - The Man, Mrs. Millie Graham Polok ; George Allen & Unwin, London, 1931
4. The Philosophy of Mahatma Gandhi, Dharendra Mohan Datta; University of Calcutta, 1968.

কোচবিহারের ভারতভুক্তি প্রসঙ্গে

দেবব্রত চাকী

রাজ্য কোচবিহারের শেষ নৃপতি কোচবংশীয় মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর। রাজতন্ত্রের শেষ প্রতিভূ। কোচবিহার নামক ভূভাগের রাজনৈতিক কিংবা শাসনতান্ত্রিক পালাবদলের একজন গুরুত্বপূর্ণ সাক্ষী হিসাবে ইতিহাসের পাতায় তাঁর উজ্জ্বল উপস্থিতি আঞ্চলিক ইতিহাস চর্চায় তাঁকে প্রাসঙ্গিকতা দান করেছে। কোচ-রাজবংশের ২২ জন নৃপতি পর্যায়ক্রমে পঞ্চদশ শতকের শেষ, মতান্তরে ষোড়শ শতকের প্রারম্ভে তাদের রাজপাট সামলানো শুরু করেন। এই পর্বে বেশ কয়েকজন নৃপতি বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে দিয়ে তাদের নাম ইতিহাসের পাতায় উজ্জ্বলভাবে রেখে গেছেন। যেমন মহারাজ বিশ্বসিংহ প্রাচীন পশ্চিম কামরূপ বা কামতা এলাকায় খেন পরবর্তী যুগে এক চরম অরাজক অবস্থার অবসানে সক্রিয় উদ্যোগ গ্রহণ করে এক স্বাধীন হিন্দু রাজ্য প্রতিষ্ঠা করেন। এই ভূ-ভাগে সনাতন হিন্দু ধর্মের প্রচার ও প্রসারে তাঁর পৃষ্ঠপোষকতা দান এক বিরট কর্ম বিশেষ। কামতাপুরের খেন বংশীয় রাজা নীলাম্বরের পতনের পর ছশেন শাহের পুত্র দানিয়েলের শাসনকালে যে অরাজক অবস্থার সূচনা হয় এবং মুসলিম শাসন এই এলাকার প্রাচীন সংস্কৃতিকে যেভাবে প্রণয়ের সম্মুখীন করে তোলে তা এক কথায় ভয়ঙ্কর। এই ভয়াবহ পরিস্থিতির হাত থেকে এই ভূ-ভাগকে উদ্ধার করতে মহারাজ বিশ্বসিংহের আবির্ভাব যদি না ঘটতো তাহলে ধর্মান্তরকরণের সূত্র ধরে এই এলাকার জনবিন্যাসের ব্যাপক পরিবর্তন সাধিত হতো। সেদিক দিয়ে কোচ নৃপতি বিশ্বসিংহকে এই ভূ-ভাগের রক্ষাকর্তা বলা যায়।

একই ভাবে কোচবংশীয় রাজাদের সময়কালের বিভিন্ন পর্বে মোগল আগ্রাসন যেভাবে এই এলাকার

সমাজকে জ্বলন্ত করে তুলেছিল তা যদি বিভিন্ন কৌশলে প্রতিহত না হতো তাহলে সেটাও এক অশনি সংকেত হিসাবে দেখা দিত। বিশেষ করে সপ্তদশ শতকে মোগল বাদশাহ আওরঙ্গজেবের সময়কালে বাংলার সুবেদার মীরজুমলা যে কায়দায় কোচরাজ্য দখল করে এই ভূ-ভাগে মুসলমান শাসনের গোড়াপত্তন করেছিলেন, কোচবিহার নাম পরিবর্তন করে আলমগীর নগর নামকরণের পাশাপাশি হিন্দু দেবমন্দির ও বিগ্রহ ধ্বংস করে ব্যাপক ধর্মান্তরকরণে যেভাবে মনোনিবেশ করেছিলেন তা যদি দীর্ঘস্থায়ী হতো তাহলে আজকের কোচবিহার কি আমাদের সামনে দৃষ্ট হতো? নিশ্চিত ভাবেই বলা যায় যে মোগলশাসিত কোচবিহার এক নতুন পথ ধরে বিশ্বসিংহ প্রবর্তিত পথ থেকে বিচ্যুত হয়ে অন্য পথে ধাবিত হতো। হিন্দু রাজ্য হিসাবে কোচবিহারের পরিচয় চিরতরে লুপ্ত হয়ে যেত। সেই সময়কালে মহারাজ প্রাণনারায়ণের বিচক্ষণ ভূমিকা এবং মোগলদের বিরুদ্ধে কোচ-রাজবংশী কৃষকদের বিদ্রোহ সে যাত্রায় কোচবিহারকে রক্ষা করেছিল। এই এলাকার শাসক ইসফিনদিয়ার বেগসহ মোগল প্রশাসকবর্গকে উৎখাত করে মহারাজ প্রাণনারায়ণ সনাতন সংস্কৃতিকে রক্ষা করেন। একইভাবে অষ্টাদশ শতকের মধ্যভাগে মোগল ফৌজদার কাশেম আলী খাঁকে বিতারিত করে মোগল আগ্রাসন চিরতরে বন্ধ করতে মহারাজ উপেন্দ্রনারায়ণের ভূমিকা যথেষ্টই প্রশংসার দাবী রাখে। ১৭৩৬-৩৭ সালে ধলুয়াবাড়ীতে অনুষ্ঠিত শেষ কোচ-মোগল সংঘর্ষে মোগলদের পরাজয় ও মহারাজ উপেন্দ্রনারায়ণ কর্তৃক রাজ্য পুনরুদ্ধার কোচবিহারের ইতিহাসে এক উল্লেখযোগ্য অধ্যায় বিশেষ। যদিও তা সেভাবে আলোচিত নয়।

* ছিটমহল বিশেষজ্ঞ গবেষক, উত্তর-পূর্বাঞ্চল বিষয়ে তথ্যসন্ধানী লেখক। ঊর্ন গ্রন্থ ব্রাহ্মজানের বৃত্তান্ত : প্রসঙ্গ ভারত বাংলাদেশ ছিটমহল ঐ বিষয়ে প্রাসঙ্গিক।

একইভাবে বিংশ শতকের মধ্যভাগে স্বাধীনতা হারানো বৃটিশ করদমিত্র রাজ্য কোচবিহারে যে রাজনৈতিক সঙ্কট ঘনীভূত হয়েছিল তা যদি বিচক্ষণ মহারাজা জগদীন্দ্রনারায়ণ প্রতিহত না করতেন তাহলে আজকের কোচবিহারের ইতিহাস হয়তো অন্যভাবে আমাদের পড়তে হতো। ১৭৩৭ এ মোগল আগ্রাসন- প্রতিহত হবার পর কোচবিহারের বুকে নতুন উপদ্রব হিসাবে ভূটানী আগ্রাসন ভয়ঙ্কর রূপ নিলে কোচবিহার রাজপরিবার নিজেদের অস্তিত্ব রক্ষার্থে ইংরেজদের শরণাপন্ন হয়। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর সঙ্গে সন্ধির সূত্র ধরে ইংরেজ করদ মিত্র রাজ্যে পরিণত হওয়া কোচবিহার পরবর্তীকালে ইংরেজদের তত্ত্বাধানেই চলতে থাকে। আপাত রাজনীতি মুক্ত নিস্তরঙ্গ সমাজ জীবন বিংশ শতকের প্রথম দুই দশক পর্যন্ত অতিবাহিত করলেও তার পরবর্তী পর্যায়ে ভারতবর্ষের জাতীয় রাজনীতির ঢেউ ক্রমশঃ ধীর গতিতে এই ভূ-ভাগে প্রবেশ করতে শুরু করে। অসহযোগ আন্দোলনের সময়কাল থেকে তা রাজ প্রশাসনের দৃষ্টিগোচর হয়। মহারাজা জিতেন্দ্রনারায়ণের সময়কালে ভারতীয় জাতীয় আন্দোলনের প্রেক্ষাপটে স্বদেশী আন্দোলনের পরশ, জাতীয় কংগ্রেসের বিভিন্ন কর্মসূচী, অসহযোগ আন্দোলনের মনস্তত্ত্ব কোচবিহারের বুকে বিক্ষিপ্তভাবে প্রকাশ পেতে থাকে। কখনো ভিক্টোরিয়া কলেজে, কখনো পুন্ডিবাড়ীতে, কখনো সিতাইহাটে তা বুদ্ধবুদ্ধের আকারে ফুটে ওঠে। মহারাজা জিতেন্দ্রনারায়ণ নরমে-গরমে সেগুলিকে সামাল দেন। তবে সে সময়ের জাতীয় আন্দোলনের ঘটনাক্রমে যে রাজ পরিবারের সদস্যদের মনকে প্রভাবিত করেছিল তা গায়ত্রীদেবীর কথায় স্পষ্ট। ১৯২২ সালের ২০শে ডিসেম্বর মহারাজা জিতেন্দ্রনারায়ণ ইংল্যান্ডে পরলোক গমন করেন। তাঁর অকাল মৃত্যুর পর নাবালক পুত্র জগদীন্দ্রনারায়ণ সিংহাসনে আরোহণ করলেও রাজ্যের শাসনকার্য রিজেন্সি কাউন্সিল দ্বারা পরিচালিত হতে শুরু করে। সেই কাউন্সিলে মহারানী ইন্দিরাদেবী প্রধান মুখ হিসাবে থাকলেও রাজ অমাত্যবর্গের কেউ

কেউ বিভিন্ন ঘটনাক্রমের মধ্যে দিয়ে প্রচলিত ক্ষমতাসালী হয়ে ওঠেন। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের ঘটনাক্রমকে তারা অন্যভাবে পরিচালিত করবার চেষ্টা করেন। দ্বি-জাতি তত্ত্বের ভাবনার মধ্যে দিয়ে মুসলিম লীগের পাকিস্তান নামক রাষ্ট্রের দাবি ক্রমশঃ জোরালো হতেই তার প্রভাব কোচবিহারের সমাজজীবনে ঘুর পথে প্রবেশ করতে শুরু করে। দেশীয় রাজ্যে পাকিস্তানপন্থী কার্যকলাপ মহারাজা জগদীন্দ্রনারায়ণকে উদ্ভিগ্ন করে তোলার পাশাপাশি জনগণের অধিকার আদায়ের আন্দোলনও মহারাজাকে কিছুটা হলেও বিচলিত করে। নিম্নে উল্লিখিত ঘটনাক্রম একটু বিশ্লেষণ করলে তা আমাদের কাছে অনেকটাই সহজবোধ্য হবে।

চিত্র - ১ : ১৯৪৫ সন। যুদ্ধ প্রায় শেষ হয়ে গেছে। চারদিকে তার অভিষাপের চিহ্ন।..... কিছুদিন পরে অভাবনীয় একটা ব্যাপার শুরু হল। সন্ধ্যার আগে আমারই কম্যুনিষ্ট সহকর্মী হরিদাস মুখার্জী, কয়েকজন মুসলিম লীগের ছেলে, আমার সহপাঠী এবং নবম শ্রেণীর ছাত্র হেমু (জখির উকিলের বড় ছেলে) কম্যুনিষ্ট পার্টির ঝাঞ্জা এবং মুসলিম লীগের ঝাঞ্জা নিয়ে ফুলদিগীর ঘাটে দাঁড়িয়ে ঘন্টাখানেক ধরে নিয়মিত প্রতিদিন স্লোগান দিতে শুরু করলো। “পাকিস্তান জিন্দাবাদ — লড়কে লেঙ্গে পাকিস্তান — কম্যুনিষ্ট পার্টি জিন্দাবাদ — মুসলিম লীগ জিন্দাবাদ”।

রাগে ক্ষোভে আমাদের মাথায় আগুন জ্বলে উঠলো। আমরা চুপ করে থাকবো না। ছোট দারোগা চারুদা ব্যাপারটা টের পেলেন। একদিন চুপ করে বললেন, তোমরা পান্টা কিছু করতে যেও না। তোমরা পান্টা কিছু করলে তোমাদের অ্যারেস্ট করার নির্দেশ কোচবিহার থেকে এসে গেছে। আরও সংগঠিত হও। (সূত্র : আমার জীবন আমার রাজনীতি — কমল গুহ, পৃষ্ঠা-৩)

প্রয়াত রাজনীতিক কমল গুহের উপরোক্ত রচনাংশটি অতীব গুরুত্বপূর্ণ। শুধু তাই নয়, কমল গুহ তাঁর আত্মজীবনীর অপর এক স্থানে লিখেছেন — “হিতসাধনী সভার উদ্দেশ্য হল, বহিরাগত যারা কোচবিহার রাজ্যের বাইরে নদীর ভাটির দেশ পূর্ববঙ্গ

থেকে এসেছে বা আসছে তারা এই রাজ্য এবং এই রাজ্যের ভূমিপুত্রদের শোষণ করছে। কাজেই এই সব বহিরাগত বা ভাটিয়াদের বিরুদ্ধে ভূমিপুত্রদের সংঘবদ্ধ করো, ফেপিয়ে তোলো। স্বাধীনতার আন্দোলন, শোষিত মানুষের মুক্তি আন্দোলন অঙ্কুরেই বিনাশ করো। বিচ্ছিন্নতাবাদের জন্ম দাও। বিচ্ছিন্নতাবাদের বিঘে অবশ্য করে দাও ভূমিপুত্রদের চেতনাকে। এরই নাম হিতসাধনী সভা। মজার কথা যারা রাজস্থান, বিহার বা আসাম থেকে এসে কোচবিহার রাজ্যের অর্থনীতিকে কুক্ষিগত করেছে, শোষণের হালটি ধরে আছে বা গ্রামাঞ্চলের কৃষি অর্থনীতিতে থাবা বসিয়েছে তারা কিন্তু হিতসাধনী সভার দক্ষ্য বস্তু নয়।

মহারাজার মন্ত্রীসভার সদস্য শ্রী সতীশচন্দ্র রায় সিংহ এবং আনছারউদ্দিন মিয়া হিতসাধনী সভার মূল নেতৃত্বের হাল ধরলেন। পর্দার আড়ালে থাকলেন মহারাণী (মহারাজার মা), রাজ্যের প্রধানমন্ত্রী এবং পুলিশ সুপারিনটেনডেন্ট। তখনও কংগ্রেসের সৃষ্টি হয়নি কোচবিহার রাজ্যে। এর মধ্যে ঘোষিত হল ভারত ভাগ হবে, পাকিস্তানের সৃষ্টি হবে, ১৫ই আগস্ট আমরা স্বাধীনতা পাবো।

(সূত্র : আমার জীবন আমার রাজনীতি — কমল গুহ, পৃষ্ঠা-৬)

প্রয়াত রাজনীতিক কমল গুহ পরবর্তীকালে এক সাক্ষাৎকারে আরো বলেন যে, কোচবিহার রাজ্য প্রশাসনের প্রশাসনিক নিয়ন্ত্রণ রাজপরিবারের দ্বারাই পরিচালিত হত। সেই সময় ভবানী সেনের লেখা “কেন পাকিস্তান চাই” বইটিও জনগণের মধ্যে ছড়িয়ে দেওয়া হয়। অন্যত্রও সে সময় কম্যুনিষ্ট পার্টি ও মুসলিম লীগ যৌথভাবে পতাকা নিয়ে মিছিল করে। দিনহাটার কিছু কম্যুনিষ্ট মানসিকতা সম্পন্ন উকিলও এদের মনত যোগাতো।

(সূত্র : উত্তর প্রসাদ, ১ম বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই-সেপ্টেম্বর ২০০৭)

চিত্র - ২ : গত ৪ঠা জ্যৈষ্ঠ কুচবিহার লাইনের মাঠে, কুচবিহারগণের এক বিশাল জনসভা হয়, এই সভায় আনুমানিক অর্ধলক্ষ লোকের সমাবেশ হয় এবং খাঁ চৌধুরী আমানতউল্লা সাহেব ইহাতে

সভাপতিত্ব করেন। এই সভায় স্থির হয় যে কুচবিহারবাসীগণের কল্যাণ সাধনের উদ্দেশ্যে কুচবিহার শহরে কুচবিহার হিতসাধনী সভা নামে একটি সভা স্থাপিত হইবে এবং হিতসাধনী সভার জন্য একটি কার্যনির্বাহক সমিতি গঠিত হইল। গত ৩১শে জ্যৈষ্ঠ দিনহাটায় শ্রীযুক্ত ধরনীশঙ্কর ভট্টাচার্য মহাশয়ের সভাপতিত্বে এক জনসভায় কুচবিহারবাসী সকলকে কুচবিহার হিতসাধনী সভার হইয়া কুচবিহারের কল্যাণ সাধনে আত্মনিয়োগ করিতে অনুরোধ করা হয়। এই সভায় মাননীয় শিক্ষামন্ত্রী এবং খাঁ চৌধুরী আমানতউল্লা সাহেব বক্তৃতা প্রদান করেন।

(সূত্র : কুচবিহার দর্পণ, ১০ম বর্ষ, ৩য় সংখ্যা, আষাঢ় ১৩৫৪)

চিত্র - ৩ : “.....বহিরাগত লোকজন বা ভাটিয়াদের একচ্ছত্র প্রাধান্য দেখে কোচবিহার হিতসাধনী সভার পত্তন হলো। বর্তমান মহারাজা সত্যি সত্যি কোচবিহারের আদি অধিবাসীদের মঙ্গল কামনা করেন। বড় বড় চাকরিতে দেশের উপযুক্ত লোককে নিয়োগ করলেন। বহিরাগতরা ক্রমশঃ মনে মনে প্রমাদ গুনতে আরম্ভ করলেন।”

(সূত্র : আমার শিষ্টা জীবনের কথা — আব্বাসউদ্দিন আহমেদ)

চিত্র - ৪ : ১৯৪৭ সালের ১১ই আগস্ট শহরের রাস্তায় রাস্তায় পাকিস্তানের পক্ষে বিশাল মিছিল-সমাবেশ-শ্লোগান — ‘লড়কে লেঙ্গে পাকিস্তান’। এই মিছিলের নেতৃত্বে ছিলেন মিশন স্কুলের দুই প্রাক্তন পাঠান ছাত্র — ইয়াসিন এবং ইয়াকুব।

(সূত্র : অপরেশ লাহিড়ীর প্রবন্ধ)

চিত্র - ৫ : হিতসাধনী দলে আবার দুটো উপদল ছিল। মুসলমান সদস্যরা চেয়েছিল পাকিস্তানের সঙ্গে যোগ দিতে।..... দিনহাটা মহকুমার হাকিম আহম্মদ হোসেন প্রধান কুচবিহারকে পূর্ব পাকিস্তানের সঙ্গে যুক্ত করার জন্য ঈদের দিন এক প্রকাশ্য সভায় মুসলমানদেরকে প্ররোচিত করেছিলেন। কোচবিহার রাজ্যের প্রভাবশালী ও একাউন্টেন্ট আসগর আহমেদ পূর্ব পাকিস্তানের রংপুর জেলার লালমণির হাটে পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের সঙ্গে দেখা করেছিলেন।

(সূত্র : ড. আনন্দগোপাল ঘোষ ও শেখর সরকারের প্রবন্ধ, মধুপনী — কোচবিহার জেলা সংখ্যা)

চিত্র - ৬ :..... ১৯৪৮ সালে পাকিস্তানের জনক মহম্মদ আলী জিন্নার মৃত্যুর পর-পরই কোচবিহারের মুসলিম সম্প্রদায়ের নেতৃস্থানীয় ব্যক্তিগণ সাগরদীঘির দক্ষিণ দিকে, যেটা এখন শহীদবাগ নামে পরিচিত সেখানে এক শোকসভার আয়োজন করে, তবে দেখা গেছে সেখানে খুব সামান্য সংখ্যক মানুষই উপস্থিত হয়েছিলেন। (সূত্র : উক্তপ্রসাদ)

উপরোল্লিখিত চিত্রসমূহ বা ঘটনাক্রম বিশ্লেষণ করে তৎকালীন কোচবিহার রাজ্যের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে একটা ধারণা আমরা অনায়াসেই করতে পারি যে, পূর্ব ভারতের দেশীয় হিন্দু রাজ্যটিতে একটি পাকিস্তানপন্থী কার্যকলাপ প্রকাশ্যে বা আড়ালে যথেষ্টই সক্রিয় ছিল এবং তাতে রাজদরবারের আমত্ববর্গের কিংবা রাজপ্রশাসনের উচ্চপদস্থ কর্মচারীদের একাংশের প্রত্যক্ষ মদত ছিল। চিত্র - ১ এ প্রয়াত রাজনীতিক কমল গুহের বয়ান অনুসারে যে দৃশ্য আমাদের সামনে ফুটে ওঠে তাতে একটি বিষয় আমাদের কাছে পরিষ্কার যে, তৎকালীন কম্যুনিষ্ট পার্টির পাকিস্তান নীতির প্রেক্ষাপক্ষে একটি কর্মসূচী তারা কোচবিহার রাজ্যেও জারী রেখেছিলেন স্থানীয় মুসলিম শীর্ষব্যক্তিদের সহায়তায়। রাজ প্রশাসনের শীর্ষকর্তাদের একাংশের মদত একথাই প্রমাণ করে যে তাদের সঙ্গে মুসলিম লীগ নেতৃত্বের একটা যোগসাজস ছিল। জাত্যাভিমানের চালকে সুকৌশলে ব্যবহার করে বা জিগির তুলে তারা সক্রিয় হয়েছিলেন কোচবিহার রাজ্যে পূর্ণ বাংলার রাজনৈতিক সমীকরণকে গতিশীল করে একটা পাকিস্তানপন্থী বাতাবরণ গড়ে তুলতে। পূর্ববাংলায় উচ্চবর্ণের বিরুদ্ধে জিগির তুলে যেভাবে নিম্নবর্ণীয় হিন্দু সমাজকে মুসলিম লীগ রাজনৈতিক স্বার্থে কাজে লাগিয়েছিল এবং তপশিলী সম্প্রদায়ের নেতা যোগেন্দ্রনাথ মন্ডলকে সঙ্গে নিয়ে পাকিস্তান নামক রাষ্ট্র গঠনের উত্থকে মজবুত করেছিল, ঠিক একই ফরমুলায় রাজ্যে

বহিরাগত বর্ণ হিন্দুদের বিরুদ্ধে স্থানীয় বাসিন্দাদের ক্ষোভকে কাজে লাগিয়ে বহিরাগত মুসলিম জোতদার ও রাজপ্রশাসনের প্রভাবশালী ব্যক্তি খাঁ চৌধুরী আমানতউল্লাকে সামনে রেখে হিতসাধনী সভার মধ্যে দিয়ে ষড়যন্ত্রের বীজ বোপিত করেছিল। প্রশ্ন থেকে যায় ১৯ শে মে ১৯৪৭ বা ৪ঠা জৈষ্ঠ ১৩৫৪ সালে কোচবিহার রাসমেলার মাঠে খাঁ চৌধুরী আমানতউল্লা আহমেদের সভাপতিত্বে আয়োজিত হিতসাধনী সভার কোচবিহারে “সভার সমাবেশে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করতে আবাসউদ্দিন আহমেদকে আমন্ত্রণ জানানো হয়েছিল কেন? যে সময়কালে আবাসউদ্দিন আহমেদ কোচবিহারে “এ মোর কোচবিহারীয়ে....” সঙ্গীত পরিবেশন করেন সেই সময়কালে তিনি পূর্ববাংলায় ব্যস্ত ছিলেন মুসলিম লীগের বিভিন্ন সভায় সঙ্গীত পরিবেশন করতে। জনমত গঠনের জন্য কখনো সোহরাবাদী, কখনো খাজা নাজিমুদ্দিন বা কখনো সৈয়দ আসাদ-উদ-দৌল্লা শিরাজি প্রমুখ নেতৃবৃন্দের সঙ্গে মুসলিম লীগের বিভিন্ন সভায় গান গেয়ে নিজেকে উজার করে দিচ্ছেন যিনি, যার স্বপ্নে রয়েছে মুসলমানদের জন্য এক পৃথক আবাসভূমি পাকিস্তান, যিনি তাঁর আত্মজীবনীতে লিখতে পারেন — “পাকিস্তানে এলাম প্রথম এই কারণে যে আমার সারাজীবনের সাধনা দিয়ে আমি চেয়েছি জাতির মঙ্গল। জ্ঞানে, শৌর্ষে, বীর্যে সবদিক দিয়েই জাতিদিগ অভিসারী হোক এই কামনা করেছিলাম। মুসলমানের এই নতুন আবাসভূমির সৃষ্টিতে তাই মহা উল্লাসিত হয়েই ছুটে এসেছি সৃষ্টির আনন্দে মেতে থাকবো বলে।” যে বিষয়টি সব থেকে বিস্ময়ের তা হল এই সভার প্রায় নয় মাস আগে ১৯৪৬ সালের ১৬ই আগষ্ট মুসলিম লীগ ঘোষিত ‘ডাইরেক্ট অ্যাকশন ডে’ পালনের মধ্যে দিয়ে পার্শ্ববর্তী অবিভক্ত বঙ্গ চরম সাংপ্রদায়িক দাঙ্গার সৃষ্টি হয়েছিল, যার ফলে শত-শত মানুষকে প্রাণ হারাতে হয়েছিল তার পরে এই ধরণের তৎপরতা কিসের ইঙ্গিত বহন করে? এর পরবর্তীকালে পূর্ববঙ্গের জেলায় জেলায় শুরু হয় ‘পাকিস্তান সম্মেলন’। যার মধ্যে দিয়ে তৎকালীন বাংলার সমাজজীবন ক্রমশ

জটিল হতে শুরু করে। যার প্রভাব এই রাজ্যের সমাজ জীবনেও পড়তে শুরু করেছিল, তা ধরেই নেওয়া যায়।

প্রাক স্বাধীনতা পূর্বে ভারতবর্ষ তথা বাংলার বৃহৎ ঘনায়মান দুর্যোগ তাঁর রাজ্যের দীর্ঘদিনের সম্প্রদায়গত সম্প্রীতির ভীতকে যে বিনষ্ট করে দিতে পারে তা বিলক্ষণ আঁচ করতে পেরেছিলেন কোচবিহারের তৎকালীন মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর। তাঁর প্রশাসনের সর্বের মধ্যেই যে ভূত বিদ্যমান তা তিনি সম্যক উপলব্ধি করেছিলেন। হয়তো তিনি তা প্রকাশ করেননি। তবে সেই সময়কালে বা বলা চলে এক গুরুত্বপূর্ণ যুগসন্ধিক্ষণে তিনি একের পর এক প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করছিলেন বা এককথায় অতীব তাৎপর্যপূর্ণ। তিনি বুঝতে পারছিলেন তাঁর প্রশাসনের দুটি সমান্তরাল স্রোত বর্তমান। কোচবিহারের সহজ সরল স্থানীয় মানুষদের সুকৌশলে ব্যবহার করছে মুসলিম জোতদার ও উচ্চপদস্থ কর্মচারীরা। নেপথ্যে রয়েছে হয়তো বা বাংলার মুসলিম লীগের কতিপয় নেতৃত্ব এবং হায়দরাবাদের নিজামের প্রতিনিধি খসরু জঙ্গ। রাজামাতার প্রচ্ছন্ন মদত এদেরকে উৎসাহিত করলেও করতে পারে। এটা নিতান্তই অনুমান মাত্র। যাইহোক, এরকম এক পটভূমিতে ১৯৪৭ সালের ২৬শে জুন কোচবিহার আইনসভার অধিবেশনে একটি গুরুত্বপূর্ণ ভাষণদান করেন মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ। তিনি তাঁর ভাষণে বলেন —

“..... ইহা অত্যন্ত আনন্দের বিষয় যে কুচবিহারে কোন প্রকার সাম্প্রদায়িক গোলাযোগ নাই, শুধু তাহাই নহে, এখানকার হিন্দু ও মুসলমান বহুদিন ধরিয়৷ সম্প্রীতির সহিত বাস করিতেছে এবং দুর্ভাগ্যবশতঃ সাম্প্রদায়িকতার ও কম্যুনিষ্ট মতবাদের দুই প্রভাব আমাদের চতুর্দিকে কাজ করিতে থাকিলেও আমার প্রজাবর্গ তদ্বারা কোনক্রমেই প্রভাবান্বিত না হইতে দৃঢ়সংকল্প। এইজন্য, আমার প্রজাবৃন্দ এবং আইনসভায় তাহাদের নির্বাচিত প্রতিনিধিগণ বিশেষ প্রশংসা পাইবার যোগ্য।”

(সূত্র : কুচবিহার দর্পণ, আশ্বিন ১৩৫৪, কুচবিহার স্টেট প্রেস।)

এখন প্রশ্ন হল, মহারাজা জগদীপেন্দ্রনারায়ণের কোচবিহার আইনসভায় প্রদত্ত ভাষণটি কিসের ইঙ্গিত দিচ্ছে? তবে কি তিনি তাঁর রাজ্যে বিচ্ছিন্নভাবে সংঘটিত পাকিস্তানপন্থী কার্যকলাপ সম্বন্ধে যথেষ্ট ওয়াকিহাল ছিলেন? কোচবিহারের সমাজ জীবনে যে বিভেদের বীজ রোপিত হচ্ছিল তা তিনি সম্যক অবহিত হয়েই আইনসভায় এরূপ মন্তব্য করেন — তা ধরেই নেওয়া যায়। এই সময়কালে কোচবিহার রাজ্যের আইনসভা বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যা মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুরের বিচক্ষণ মননশীলতারই পরিচয় বহন করে। যেমন এই অধিবেশনে মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর কোচবিহার রাজ্যের ভারতীয় গণপরিষদে যোগদানের সিদ্ধান্ত ঘোষণা করেন। মহারাজা ভারতীয় গণপরিষদে কোচবিহার রাজ্যের প্রতিনিধিত্ব করবার জন্য রাজ্যের প্রধানমন্ত্রী হিম্মৎসিং মাহেশ্বরীকে মনোনীত করেন। পাশাপাশি তাঁকে সাহায্য করবার জন্য আইনসভার তিনজন নির্বাচিত সদস্যকে শাসনতান্ত্রিক উপদেষ্টা নিযুক্ত করেন। এই তিনজন সদস্য হলেন — শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় সিংহ সরকার, শ্রীযুক্ত সুরেন্দ্রকান্ত বসু মজুমদার ও খাঁ চৌধুরী আমানতউল্লা আহমেদ।

(সূত্র : কুচবিহার দর্পণ, আশ্বিন ১৩৫৪)

কোচবিহার রাজ্যের ভারতীয় গণপরিষদে যোগদানের ঘোষণা প্রকারান্তরে কোচবিহার রাজ্যের ভারত ভুক্তিকেই সূচিত করে। অর্থাৎ মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ২৬শে জুন ১৯৪৭ তারিখে অনুষ্ঠিত কোচবিহার আইনসভার অধিবেশনে তাঁর রাজ্যের ভবিষ্যৎ নির্ধারিত করে দেন। এরই সূত্র ধরে পরবর্তীকালে একের পর এক রাজনৈতিক পদক্ষেপ ঘটতে থাকে। এ সম্পর্কে তৎকালীন রাজ সরকার কর্তৃক প্রকাশিত ‘কুচবিহার দর্পণ’ পত্রিকায় প্রকাশিত একটি সংবাদ অত্যন্ত প্রাসঙ্গিক। ‘কুচবিহার প্রধানমন্ত্রীর সম্মান’ শিরোনামযুক্ত এই সনদে লেখা হয়, কুচবিহার প্রধানমন্ত্রী রায়বাহাদুর হিম্মৎ সিং মহোদয় ভারতীয় গণপরিষদের সদস্য মনোনীত হইয়া গত অধিবেশনে

যোগ দিয়াছেন। ভারতীয় যুক্তরাষ্ট্রের শাসনতন্ত্রের যে খসড়া রচিত হইয়াছে তৎসম্বন্ধে আলোচনার জন্য দেশীয় রাজ্যসমূহের কয়েকজন প্রতিনিধি লইয়া একটি কমিটি গঠিত হইয়াছে। এই কমিটি দেশীয় রাজ্যসমূহের সুবিধা-অসুবিধার দিক হইতে শাসনতন্ত্রের খসড়া বিবেচনা করিয়া দেখিবেন ও কংগ্রেস নেতৃবৃন্দকে তাহাদের মতামত জ্ঞাপন করিবেন। কুচবিহারের পক্ষে আনন্দের কথা এই যে, এই রাজ্যের প্রধানমন্ত্রী মহোদয় উপরোক্ত কমিটির একজন সদস্য নিযুক্ত হইয়াছেন। প্রধানমন্ত্রী মহোদয়ের এই সম্মানলাভে আমরা তাঁহাকে আমাদের সশ্রদ্ধ অভিনন্দন জানাইতেছি।”

(সূত্র : কুচবিহার দর্পণ, শ্রাবণ ১৩৫৪)

কোচবিহার রাজ্যের ভারতীয় গণপরিষদে যোগদানের সিদ্ধান্ত যদি হয় কোচবিহারের ভারতভুক্তির প্রথম পদক্ষেপ, তবে অবশ্যই দ্বিতীয় পদক্ষেপটি হল রাজ্যের শাসক বা সর্বময় কর্তা হিসাবে মহারাজা জগদীপেন্দ্রনারায়ণের ৯ই আগস্ট ১৯৪৭ তারিখে ইনস্ট্রুমেন্ট অফ অ্যাকসেশন-এ স্বাক্ষর দান। ভারত সরকারের (অন্তর্ভুক্ত) তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের আহ্বানে সাড়া দিয়ে অধিকাংশ দেশীয় রাজ্যের শাসকবর্গ এই ব্যবস্থাপনায় সায় দেন। পররাষ্ট্র, প্রতিরক্ষা ও যোগাযোগ সম্পর্কিত বিষয়ে কোচবিহার সংযুক্তিকরণ দলিলে স্বাক্ষরদানের মধ্যে দিয়ে ভারতীয় ডোমিনিয়নের সঙ্গে অঙ্গীভূত হয়ে পড়ে। এই পর্বে ব্যতিক্রম ছিল কাম্বীর, হায়দরাবাদ, জুনাগড়, মানভাদোর ও ম্যাংগোল নামক দেশীয় ও সামন্ত রাজ্যগুলি। সেটা অন্য ইতিহাস। কিন্তু প্রশ্ন হল, মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ৯ই আগস্ট তারিখে তাঁর রাজ্যের শাসনতান্ত্রিক ভবিষ্যৎ নির্ধারণের লক্ষ্যে এরকম একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবার অব্যবহিত পরে কোচবিহার শহরে ১১ই আগস্ট তারিখে পাকিস্তান রাষ্ট্রের স্বপক্ষে মিছিল করার স্পর্ধা হয় কি ভাবে? যে দুজন পাঠান যুবক এর নেতৃত্ব দেন বলে শোনা যায় তাঁদের পিতা কোচবিহার রাজ সরকারের পুলিশ বিভাগে কর্মরত ছিল। বিষয়টি যথেষ্ট ভাববার। এই

ঘটনার মধ্যে দিয়ে প্রয়াত রাজনীতিক কমল গুহের বক্তব্যের যথার্থতা প্রমাণিত হয় নাকি? যদিও এর ফলে শাসনতান্ত্রিক বিবর্তনের ঘটনাক্রমে কোন ছেদ পড়েনি। ১৪ই আগস্ট তারিখে মহারাজার নির্দেশে প্রধানমন্ত্রী হিম্মৎ সিং মাহেশ্বরী সংযুক্তির দলিলের সম্পূর্ণ অংশ হিসাবে স্থিতাবস্থা চুক্তি বা স্ট্যাডস্টিল এগ্রিমেন্ট-এ স্বাক্ষর করেন। ১৪ই আগস্ট রাতেই বাসে ভারতীয় গণপরিষদের বিশেষ অধিবেশন। এই অধিবেশনেই ভারতীয় স্বাধীনতা ঘোষিত হয়। কোচবিহার রাজ্যের প্রধানমন্ত্রী হিম্মৎ সিং মাহেশ্বরী এই ঐতিহাসিক অধিবেশনে যোগদান করে ভারতের স্বাধীনতা প্রাপ্তির সাক্ষী হন।

অন্যদিকে কোচবিহার রাজ্যেও ভারতের প্রথম স্বাধীনতা দিবস পালনে সক্রিয়ভাবে উদ্যোগী হন মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর। ১৫ই আগস্ট সকালে কোচবিহার নীলকুঠির মাঠে জয়হিন্দ ও বন্দেমাতরম ধ্বনির মধ্যে দিয়ে ভারতের অশোকচক্রশোভিত ত্রিবর্ণরঞ্জিত পতাকা উত্তোলন করেন মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ স্বয়ং। এই অনুষ্ঠানে রাজকীয় সেনাবাহিনীর কুচকাওয়াজে তিনি অভিবান গ্রহণ করেন। স্বাধীনতার আনন্দ উৎসবে মেতে ওঠে দেশীয় রাজ্য কোচবিহার। বিকালে সাগরদীঘির দক্ষিণ পাশে মিউনিসিপ্যাল ময়দানে স্থানীয় স্বাধীনতা উৎসব কমিটি আয়োজিত জনসভায় মহারাজা ভূপবাহাদুর সভাপতিত্ব করেন এবং একটি সুন্দর বক্তব্য রাখেন। ১৫ই আগস্ট ১৯৪৭ দেশীয় রাজ্য কোচবিহারের এই ঘটনাক্রম এক ঐতিহাসিক দিকনির্দেশ বিশেষ। প্রকৃত অর্থে এই দিনই কোচবিহার রাজ্যের ভারতভুক্তি সম্পন্ন হয়। প্রতিরক্ষা, পররাষ্ট্র ও যোগাযোগ — এই তিনটি বিষয়ে রাজ্যশাসিত কোচবিহার স্বাধীন ভারত রাষ্ট্রের অঙ্গীভূত হয়ে পড়ে। কেবলমাত্র আভ্যন্তরীণ শাসনভার মহারাজার হাতে থাকে। যদিও তা দীর্ঘস্থায়ী হয়নি। কেন হয়নি? এর উত্তর আজও অজানা। তবে যেটা অনুমান করা যায় তা হল, স্বাধীন ভারতের জাতীয় নেতৃবৃন্দ কোচবিহার মহারাজার প্রতি সহানুভূতিশীল ছিলেন। তারা হয়তো

বা চেয়েছিলেন রাজ্যে মহারাজার নেতৃত্বে শাসনকার্য পরিচালিত হতে থাকুক। কিন্তু সবকিছুর অন্তরায় হয়ে ওঠে কিছু বিভেদকামী শক্তির সক্রিয়তা, যারা কিনা মনে-প্রাণে ছিলেন পাকিস্তানপন্থী। এই পর্বে মনে রাখা প্রয়োজন কোচবিহার রাজ্যের দক্ষিণ পার্শ্ব রঙ্গপুর জেলার তৎকালীন রাজনৈতিক প্রেক্ষাপটটি। আমরা জানি কোচবিহার ও রঙ্গপুর হচ্ছে রাজবংশী অধ্যুষিত ভূ-ভাগ। রঙ্গপুর ছিল রাজবংশী সমাজের হৃদয়পুর। সমাজ সংস্কারক রায়সাহেব পঞ্চানন বর্মা রঙ্গপুরকে কেন্দ্র করে ক্ষত্রিয় আন্দোলনে জোয়ার আনেন। ১৯১০ সালে তিনি রঙ্গপুরে ক্ষত্রিয় সমিতি সামাজিক কাজকর্মে নিয়োজিত থাকলেও ১৯২১ সাল থেকে এই সমিতি রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। নির্বাচনী রাজনীতিতে অংশগ্রহণের পাশাপাশি দেশের গুরুত্বপূর্ণ রাজনৈতিক সিদ্ধান্তে তারা মত প্রকাশ করতে শুরু করে। স্বাধীনতা ও দেশভাগের সময় পর্যন্ত তাদের এই প্রক্রিয়া অব্যাহত ছিল। রায়সাহেব পঞ্চানন বর্মা তাঁর মহাপ্রয়াণের (৯ই সেপ্টেম্বর ১৯৩৫ ইং) দিন পর্যন্ত বঙ্গীয় প্রাদেশিক আইনসভার সদস্য ছিলেন। যাইহোক বঙ্গীয় প্রাদেশিক আইনসভার শেষ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৪৬ সালে। এই নির্বাচনে রঙ্গপুর জেলার মোট ৯টি আসনের মধ্যে ৬ মুসলিম সম্প্রদায় ও ৩টি অমুসলমান আসনের মধ্যে ২টিতে ক্ষত্রিয় সমিতির প্রার্থী জয়লাভ করে। এমনকি রঙ্গপুরের পার্শ্ববর্তী দিনাজপুরেও মোট ৪টি অমুসলমান আসনের মধ্যে ৩টিতে ক্ষত্রিয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীরা সাফল্য অর্জন করে। কিন্তু যেটা দুর্ভাগ্যের তা হল, দেশ ভাগের প্রাক মুহূর্তে রঙ্গপুর ক্ষত্রিয় সমিতি তাদের শেষ অধিবেশনে মহম্মদ আলী জিন্নার পাকিস্তান দাবীকে সমর্থন করে। যার ফলশ্রুতিতে রঙ্গপুর ও দিনাজপুরেও বেশ কিছু রাজবংশী ক্ষত্রিয় জনগোষ্ঠী অধ্যুষিত এলাকা পূর্ব পাকিস্তানভুক্ত হয়ে পড়ে। এখন প্রশ্ন হল, রঙ্গপুর ক্ষত্রিয় সমিতির এই সকল হঠকারী রাজনৈতিক সিদ্ধান্তের প্রভাব কোচবিহার রাজ্যের তৎকালীন হিতসাধনী সভা কিংবা কোচবিহার ক্ষত্রিয় সমিতির সদস্যদের ওপর কতটা পড়েছিল? বিষয়টি নিঃসন্দেহে

তর্কযোগ্য। তবে হিতসাধনী সভার পাকিস্তান পন্থী সদস্যরা যে এতে উৎসাহিত হয়েছিল তা বলার অপেক্ষা রাখে না। তবে এদের প্ররোচনায় তৎকালীন কোচবিহার রাজ্যের সংখ্যাগরিষ্ঠ অমুসলমান সম্প্রদায়ের নেতৃবৃন্দের কেউ কেউ যে বিপ্রান্ত হয়ে পড়েছিল তা সহজেই অনুমান করা যায়।

যাইহোক এই পর্বে পূর্ব ভারতের হিন্দু রাজ্য বলে পরিচয় বহনকারী মহারাজ বিশ্বসিংহ প্রতিষ্ঠিত কোচ কামতা-কোচবিহার নামক ভূ-ভাগ যে সমস্ত রাজনৈতিক ডামাডোলকে উপেক্ষা করে, সমস্ত প্রকার পাকিস্তানপন্থী ষড়যন্ত্রকে প্রতিহত করে, ভারতীয় ইউনিয়নে সামিল হয়েছিল তার সিংহভাগ কৃতিত্ব মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুরের। এক্ষেত্রে হয়তো বা হিতসাধনীর বিপরীত দিকে গড়ে ওঠা প্রজামণ্ডল আন্দোলন কিছুটা ভূমিকা পালন করেছিল, তবে মহারাজার আন্তরিক আগ্রহ না থাকলে এটা কখনোই সম্ভব হতো না। প্রসঙ্গতঃ উল্লেখ্য স্বাধীনতার পরবর্তী দু'বছর কোচবিহার রাজ্যের আভ্যন্তরীণ শাসনভার মহারাজার হাতে থাকাকালীন তথাকথিত বিভেদকামী শক্তির তাদের সক্রিয়তা জারী রেখেছিল। এর প্রকৃত উদাহরণ হল ১৯৪৮-এর ১০ই সেপ্টেম্বর পাকিস্তানের সর্বাধিনায়ক মহঃ আলী জিন্নার মৃত্যুর পর-পরই কোচবিহার শহরের কেন্দ্রস্থলে সাগরদিঘির দক্ষিণদিকের ময়দানে জিন্নার স্মরণ সভার আয়োজন। চতুর্দিকে যখন দেশভাগের যন্ত্রণা, লাখে লাখে হিন্দু যখন পাকিস্তান ত্যাগ করে নিরাপদ আশ্রমের সন্ধানে ভারতমুখী, হিন্দু-মুসলমান দাঙ্গার ক্ষতে তখনো প্রলেপ পড়েনি, ভারতীয় উপ-মহাদেশ জুড়ে এক চরম অবিশ্বাসের বাতাবরণ — এ রকম এক উত্তাল পরিস্থিতিতে দেশীয় রাজ্য কোচবিহারে মুসলমানদের জন্য নিজস্ব বাসভূমি পাকিস্তান রাষ্ট্রের জনকের স্মরণ সভা আয়োজনের স্পর্ধা বিসাদৃশ্য নয় কি? আর এই স্মরণসভায় যারা হাজির হয়েছিলেন তাদের কয়েকজন ছিলেন কোচবিহার রাজ্য প্রশাসনের উচ্চপদস্থ কর্তাব্যক্তি। শোনা যায়, খাঁ চৌধুরী আমানতউল্লা

(এরপর ৪৮ পাতায়)

অনুপ্রবেশ সমস্যা ও অসমের সাম্প্রতিক হিংসা

সৌমেন নাগ

২০১৪ সালে ২রা মে বোডোল্যান্ডে বাংলাদেশ থেকে আগত বসবাসকারীদের ওপর যে আক্রমণ ঘটে গেল সেটা বোডো ও বাঙালি মুসলমানের সাম্প্রদায়িক দাঙ্গা বলে ঘটনাকে হাজির করতে চাইলে এর মূল কারণগুলির প্রতি চোখ বন্ধ রাখা হবে। এই ধরনের হিংসাত্মক ঘটনা কিন্তু এই প্রথম নয়। আসামে বার বার এই ধরনের ঘটনা ঘটে চলেছে।

এই প্রসঙ্গে আলোচনা করতে হলে অনুপ্রবেশের প্রশ্নটা অনিবার্যভাবে এসে পড়বে। এখানে একটা অদ্ভুত মানসিকতা লক্ষ্য করা যায়। অনুপ্রবেশ নিয়ে কথা উঠলেই একদল মানুষ হৈ হৈ করে ওঠেন এটা নাকি সাম্প্রদায়িক মনোভাবের প্রকাশ। অথচ অনুপ্রবেশের সমস্যাটা রাজনৈতিক ও সামাজিক, একেই সঙ্গে এই সমস্যাটা আজ বিশ্বব্যাপী। অবশ্য অনুপ্রবেশ নিয়ে যে রাজনৈতিক কারবারিরা সাম্প্রদায়িক জারক রসে তাদের স্ব-স্ব রাজনৈতিক সুবিধার পাঁচন প্রস্তুত করতে চাইছে তা অস্বীকার করা যায় না। রাজনৈতিক দলগুলির মূল লক্ষ্য যেখানে ভোট মুগায় ভোট শিকার সেখানে এক পক্ষ যখন অনুপ্রবেশকারীদের মাথায় প্রশ্রয়ের ছাতি ধরে ভোট পেতে যায় অপর পক্ষ তখন এদের বিরোধীতা করে অপর পক্ষের ভোট শিকারে ঝাপিয়ে পড়ে।

ভারতের প্রতিবেশী বাংলাদেশ। বাঙালি জীবনে সবচেয়ে দুর্ভাগ্যের বিষয় হল রবীন্দ্র-নজরুলের বাঙালিরা নিজেদের এক বাঙালির আত্মীয়তা বোধকে ধরে রাখতে পারল না। কান্তদর্শী বিশ্বকবির গান ভারত ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত। পৃথিবীর আর কোন কবির ক্ষেত্রে এমন সম্মান প্রাপ্তি ঘটেনি। আমাদের গর্ব রবীন্দ্রনাথ বাংলাতে জন্মেছেন। জাতিগত পরিচয়ে বাঙালি। কিন্তু যে প্রশ্নটার উত্তর দেওয়া প্রয়োজন,

বাঙালি কি সত্যিই রবীন্দ্রনাথের প্রতি প্রকৃত শ্রদ্ধানুরাগী?

১৯০৫ সালে যে বাঙালি বিশ্বকবির 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি' — অমৃত সুরধারায় বঙ্গভঙ্গ রোধে রাখী পরাবার দিন অভিযানে সামিল হয়ে বঙ্গভঙ্গকে রদ করেছিল সেই বাঙালি মাত্র ৪২ বছরের মধ্যে ১৯৪৭ সালে রবীন্দ্রনাথকে ভুলে গিয়ে হিন্দু-বাঙালি ও মুসলিম-বাঙালি এই দুই সোনার বাংলার বুকে ছুরি চালিয়ে তাকে দ্বি-খণ্ডিত করে নিল। গঙ্গা সাহোদরা পদ্মা হল একে অপরের প্রতিদ্বন্দ্বিতার পরিচয়।

সাম্প্রদায়িক হিংস্রতার শিকার হয়ে লক্ষ লক্ষ হিন্দু-বাঙালি উদ্বাস্তর পরিচয় নিয়ে দফায় দফায় প্রথমে পূর্ব পাকিস্তান থেকে তারপর বাংলাদেশ থেকে সীমান্ত অতিক্রম করে পশ্চিমবাংলা সহ উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলিতে ঝাঁপিয়ে পড়েছে। এখন হিন্দু বাঙালিই নয়, মুসলিম বাঙালিরাও যে সীমান্ত পার হয়ে জীবিকার তাগিদে আসতে বাধ্য হচ্ছে তা স্পষ্ট। এদের না এসেও তো উপায় নেই। বাংলাদেশের লোকসংখ্যায় ধারণ ক্ষমতা ১৩ কোটি বলে বলা হয়েছে। সেই লোকসংখ্যা এখন প্রায় ১৬ কোটি। জলাধারের ধারণ ক্ষমতার বাইরে জল জমা হলে যেমন সে নিজেদের পথ বের করে নিয়ে চারপাশে ছড়িয়ে পড়ে নয়ত জলাধারের বিস্ফোরণ ঘটে গিয়ে ভয়াবহ বিপর্যয়কে ডেকে আনে, বাংলাদেশের জনবিস্ফোরণের চেহারাও সেই অবস্থা নিয়েছে। তাকে তার লোকসংখ্যা কমাতেই হবে। মানুষকে মেরে তো তা সম্ভব নয়, তাই তাকে নাগরিকদের সীমান্তের এপারে পাঠাতেই হবে। হিন্দু বা মুসলমানদের কোনো বাছবিচার নেই। এটা সেই জার্মানীর 'লেবেন ভাদিম'

* বিশিষ্ট গবেষক, প্রাবন্ধিক।

নীতি। জার্মান জনসংখ্যা বৃদ্ধি পেলে হিটলার এই তত্ত্ব অনুসারে জার্মানদের জন্য তার দেশের আয়তন বাড়তে বিশ্বযুদ্ধ করতে নেমেছিল। বাংলাদেশের সেই ক্ষমতা নেই। তার পাশে বিশাল ভারতবর্ষ। সীমান্ত পার করে অনুপ্রবেশ ঘটতে সাহায্য করাই তার লক্ষ্য।

অনুপ্রবেশের প্রশ্নটা এখানে তাই সাম্প্রদায়িকতার প্রশ্ন নয়। এই সমস্যা সামাজিক ও রাজনৈতিক। উত্তরবঙ্গের জনজাতির বৈচিত্র্য অত্যন্ত জটিল। এখানকার জনজাতি নানা সময়ে আগত জনশ্রেণীর চাপে তাদের পরিচয় হারাতে বসেছে বলে জাতিসত্তার প্রশ্নে শুরু হয়েছে এক অস্থির পদকম্পন। দাবি উঠেছে আপন আপন সত্তাকে বাঁচাতে স্ব স্ব রাজনৈতিক ভৌগোলিক সীমা।

সাম্রাজ্যবাদী ইংরেজ সরকার এদেশের রাজ্যসীমা প্রস্তুতের সময় তাদের প্রশাসনের প্রয়োজনকেই গুরুত্ব দিয়েছে। তারা এই সীমা নির্ধারণের সময় বহুভাষী ও বহু-জাতির এই ভারতবর্ষের জনবিন্যাস ও তাদের সংহতি, সংস্কৃতিকে বিবেচনার মধ্যে আনার চেষ্টা করেনি। মনে রাখতে হবে এই উত্তরবঙ্গেই ছিল এক শক্তিশালী ও দীর্ঘস্থায়ী রাজতন্ত্র। কোচবিহার স্বাধীনতা পরবর্তীকালেও অনেকদিন স্বতন্ত্র রাজ্য হিসাবে নিজেদের অস্তিত্ব বজায় রেখেছিল। কাশ্মীরের রাজা হরি সিং স্বাধীনতার পর ভারত সরকারের সঙ্গে বিশেষ শর্তে ভারতীয় ইউনিয়নে যোগ দিয়েছিল। সেই শর্তগুলিকে সম্মান জানাতে সংবিধানে ৩৭০ ধারা যুক্ত করা হয়েছিল।

উত্তরবাংলার প্রাচীনতম ও বৃহত্তম জনজাতি রাজবংশীরাও গ্রেটার কোচবিহার রাজ্য দাবির পেছনে বলতে চাইছে কাশ্মীরের জন্য যদি ৩৭০ ধারার রক্ষা কবচ থাকে তবে কোচবিহার মহারাজা যে শর্তে ভারতীয় ইউনিয়নে যোগ দিয়েছেন তাকে রক্ষা করতে সংবিধানে কেন এমন রক্ষা কবচ থাকবে না?

সমস্যা শুধু উত্তরবঙ্গের জনজীবনে নয়। জনবিন্যাসের এই সমস্যা উত্তর পূর্ব ভারতের সব রাজ্যগুলিতে দেখা দিয়েছে। অনুপ্রবেশকারীদের দাপটে

একদিকে যেমন তাদের সংখ্যাগরিষ্ঠতা রক্ষার প্রশ্নে আতঙ্ক সৃষ্টি হয়েছে অপর দিকে এই আগত জনশ্রেণীতে স্থানীয় মানুষদের জীবিকা সংগ্রহেও উপস্থিত হয়েছে গভীর সঙ্কট। স্থানীয় দিন মজুরেরা যেমন এই প্রতিযোগিতায় হারাচ্ছে তাদের কাজের সুযোগ তেমনি কৃষিক্ষেত্রে এদের প্রবেশ সৃষ্টি করেছে ছোট ও প্রান্তিক কৃষকের জন্য গভীর দুঃশ্চিন্তা। সবকিছু নিয়ে তৈরী হচ্ছে এক অবিশ্বাস এবং হিংসার পরিবেশ। তবে কেন এই হিংসার তাশব্দ অসমের জনজীবনে মৃত্যুর কানাকে বারবার ডেকে আনছে তার কারণ খোঁজার প্রয়োজন রয়েছে। পশ্চিমবাংলার উত্তরভাগের সীমানার সঙ্গে যুক্ত অসমের এই হিংসার ঘটনা নিয়ে এই রাজ্যের বাসিন্দাদেরও বিশেষ করে ভাবতে হবে। কারণ প্রতি বেশী এই রাজ্যের হিংসাত্মক ঘটনায় তাৎক্ষণিক প্রতিক্রিয়া এই রাজ্যের ওপর আছড়ে পড়ে। এই রাজ্যের উত্তরভাগের জনবিন্যাস ও জাতিসত্তার যে অস্থিরতা তার সঙ্গে অসমের এই অস্থিরতার ঘনিষ্ঠ মিল রয়েছে। তাই এর কারণ অনুসন্ধান করে এই ঘটনায় পুনরাবৃত্তি যাতে এই রাজ্যসহ অন্য রাজ্যেও না হয় তার নিশ্চয়তা পাওয়া জরুরি।

বোড়োল্যান্ডের এই হিংসা নতুন নয়

এবারের এই হিংসাত্মক ঘটনা করা ঘটনা সে নিয়ে শুরু হয়েছে দাবি এবং পাল্টা দাবি। এক পক্ষের দাবি এটি সংখ্যালঘুদের ওপর পরিকল্পিত আক্রমণ। পুলিশ জানিয়েছে, এনডিএফবি সংবিজিত পহীরা এর জন্য দায়ী। সংবিজিতপহীরা এই ঘটনার দায় নিতে রাজি হয়নি। অ-বোড়ো মোর্চার প্রার্থীর পক্ষে দাবি তোলা হয়েছে এটি নির্বাচনে অ-বোড়ো প্রার্থীকে সমর্থনের বদলা নিতে প্রমীলা রাণি ব্রহ্মের প্রতিশোধমূলক হামলা। প্রশ্নটা কে এই হিংসাত্মক ঘটনাকে তা নিয়ে নয়, কেন এই ঘটনা বারবার ঘটাতে পারছে প্রশ্নটা সেটা নিয়ে। এর জন্য দেখা দরকার এর আগের ঘটনাগুলিকেও।

১৯৮০-র দশকে বোড়ো স্বায়ত্বশাসনের দাবি নিয়ে আন্দোলন শুরু হয়েছিল। সে সময় সরকারি সম্পত্তির

ওপর তাদের আক্রমণ মূলত কেন্দ্রীভূত ছিল। কিন্তু বিগত শতাব্দীর নব্বইয়ের দশক থেকে অ-বোড়ো সম্প্রদায়ের উপর আক্রমণ শুরু হয়েছিল। এর মূল লক্ষ্য ছিল প্রস্তাবিত বোড়োল্যান্ড থেকে অ-বোড়ো সম্প্রদায় বা জনজাতিকে চলে যেতে বাধ্য করে এই এলাকার ছড়িয়ে-ছিটিয়ে থাকা বোড়োদের সর্বত্র সংখ্যাগরিষ্ঠ জনজাতি বলে প্রতিষ্ঠা করা। কারণ এই প্রস্তাবিত বোড়োল্যান্ডে বোড়োরা ছিল সংখ্যালঘু, কিন্তু এর থেকেও প্রধান কারণ, সমতলের জনজাতি তথা আদিবাসীরা ছিল বোড়োদের তুলনায় আর্থিক দিক থেকে স্বচ্ছল। বাংলাদেশ থেকে আগত বাঙালী মুসলিমদের চাপে বোড়োদের কৃষিজমিগুলি তাদের হাতছাড়া হয়ে চলেছিল। এছাড়া বনভূমি যেখানে বোড়োরা তাদের বংশগতভাবে বুম চাষের ক্ষেত্র বলে মনে করত সেই বনভূমিও ক্রমাগত ওইসব আগত সম্প্রদায় কর্তৃক দখল হয়ে চলেছিল। বোড়োদের ক্ষোভকে কেন্দ্র করেই জন্ম নিয়েছিল বোড়ো উগ্রপন্থী গোষ্ঠীগুলি। প্রথম গড়ে উঠেছিল সশস্ত্র জঙ্গি সংগঠন ইউনাইটেড ট্রাইবাল ন্যাশনালিস্ট লিবারেশন ফ্রন্ট (ইউটিএনএলএফ) এবং বোড়ো সিকিউরিটি ফোর্স। এরপর গড়ে উঠলো বিএনটি এবং এনডিএফবি এখন থেকেই শুরু হয়েছিল অ-বোড়ো সম্প্রদায়ের ওপর সশস্ত্র হামলা।

১৯৯৩ সালের অক্টোবর মাসে পশ্চিম অসমে সংখ্যালঘু জনবসতির ওপর জেলার পুরানো সংখ্যালঘু জনবসতিতে হামলা চালিয়ে ৯০টি বাড়ি পুড়িয়ে দিয়েছিল তারা। এতে মৃতের সংখ্যা ছিল ২০০ এবং উভয় সম্প্রদায়ের দু-দুইয়ের মতন মানুষ উদ্ধাস্ত শিবিরে আশ্রয় নিয়েছিল। ১৯৯৮ এবং ১৯৯৯ সালে কোকরাঝাড় জেলা জুড়ে ৭৫৬টি গ্রামে চললো এই হাঙ্গামার ঢেউ। এই গ্রামগুলির মধ্যে ১৯৬টি গ্রাম ছিল যেখানে সরকারিভাবেই অ-বোড়ো বসতি ছিল এবং এরা সরকারকে এর জন্য রাজস্ব দিত। ২৫টি গ্রাম ছিল বনভূমির জমিতে বে-আইনি দখলদারদের বসতি। এই ঘটনায় প্রায় হারিয়েছিল ৫০ জন এবং ৮০,০০০ জন

বাস্তুচ্যুত হয়েছিল। পাশ্চাত্য আক্রমণে বহু বোড়ো জনজাতিও তাদের বাস্তু ত্যাগ করতে বাধ্য হয়েছিল। ২০০৮ সালে উদলগিরি এবং দরং জেলায় সংখ্যালঘুদের ওপর আক্রমণ হয়। প্রায় হারায় ১০০ জনেরও বেশি, প্রায় দেড় লক্ষ মানুষ বাস্তুচ্যুত হয়। এক্ষেত্রে বলা যায় এই আক্রমণ একতরফা হয়নি উভয় পক্ষই আক্রমণ ও প্রতি আক্রমণে লিপ্ত হয়েছিল।

এই সমস্ত আক্রমণের ঘটনায় একটা ব্যাপার কিন্তু উল্লেখ করার মতন। তা হল, অ-মুসলিম অ-বোড়ো সম্প্রদায়গুলি এই আক্রমণের সময় নিজেদের দূরত্বে রেখেছিল। ২০০৮ সালের এই হিংসাত্মক ঘটনার আগের ঘটনাগুলিতে অ-আদিবাসী অহমিয়া, কোচ-রাজবংশী, হিন্দু বাঙালি এবং রাভাদের মতন জনজাতিরাও হাস্যময় শিকার হয়ে বাস্তুচ্যুত হয়েছিল। এরপর থেকে বোড়োদের আক্রমণের লক্ষ্য হয়ে পড়ে বাংলাদেশ থেকে আগত অনুপ্রবেশ করা বাঙালি মুসলিম জনবসতি।

বোড়োভূমির হিংসা সাম্প্রদায়িক নয়

এটা ঠিক, সাম্প্রতিককালের এই আক্রমণের শিকার হচ্ছে গরিব সংখ্যালঘু জনবসতি। তাই একে সংখ্যালঘুদের ওপর আক্রমণ বলে কোনও কোনও মহল এই আক্রমণকে সাম্প্রদায়িক রূপ দিয়ে তাদের ভোট রাজনীতির লাভের হিসাব করতে চায়। সারা অসমে মুসলিম জনসংখ্যা প্রায় ৩০ শতাংশ। একে মুসলিমদের ওপর সাম্প্রদায়িক আক্রমণ বলে প্রচার করতে পারলে সারা রাজ্যের মুসলিমদের তাদের দিকে টেনে আনা যায়। অপরদিকে বোড়োরা মুসলিম বাঙালি তথা অ-বোড়োদের হাতে আক্রান্ত — এটা হাজির করতে পারলে অল বোড়ো স্টুডেন্টস ইউনিয়ন এবং বোড়ো সাহিত্য সভা থেকে শুরু করে বোড়ো পিপলস্ ফ্রন্ট বা এনডিএফবি-র মতন উগ্র সংগঠনগুলিকেও প্রকাশ্যে না হলেও একই ভাবনার মধ্যে উপস্থিত করা যায়।

বোড়োল্যান্ড রাজ্য গঠনের দাবিতে আন্দোলনের সময় অসমিয়া (অহমিয়া) মধ্যবিত্ত সমাজ ছিল

বোড়োদের আক্রমণের পরিবর্তে একটা আলোচনার মনোভাব দেখা দেয়। এর আরও কারণ হতে পারে অসমিয়া উগ্র পন্থী সংগঠন আলফা এবং বোড়ো জুপি সংগঠন *ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট অফ বোড়োল্যান্ড* (এনডিএফবি) এবং বোড়ো লিবারেশন টাইগার্স ফোর্স (বিএলটিএফ) এর মধ্যে পরস্পরের বিরুদ্ধে অস্ত্র ব্যবহার না করার এক সমঝোতা।

এখানেও আছে এক অদ্ভুত জাতিগত ও সামাজিক বিন্যাস। অসমিয়ারা নিজ দেশে ভাষাগত ভাবে সংখ্যালঘু হবার আতঙ্কে বঙ্গাল খেদার আন্দোলনে যে হিন্দু বাঙালিদের উপর আক্রমণ শানিত করেছিল তার কারণ মুসলিম বাঙালিরা লোকগণনায় নিজেদের মাতৃভাষাকে বাংলার পরিবর্তে অসমিয়া বলে লিপিবদ্ধ করে একদিকে যেমন তাদের অ-অসমিয়া পরিচয়কে লুকোতে চেয়েছিল, অপরদিকে অসমিয়া মাতৃভাষার সংখ্যাকে বাংলাভাষীদের সংখ্যা থেকে বেশি বলে প্রমাণে সহায়্য করেছিল। পরবর্তীকালে অসমিয়া ধর্মীর পরিচয়ে মুসলিমদের তুলনায় সংখ্যালঘু হবার আশঙ্কায় তারা হিন্দু বাঙালি বিরোধিতার আন্দোলনে লাগাম টেনেছিল। এর পেছনে অবশ্য যে অর্থনৈতিক কারণ তা এই পরিসরে আলোচনার বাইরে রাখা হল।

এটা অস্বীকার করা বাবে না, সাম্প্রতিক কালে এই আক্রমণগুলি ঘটছে এমন সব বসতিতে সেখানকার বাসিন্দারা পূর্ব-বাংলা তথা বাংলাদেশ থেকে আগত বাঙালি মুসলমান। আক্রান্তরা ভাষাগত দিক থেকে বাঙালি হলেও অসমে হিন্দু বাঙালি তো বটেই এমনকি স্থায়ীভাবে বসবাসকারী মুসলিম বাঙালিদের মধ্যে এই আক্রমণের বিরুদ্ধে কোনও তীব্র প্রতিক্রিয়া দেখা যায়নি। পশ্চিমবঙ্গের বাঙালি সমাজেও বাংলাভাষীদের ওপর বোড়োদের এই আক্রমণে বঙ্গাল খেদা আন্দোলনের বিরুদ্ধে তীব্র সেই স্ফোভের ধারে কাছেও তাদের ভাবনাকে প্রকাশ করেনি।

এই আক্রমণ সাম্প্রদায়িক নয়, এই আক্রমণের পেছনে আছে এক পিছিয়ে পড়া আদিবাসীদের তাদের অস্তিত্ব রক্ষার আশঙ্কার বহিঃপ্রকাশ। এমন যে ঘটতে

পারে এই নির্মম সত্যটি অসমের শাসকদলের যেমন অজানা থাকার কথা নয় তেমনি বিরোধী দলেরও জানার কথা। তবে কেন ঘটতে পারল এমন দুঃখজনক ঘটনা? এর একই কারণ, উভয় দলের ভোটের রাজনীতি। সবাই এই রাজ্যের আর্থ-সামাজিক বিন্যাসের কথা জেনেও না জানার ভান করেছেন। পরিণতিতে এই দুঃসহনীয় আক্রমণ ও হত্যাকাণ্ড থেকে রক্ষা পায়নি শিশুরাও। নেলীর সেই ভয়ঙ্করতম গণহত্যার ঘটনাতেও দেশনায়কদের চোখ খোলেনি। সেই হত্যাকাণ্ডের মূল রহস্যের পর্দাকে উন্মোচন করে তাদের নায়কদের খুঁজে ধের করা যায়নি।

অনুপ্রবেশ সমস্যার গুরুত্ব

বাংলাদেশ থেকে অনুপ্রবেশের সমস্যাকে আলোচনার দরবারে উপস্থিত করতে চাইলে এক শ্রেণীর তথাকথিত প্রগতিবাদী তথা মানবপ্রেমিকরা একে সাম্প্রদায়িক ভাবনা বলে হুইহুই করে ওঠেন। তাঁরা বলে ওঠেন, এটা হিন্দু সাম্প্রদায়িক ভাবনা কারণ অনুপ্রবেশকারীরা অধিকাংশই ধর্মপরিচয়ে মুসলিম। অথচ এই অনুপ্রবেশ শুধুমাত্র এদেশেই নয়, এটা একটা বিশ্বসমস্যা। কারণ এই সমস্যা ডেকে আনে আর্থিক সামাজিক ক্ষেত্রে নানা বিপর্যয়।

১৮২৬ সালে কামরুপ, দরং, নওগাঁও, শিবসাগর, লখিমপুর, কাছাড় গাড়াপাহাড়, খাসিয়া, জয়ন্তিয়া পাহাড় নিয়ে ইংরেজ কোম্পানী গঠন করেছিল অসম রাজ্য। ১৮৭৪ এবং ১৮৯৫ সালের এর সঙ্গে যুক্ত হয়েছিল উত্তর লুসাই ও দক্ষিণ লুসাই এবং উত্তর-পূর্ব রঙ্গপুর বা গৌরালপাড়।

অসমে বোড়ো জনজাতিদের আগমন ঘটেছিল অহমদের আগেই। তারা ঔপনিবেশিক রাজত্বে ক্রমশই অহমদের তুলনায় কোণঠাসা হয়ে পড়েছিল। বিভিন্ন অ-বোড়ো জনজাতির আগমনে তাদের অর্থনৈতিক, সামাজিক ও সংখ্যাগত প্রশ্নেও তাদের অবস্থা আরও শোচনীয় হয়ে উঠেছিল।

ঔপনিবেশিক শাসকেরা এদেশে রাজ্যগঠনের সময় এখনকার জনবিন্যাসে চরিত্রকে বিচার্যের বিষয়ে না

এনে তাদের প্রশাসনিক সুবিধা ও রাজস্ব আদায়ের প্রশ্ন টাকে বড়ো করে দেখেছে। বহু জনজাতি অধ্যুষিত উত্তর-পূর্বপ্রদেশের এই ভূ-খন্ডকে অসম রাজ্য গঠনের সময় সেই সমস্ত জনজাতির অবস্থানগুলিকে তারা বিবেচনার মধ্যে আনার প্রয়োজন অনুভব করেনি।

অসম উপত্যকার জমি উর্বর। বোড়োরা প্রথাগত চাষের পরিবর্তে স্থানান্তরিত প্রথায় (যা শিকটিং কান্ট্রিভেশন বলে বেশি পরিচিত) চাষ করত। এটা ইংরেজ শাসকদের রাজস্বের প্রশ্নে লাভজনক ছিল না। তাই তারা পূর্ব-বাংলা থেকে কৃষকদের এনে এখানকার কৃষি জমিতে স্থায়ীভাবে বসবাসের অনুমতি দিয়ে তাদের মাধ্যমে স্থায়ী চাষে উৎসাহ জোগাল। শাসকের রাজস্ব বৃদ্ধি পেল। পূর্ব-বাংলার কৃষক সম্প্রদায় মূলত মুসলিম, জমিদার মূলত হিন্দু। জমি চাষ ও তার মালিকানা লাভের জন্য পূর্ব-বাংলা থেকে দলে দলে মুসলিম চাষি অসমে এসে সরকারি জমি না পেয়ে বোড়োদের স্থানান্তরিত চাষের জমিগুলিও দখল করে নিল। জমিহারা বোড়ো জনজাতির দেয়ালে পিঠ ঠেকে যাওয়ায় তারা এর প্রতিরোধে এগিয়ে এলে ১৯১৫ সালে লাইন প্রথা চালুর প্রস্তাব গৃহীত হলেও তা চালু করতে সময় লেগেছিল ১৯২০ সাল পর্যন্ত। এই প্রথায় ঠিক হল, এই নির্দিষ্ট সীমানার বাইরে আগত অ-বোড়ো জনজাতি বসতি স্থাপন ও চাষের জমির অধিকারী হবে না। অর্থাৎ লাইনের ভিতরের জমি থাকবে বোড়ো জনজাতির।

বাংলাদেশের ভূমিক্ষুধার্থ মুসলিম কৃষকরা অসমের এই কৃষিক্ষেত্রের স্বর্ণমুগয়ার সন্ধান পেয়ে গেছে। তাই তারা এই লাইন প্রথা বিলোপ সাধনের জন্য গড়ে তুলল আন্দোলন। এই আন্দোলনে নেতৃত্ব দিয়ে মৌলানা ভাসানি পূর্ব-বাংলার কৃষক নেতা রূপে নিজেকে প্রতিষ্ঠা করেছিলেন।

অসমের মুখ্যমন্ত্রী গোপীনাথ বরদলৈ এই লাইন প্রথাকে বজায় রাখতে চাইলেন। কিন্তু তাঁর পদত্যাগের পর মুসলিম লীগের সমর্থনে ১৯৩৯ সালে সৈয়দ মহম্মদ সাদুল্লাহ মন্ত্রিসভা ক্ষমতা গ্রহণের পর

অনুপ্রবেশের দাপটে সেই সীমারেখা ভেঙ্গে যায়। বোড়োদের এতদিনকার জমিগুলি দখলে চলে যায় আগত ওইসব অনুপ্রবেশকারীদের।

ঔপনিবেশিক শাসকেরা ছোটনাগপুর অঞ্চল থেকে বনভূমি পরিষ্কার ও চা চাষ ক্ষেত্র প্রস্তুতের জন্য সাঁওতাল জনজাতিদের এখানে এনেছিল। ১৯৯৬ মে জুন মাসে সাঁওতালদের ওপর বোড়োদের হামলার কারণে এই জমি উভয় জনজাতিই স্থানান্তরিত চাষে অভ্যস্ত হওয়ায় চা বাগিচার বাইরে সাঁওতালরা বোড়োদের বনভূমির জঙ্গলে ঢুকতে বাধ্য হচ্ছিল। দুই বঞ্চিত জনজাতির বাঁচার তাগিদে বে সংঘর্ষ ঘটল তাতে জীবন হারাল ২০০ জন মানুষ। উদ্বাস্ত শিবিরে মাথা গুঁজতে ঠাই নিল দু-সক্ষেত্রও বেশি উভয় গোষ্ঠীর জনজাতির হতদরিদ্র অসহায় আতঙ্কগ্রস্ত মানুষ।

বোড়ো স্বশাসিত কাউন্সিলেই অসংগতি

১৮৯৩ সালের ২০শে ফেব্রুয়ারীতে দিল্লীতে এক চুক্তির বলে গঠিত হয়েছিল সংবিধানের যষ্ঠ তপশিলের ধারা অনুসারে বোড়ো স্বশাসিত উপজাতি পরিষদ। শর্ত অনুসারে যেখানে ৫০ শতাংশের বেশি বোড়ো জনগোষ্ঠী বাস করে সেইসব এলাকা এর অন্তর্ভুক্ত হবে। বোড়োদের অভিযোগ, তাদের দাবির ৩০৮টি গ্রাম ও চা-বাগানকে এর বাইরে রাখা হয়েছে। এই পরিষদের এমন জায়গা আছে যেখানে বোড়োরা সংখ্যাগরিষ্ঠ হলেও ৫০ শতাংশের অনেক কম। এমনকি পরিষদের মোট জনসংখ্যার বিচারে বোড়োরা এককভাবে সংখ্যাগরিষ্ঠ হলে ও তাদের মোট জনসংখ্যা ৫০ শতাংশেরও কম। অর্থাৎ অ-বোড়োদের সমষ্টিগতভাবে ধরলে তারাই সংখ্যাগরিষ্ঠ। তাই বোড়ো জঙ্গীগোষ্ঠীগুলি এই পরিষদে বসবাসকারী অ-বোড়োদের এখান থেকে উচ্ছেদ করতে চাইছে যাতে তাদের জনসংখ্যা ৫০ শতাংশের বেশি হয়ে পরিষদে তাদের অবস্থান একচ্ছত্র হতে পারে। ২০০৩ সালে এই চুক্তিতে যে নতুন ধারা যুক্ত হয়েছে তাতে পরিষদের সদস্য সংখ্যা করা হয়েছে ৪৬। এর মধ্যে ৩০ জন হবে তপশিলি উপজাতি সেখানেও

বোড়োদের একচ্ছত্র সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন। এর থেকেও বড় কথা কাউন্সিলের ক্ষমতা কাগজে-কলমে যা বলা হয়েছে বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে তা দাঁত ও নখহীন শক্তি। প্রায় প্রতিটি ক্ষেত্রেই তাকে নির্ভর করতে হয় অসমের বিধানসভা বা প্রশাসনের অনুমোদনের ওপর।

হিংসাত্মক ঘটনা জমির অধিকার নিয়ে

এই প্রসঙ্গে প্রথমেই বলে রাখা দরকার, বোড়ো ট্রাইবাল কাউন্সিল গঠিত হয়েছে বটে এবং ৪৬টি আসনের মধ্যে ৩০টি আসনই বোড়োদের জন্য সংরক্ষিত রেখে ৫টি অ-উপজাতি এবং ৫টি সাধারণ আসন হিসাবে নির্দিষ্ট হয়েছে। অথচ এই কাউন্সিলে মোট জনবসতির ৩০ শতাংশ মাত্র বোড়ো। বলা হয়েছিল, বোড়োদের জন্য অধিকাংশ আসন সংরক্ষিত করার সঙ্গে তাদের দীর্ঘদিনের অধিকারগুলিকে সংরক্ষিত করার রক্ষাকবচের ব্যবস্থা থাকবে। কার্যক্ষেত্রে দেখা গেল, বৃষ্টি উপশিলে গঠিত উপজাতি অধ্যুষিত এলাকায় অ-উপজাতিরা যাতে সেখানে জমি অধিকার করতে না পারে তার কোনও ব্যবস্থা এই ক্ষেত্রে রাখা হয়নি। ফলে বোড়োদের জমি ও বাসস্থানগুলি দ্রুত অ-বোড়ো আর্থিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের হস্তগত হয়ে চলেছিল।

বাংলাদেশ থেকে যে অনুপ্রবেশের স্রোত অসমে অব্যাহত গতিতে হয়ে চলেছে তাকে অস্বীকার করার উপায় না থাকলেও, সেই অনুপ্রবেশকারীকে চিহ্নিত করার জোরালো দাবি উঠলেও কংগ্রেস সরকারের পক্ষে মুসলিম ভোট হারাবার আশঙ্কায় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি। এই প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করার সুযোগ এই পরিসরে নেই। তবু একটা তথ্য পেশ করা যেতে পারে। ১৯৯১ সালে

অসমের মোট জনসংখ্যার ৭২.৫১ শতাংশ ছিল হিন্দু। ১৯৯১ সালে সেই জনসংখ্যা হ্রাস পেয়ে হয়েছে ৬৭.১৩ শতাংশ। অপরদিকে মুসলমানরা ছিল ২৪.৫৬ শতাংশ। ঐ একই সময়ে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ২৮.৪৩ শতাংশ। বাংলাদেশ সীমান্তবর্তী জেলাগুলিতে মুসলিম জনসংখ্যা ১৯৭১ সন থেকে জনসংখ্যা বৃদ্ধির সমস্ত নিয়মকে ছুড়ে ফেলে দিয়ে এক অস্বাভাবিক বৃদ্ধি ঘটে চলেছে। এই সময় বাংলাদেশের জনগণনায় (১৯৭১-৮১ এবং ১৯৮১-৯১) এক কোটি মানুষ হারিয়ে গেছে বলা হয়েছে। বলা বাহুল্য, এই হারিয়ে যাওয়া ১ কোটি মানুষকে অসম ও পশ্চিমবঙ্গ সহ ভারতের মাটিতে যে অনুপ্রবেশ করানো হয়েছে তা ভাবতে যুক্তির অভাব হয়না।

বাংলাদেশি অনুপ্রবেশকারীরা প্রথমে চরগুলিতে বসতি স্থাপন করেছিল। কিন্তু ক্রমাগত অনু-প্রবেশের চাপে তারা তাদের বাঁচার তাগিদে বোড়োদের বনভূমি সহ অন্যত্র কৃষিভূমিতে বসতি স্থাপন করে চলেছিল। ঘটনাক্রমে এইসব দরিদ্র অনুপ্রবেশকারীরা বাঙালি মুসলমান।

যারা এটাকে সাম্প্রদায়িক দাঙ্গা বলে মূল জমির প্রসঙ্গ ও অনুপ্রবেশের সমস্যা এড়াতে চাইছে তাদের জানার কথা, অধিকাংশ বোড়ো কিন্তু হিন্দু নয়। এদের ১২ শতাংশ খ্রিষ্টান এবং সংখ্যাগরিষ্ঠ অংশ বাথানু ধর্মের ব্রহ্মগোষ্ঠী।

অনুপ্রবেশ নিয়ে প্রক্স তোলার অর্থ সাম্প্রদায়িক ভাবনা নয়। এই অনুপ্রবেশ যে একটা দেশের জনবিস্তারে ভারসাম্যের পরিবর্তন ঘটিয়ে ভয়াবহ হিংসাত্মক ঘটনাকে আমন্ত্রণ জানাতে পারে বোজেল্যান্ডের ঘটনা তার প্রমাণ। তাই পশ্চিমবঙ্গের ও সাবধান হবার প্রয়োজন আছে।

সজল বসুর

বাঙালী জীবনে দলাদলি

পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ
সমাজ বীক্ষণ কেন্দ্র

ভিনদেশীদের সংস্কৃতি উন্নয়নের শত্রু

সজল বসু

এক দিনে তিনটি রোমহর্ষক ঘটনা। দৈনিক কাগজের রিপোর্ট, ৭ আগস্ট ২০১২। পুলকারের মধ্যে এক শিশুকে ধর্ষণের চেষ্টা, আসামী ড্রাইভার গঙ্গারাম শাহ। কয়েক মাস আগে বারাসতের এক স্কুলের ড্রাইভারের কাজ থেকে তাড়িয়ে দেওয়া হয় তাকে, একই অপরাধে।

দুই, হাওড়ার সালকিয়ায় এক কারখানায় মেশিনের মধ্যে ছিন্নভিন্ন শিশুশ্রমিক। কারখানার মালিক, সিপিএমের নেতা প্রাক্তন এমএলএ লগনদেবও সিং-এর ভাই। শিশু শ্রমিকটিকে প্রায় মারধর করত মালিক, অভিযোগ। তিন নম্বর ঘটনা, দঃ ২৪ পরগণার বজবজের কাছে মহেশতলা। শেখ সুদান (২১) নয়বক্তির তিন নম্বর ইটভাটার কাছে জুরাড়াবাদের মারপিঠ, খিস্তিবাজির বিরুদ্ধে প্রতিবাদ করে বেদম মার খেয়ে মারা গেলেন। জুলাই মাসে হাবড়ার গাইঘাটায় আদর্শবান শিক্ষক বরুণ বিশ্বাস খুন হন তোলাবাজির গুলিতে। গুঁর স্মরণে সভা করার অপরাধে শাস্তিপূরে ডাঃ গৌতম পালের বাড়িতে বোমা ফেলল প্রমোটারের লোকরা। গৌতম এলাকার আমবাগান কাটা ও পুকুর বোজানোর বিরুদ্ধে আন্দোলন করেন, সেইজন্য এই ট্রায়াল হুমকি।

পার্ক স্ট্রীটের ধর্ষণ থেকে শুরু করে হাওড়ায় ব্যবসায়ীকে বাড়ি ঢুকে হত্যা সব ঘটনাতেই দেখা যাচ্ছে, জড়িত ব্যক্তির হিন্দী অঞ্চলের লোক অথবা নতুন পয়সাওলা ঘরের ছেলে এবং সংখ্যালঘু সম্প্রদায়ের। বৃহত্তর কলকাতায় যেসব ধর্ষণ, খুন, তোলাবাজির ঘটনা হয়, তার সিংহভাগ ক্ষেত্রে এই সব গোষ্ঠীর লোকই বেশি জড়িত। গ্রামীণ পটভূমি, মধ্যযুগীয় সংস্কারের গ্রাম-শহর থেকে আসা এই সব

গোষ্ঠীর মানুষ কথাবার্তা, ব্যবহারে রুক্ষ, আক্রমণাত্মক, হিংসাত্মক। বৃহত্তর কলকাতার জনবিন্যাস ও সামাজিক গঠনে এদের সংখ্যা বেড়েছে। প্রভাবও বেড়েছে রাজনীতির বাবুদের মদতে।

প্রাত্যহিক জীবনের দৃষ্টান্ত দেওয়া যাক। কলকাতার ট্যাঙ্কি চালকদের ব্যবহার সহ্যের সীমা ছাড়িয়েছে। শিখ চালকদের শহর ছাড়ার পর ট্যাঙ্কি ব্যবসায়ে এখন বিহারীদের দাপট। এরা গন্তব্যস্থলে যেতে চাইবে না। মিটারে যাবে না। টাকা বেশি চাইবে। পুলিশ ঠুঁটো জগন্নাথ। পার্ক মার্কার্স অঞ্চলের অটো চালক, চৌরঙ্গী ধর্মতলার হকারদের হাবভাব দেখে মনে হয়, এরাই শহরের মালিক। পুলিশ ব্য প্যাবলিক কর ও হিংস্রত নেই এঁদের বাঁদরামোর বিরুদ্ধে কিছু করার। কারণ, এরা আগে ছিল সিপিএমের ভোট ব্যাঙ্ক, এখন তৃণমূলের। রাজনীতির পালা অনুযায়ী এরা শাসক দলের ইউনিয়নের ফ্ল্যাগ ভুলে দেয়, চাঁদা দেয়। চাঁদা-পুলিশের হস্তা দিলেই সাত খুন মাফ।

কলকাতা শহরের ফুটপাথ, রাস্তা এদেরই দখলে। এসপ্ল্যান্ডেড চৌরঙ্গী থেকে ধর্মতলা স্ট্রীট ওয়েলিংটন হয়ে বৌবাজার মোড়, পুরো এলাকার ফুটপাথ ব্যবসায়ী ও হকারদের দখলে। ব্যবসায়ীরা দোকানের মালপত্র ফুটপাথে রাখেন, কাজকর্ম সারাই-য়ের কাজ ফুটপাথেই। কলকাতার বহু রাস্তা এখন মুক্ত গ্যারেজ বা ওয়ার্কশপ। পুলিশের হস্তা দিলেই রাস্তায় ব্যবসা বংশগত অধিকার হয়ে যায়। আগে সেপাই, পুলিশের খোচর, ছোটবাবু সব ছিল হিন্দী অঞ্চলের মানুষ। জাতিগত ভাই হওয়ার সূত্রে সম্পর্ক-বোঝাপড়া হয়ে যায়, গড়ে ওঠে ফুটপাথ, রাস্তায় ব্যবসা করার অধিকার। আগে পুলিশের দারোগা, এজেন্টরা

* রাজনৈতিক সমাজতন্ত্রের গবেষক। বর্তমানে ভারত সরকারের ইন্ডিয়ান কাউন্সিল অফ সোসাল সায়েন্স রিসার্চ-এর সিনিয়র ফেলো। শেষ গ্রন্থ বাঙালী জীবনে দলাদলি, (সম্পা) জাতীয়তাবাদ ও ভারত চিন্তা — আশিস নন্দী।

দেশওয়ালীদের রিস্তা চালাবার ব্যবস্থা করে দিতেন। কলকাতার ৫০ শতাংশ বেআইনী রিস্তার মালিক ছিল এসব পুলিশাবু।

এসপ্লানেড ধর্মতলার হকারদের ইউনিয়ন ছিল ফরোয়ার্ড ব্লকের এক সংখ্যালঘু নেতার। এই এলাকার হকাররা বেশিরভাগ সংখ্যালঘু গোষ্ঠীর মানুষ, কলকাতার হকার, এমন কি গড়িয়াহাট অঞ্চলের হকারদের মধ্যে একটা বড় অংশ হিন্দীভাষী অঞ্চলের মানুষ। নিজেদের বেআইনী অধিকার প্রতিষ্ঠার লড়াই, পুলিশের সাথে বন্দোবস্ত করার জন্য নিজ জাতিগোষ্ঠীর নেতা এদের পছন্দ। জাতিগত, সম্প্রদায়গত আনুগত্য ইউনিয়ন ও স্থানীয় পার্টি সংগঠনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। উত্তর কলকাতায় একজন মার্কসবাদী হিন্দু গোয়ালী নেতা আছেন যার তিনটি বউ। হাওড়ার একদা সবটাই গুণনদেও সিং-এর উল্লেখ রয়েছে এই লেখার প্রথমেই।

পাঠক প্রশ্ন করবেন, জাতিসম্প্রদায়গত আনুগত্য, ব্যক্তিগত জীবনের ব্যাপার আসছে কেন? মানুষ যখন চাকরী রুজির জন্য ভিন্ন দেশ, ভিন্ন অঞ্চলে দেশান্তরী হয়, সাথে বহন করে নিয়ে যায় জন্মভূমির সংস্কার, মূল্যবোধ। নতুন কর্মক্ষেত্রের এলাকায় এসে তারা মিশ্র সংস্কৃতির লোক হয়ে যায়। তবে ধর্মীয় আচার, সংস্কারে নিজভূমির বোঝা hangover থেকেই যায়। হিন্দীভাষী অঞ্চলে সমাজ সংস্কার আন্দোলন হয়নি। সেজন্য সেখানে নারীর অধিকার প্রতিষ্ঠিত নয়। বহুগামিতা ব্যাপক ও গ্রহণযোগ্য। ব্যবহারিক কারণেই মাইগ্রান্ট বা প্রবাসী শ্রমিক কর্মচারীদের মধ্যে বহুগামী আচরণ অনুসৃত হয়। কৃষ্ণপ্রেম, কৃষ্ণের জনপ্রিয়তা হিন্দী অঞ্চলে বেশি। কারণ, এই অঞ্চল থেকে মাইগ্রেশন তথা দেশান্তরী হওয়ার ধারা বহু যুগ থেকে চলছে। এদের মনোভূমিতে শ্রীকৃষ্ণ অধিষ্ঠান বহু নারী প্রেমের পুরুষরূপে, গীতার দর্শন বা মহাভারতের রণকৌশল দক্ষ পুরুষ হিসেবে নয়।

‘লোকসংস্কৃতি অনেক উপাদান - কিছু সংস্কৃত

থেকে পাওয়া, আর্যদের থেকেও কিছু এসেছে। অন্যার্যদের বহু জিনিস থেকে গেছে। আমাদের রূপকথার অথবা ছড়া গান এক সময়ে খুব অল্পীল ছিল। উত্তর ভারতে হোলির সময়ে যে সব গান গাওয়া হয় তা মন দিয়ে শুনলে বোঝা যায়। লোকমানসে সবই raw আকারে থেকে যায়। সুন্দর, কুৎসিত ভালমন্দ সব কিছু। (অমলদাশংকর রায় ১৮ : ২০০৫)। জনজীবনে এর রেশ এখনও পাওয়া যায়। হিন্দী অঞ্চলের শিক্ষিত মানুষজন কথাবার্তায় খিস্তি ব্যবহার করেন সহজভাবে। বহিনযুক্ত বা মায়ুক্ত ধর্ষণের বাক্য ব্যথেষ্টভাবে ব্যবহার হয়। বাংলা শিক্ষিত মানুষ এখনও সেই ধরণের খিস্তি ব্যবহারের কথা ভাবতেই পারেন না। ইদনীং দেখা যাচ্ছে, নতুন প্রজন্মের ছেলেমেয়েদের মধ্যে ব-কার লিঙ্গ যুক্ত বাক্য ব্যবহার। একটু সংস্কৃতিবান শিক্ষিত বাঙালী সে স্তরে নামে নি। নব্য প্রজন্মের ভাল জামাকাপড় পরা ছেলেমেয়ে ও অশিক্ষিত শ্রমিক হকার অটো ড্রাইভার কুলের এহেন আচরণ বিহারীদের দ্বারা প্রভাবিত হতে পারে।

দেশান্তরের ধারা

দেশের মধ্যে জন্মভূমি ছেড়ে ভিন্নদেশে স্থানান্তর, বসবাসের বিষয়ে কোনও তথ্য সরকারের হাতে নেই, তথ্য সংগ্রহে সরকারী উদ্যোগও নেই। দেশের বিভিন্ন প্রান্তে বহিরাগত মানুষের সংখ্যা, অবস্থান অনেক সময়ে স্থানীয় মানুষদের বিরক্তি ও আশংকার কারণ হয়। আসাম, ঝাড়খন্ড, মুম্বই, এখন বোড়োল্যান্ডের জাতিদাঙ্গা মোকাবিলায় কেন্দ্রীয়, রাজ্য সরকার অসহায়। জাতিদাঙ্গায় বাস্তবচ্যুত মানুষদের পুনর্বাসন অসম্ভব পরিগণিত হয়।

২০০১-এর সেনসাস অনুযায়ী ভারতের লোকসংখ্যার ৩০%, প্রায় ৩০.৯ কোটি মানুষ ভিন্নস্থানবাসী, অথবা বহিরাগত, ভিন্ন অঞ্চল থেকে আসা। রুজিরটির স্বার্থে ভিন্ন অঞ্চলে বসবাসকারী এদের এক বড় অংশ আবার নতুন শিল্প বা শহর পত্তনের জন্য বাস্তবচ্যুত। বাস্তবচ্যুত মানুষেরা

নতুন জায়গায় মৌলিক সমস্যার মুখে পড়ে। যেমন থাকার জায়গার অভাব, স্বাস্থ্য শিক্ষার ক্ষেত্রে সরকারী সুযোগ সুবিধা নাভে অসুবিধা, কম মজুরী, ধর্মীয় অসহিষ্ণুতার শিকার ইত্যাদি। বড় কারখানা, বাঁধ, শহর পত্তন মানেই স্থানীয় মানুষদের উচ্ছেদ, স্থানান্তর ও কর্পদকশূন্য, দুঃস্থ হয়ে যাওয়া। বিহারে ঝাড়খন্ড অঞ্চলে ১৯৫০- ২০০১ সময়কালে বড় শিল্প, বাঁধ, খনি, বিদ্যুত প্রকল্প স্থাপনের ফলে ১.৫ কোটি মানুষ বাস্তুচ্যুত হয়েছে, এদের মধ্যে মাত্র ২৫% পুনর্বাসন পেয়েছে। অতি সম্প্রতি বোড়াল্যান্ড এলাকায় জাতিদাঙ্গা মুখ্যত নিজ বাসভূমি থেকে বোড়াদের ক্রমাগত উচ্ছেদ হওয়ার পরিণাম। মুখ্যত নিজ বাসভূমে পরবাসী হওয়ার আশংকায় জাতিদাঙ্গার সূত্রে আসাম সাত টুকরো হয়েছে। আর কত টুকরো হবে যে জানে।

ব্রিটিশ শাসক কর্তৃপক্ষ সাম্রাজ্য বিস্তারের জন্যই রেল লাইন, বাংলায় পাটকল, আসাম উত্তরবঙ্গে চা বাগান স্থাপন করেন। শ্রমিকের যোগান দিতে দূর অঞ্চল থেকে মজুর আমদানি করা হয়। এই রাজ্যে গঙ্গার দু'ধারে পাটকলের শ্রমিক আসে বিহার, উত্তরপ্রদেশ থেকে। আসাম, উত্তরবঙ্গের বাগানে মজুর হিসেবে যায় ঝাড়খন্ড অঞ্চলের আদিবাসীরা। আসামে চা বাগান পত্তনে আদি জনজাতি বোড়ার জমি থেকে উৎখাত হল। আসানসোল, করিম্বা, ধানবাদের কয়লাখনি অঞ্চলে মজুর আসে বিহার, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ থেকে। এই ধারা চলছে গত ১০০ বছর ধরে।

দুই প্রজন্ম রাজ্যে বসবাসের সুবাদে বহিরাগতদের একটা নেটওয়ার্ক তৈরী হয় চাকরীস্থল ও ব্যবসাবাণিজ্যের ক্ষেত্রে। ব্যবসায় যেমন মাড়োয়ারী সম্প্রদায় প্রাধান্য বিস্তার করায় ঐ সম্প্রদায়ের মানুষ এই রাজ্যে ব্যবসা পত্তন ও প্রসারে সুবিধাজনক পরিস্থিতি পায়। চাকরীক্ষেত্রে যেমন পাট, কয়লা, চা, কলকাতা কর্পোরেশন, ইলেকট্রিক স্যাপ্লাই কর্মরত বহিরাগত শ্রমিকরা ছেলে আত্মীয় গ্রামের লোকদের

এসব কোম্পানীতে চাকরীতে ঢোকানোর সুযোগ পায়। বাড়তে থাকে এদের সংখ্যা। সম্প্রতি কালে বিহারের মধ্যবিন্দু শ্রেণীর লোকেরাও এই রাজ্যে স্থায়ীভাবে বসবাস করছে, জমিবাড়ি কিনছে। এতে আপত্তির কিছু নেই।

অনুন্নত সংস্কৃতি

বহু যুগ রাজ্যে বা বৃহত্তর কলকাতায় বসবাস করলেও এদের সংস্কৃতি, অস্মিতা নিজ গ্রাম রাজ্যেই নিহিত থাকে। জন্মভূমি তথা মূল্যবোধের সাথে যোগ থাকে, সামন্ততান্ত্রিক মূল্যবোধ, সংস্কৃতিও অটুট থাকে। মানসিক স্তরে এদের নগরায়ন ও সংস্কৃতায়ন হয় না। দ্বন্দ্ব, সংঘাত সেখানেই। শহরে ও শিল্পনগরীতে এদের উপস্থিতি প্রগতির পক্ষে অন্তরায় হয়। কেন? বহিরাগত ভিন্নদেশী স্বকীয় ভাষা, সংস্কৃতি বিসর্জন দিয়ে কখনই কর্মস্থানের ভাষা সংস্কৃতি আত্মস্থ করে না। এখানেই শুরু 'আমরা' বনাম 'ওরা' তথা অস্মিতা বা আইডেনটিটির সংঘাত। ভিন্নদেশীরা সংখ্যা বেশি হয়ে গেলে কর্মস্থল শহরে স্বকীয় উৎসব পালন করে ধূমপান সহকারে। গত বছর মুম্বই শহরে ছাঁট পূজার সমারোহ স্থানীয়দের মধ্যে আশংকা সৃষ্টি করে।

উন্নয়নের সমাজতত্ত্ব অনুকূল সংস্কৃতির বাতাবরণেই ইতিবাচক হতে পারে। সংস্কৃতির সংঘাত ও আইডেনটিটির সংকট থাকলে অর্থনৈতিক উন্নয়ন সদর্থক হতে পারে না। বৃহত্তর কলকাতায় এই ঘটনাই প্রকট। বহিরাগত অনুপ্রবেশ, ফুটপাথ দখল ও বসবাস, রাস্তা ফুটপাথে শিব মন্দির ও মাজার, জবরদস্তি জমি দখল, রাজনৈতিক বাবুদের চাঁদার অত্যাচারে এই রাজ্যের উন্নয়ন বাধাপ্রাপ্ত। এখন অর্থনীতিবিদরাও বলছেন, দুর্নীতিমুক্ত স্বচ্ছ প্রশাসন, ব্যবস্থাপনা উন্নয়নের শর্ত। কাজের স্বাধীনতা, ক্ষমতায়ন এবং স্বচ্ছতা ছাড়া শহর, রাজ্যের উন্নয়ন সম্ভব নয়।

অসামাজিক আচরণ, হিংসাত্মক কাজে যুক্ত মানুষদের বিন্যাস লেখার শুরুতেই তুলে ধরেছি। বহিরাগত ভিন্নদেশী, অনুপ্রবেশকারী, আক্রমণাত্মক সংখ্যালঘু গোষ্ঠী, নব উদ্ভূত নিম্নবিন্ত অনুন্নত গোষ্ঠীর

মানুষ উন্নয়নের পক্ষে বাধা। পঃবঙ্গ, আসাম, বিহার এর দৃষ্টান্ত। আসামে জাতিবিদ্বেষ ও জাতিদাঙ্গা, বিহারে জাতপাত, দুর্নীতি ও সামন্ততান্ত্রিক মূল্যবোধ, পঃ বঙ্গে ভিনদেশী, অনুপ্রবেশকারীদের ব্যাপক উপস্থিতির দরুণ রাজ্যগুলি উন্নয়নের ক্ষেত্রে পেছনের সারিতে। আসাম, বিহার নিয়ে বিশদ আলোচনায় যাওয়ার অবকাশ নেই এই ছোট প্রতিবেদনে।

কলকাতা ও সংলগ্ন বি. টি. রোড শিল্পাঞ্চল, হাওড়া শহর, খড়গপুর, আসানসোল, ইসলামপুর অঞ্চল পর্যবেক্ষণ করলেই চোখে পড়বে ভিনদেশীদের মধ্যযুগীয় সংস্কার ও জীবনযাত্রা কীভাবে এলাকাগুলিকে নোংরা, অনুন্নত করে রেখেছে। সংখ্যালঘু অঞ্চলের ঘেটোকরণ (ghettoisation) কলকাতার বহু অঞ্চলে এখন প্রকট। এ সবই উন্নয়নের পক্ষে অন্তরায়। ভিনদেশীদের দায়বদ্ধতা তাদের মূলুক

রাজ্যে, এই রাজ্যের প্রতি নয়। মেধা রপ্তানির মতো পুঁজি রপ্তানি হয়ে চলেছে বথ বছর ধরে। ভিনদেশী পুঁজিপতি-ব্যবসায়ীরা রাজ্যে বিনিয়োগের চেয়ে পুরানো শিল্প থেকে লুঠ করে পুঁজি অন্যত্র চালান করে চলেছেন। অবশ্যই রাজনৈতিক বাবুদের সাহায্য নিয়ে। ভোট ব্যাঙ্কের রাজনীতি বহাল থাকলে এই অনুন্নয়নের সমস্যা থেকেই যাবে।

সহায়ক গ্রন্থসূচি

১. অন্নদাশঙ্কর রায়, লোকসংস্কৃতি ও আধুনিক জীবন, সংকলন গ্রন্থ ভারতের সমাজভাবনা (সং) সজল বসু, ২০০৫
২. সজল বসু, রিজিওনালিজম, এখনিসিটি এ্যান্ড লেফট পলিটিকস, ২০০৫
৩. ইউ.এন. নিউজ, জুন ২০১২
৪. সজল বসু, অনাথার-উন্নয়ন-আন্দোলন, ২০১০

কোচবিহারের ভারতভুক্তি প্রসঙ্গে

(৩৮ পাতার পর)

আহমেদ ছিলেন এই সভার পুরোধা। এই গোষ্ঠীর নানাবিধ কার্যকলাপ ভারতীয় প্রশাসনকে উদ্ভিগ্ন করে তুলেছিল। সেই সঙ্গে প্রশ্ন ওঠে রাজ্যের শাসক মহারাজা তবে কি কোন এক অজ্ঞাত কারণে এদের বিরুদ্ধে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করতে অপারগ হয়ে পড়েছিলেন? বিষয়টি নেহাতই অনুমান মাত্র। তবে প্রসঙ্গক্রমে এটাও আলোচনা প্রয়োজন যে, ১৯৪৮ সালের ৩০শে জানুয়ারী জাতির জনক মহাত্মা গান্ধী আততায়ীর গুলিতে নিহত হবার পরদিন অর্থাৎ ৩১ শে জানুয়ারী কোচবিহার শহর সংলগ্ন তোর্বা নদীর তীরে শশানঘাটে গান্ধীজির স্মরণে যে শোকসভা হয় তাতে মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ সভাপতিত্ব করেছিলেন, অর্থাৎ ১৯৪৮ সালে কোচবিহার শহর দুটি স্মরণসভার সাক্ষী থাকে, একটি মহারাজার

সভাপতিত্বে গান্ধীজির স্মরণসভা এবং অপরটি খাঁ চৌধুরী আমানতউল্লাহ নেতৃত্বে মহম্মদ আলী জিন্নার স্মরণ সভা। বিষয়টি অতীব তাৎপর্যপূর্ণ। প্রশ্ন জাগে, তবে কি রাজপ্রশাসনে কোন সমান্তরাল মননশীলতা সক্রিয় ছিল। বিষয়টি গভীর অনুসন্ধান সাপেক্ষ। তবে এসব কারণেই যে ১৯৪৯ সালের ১২ই সেপ্টেম্বর ভারত সরকার রাজ্যের আভ্যন্তরীণ শাসনভার নিজ হস্তে তুলে নিয়ে কোচবিহার রাজ্যের ভারতভুক্তি পর্ব সম্পন্ন করে তা অনুমান করা কোন কঠিন কাজ নয়। রাজ্যের আভ্যন্তরীণ পরিস্থিতি যদি গোলযোগপূর্ণ না হয়ে সাবলীল থাকতো তাহলে হয়তো বা সেই সময় ভারত সরকার মহারাজা জগদীপেন্দ্রনারায়ণকে শীর্ষে রেখে পৃথক কোন বন্দোবস্তের ভাবনা ভাবলেও ভাবতে পারতো। মহারাজা জগদীপেন্দ্রনারায়ণের জন্ম শতবর্ষে বিষয়টি নতুন করে মূল্যায়নের দাবী রাখে।



Generations to come, it may be, will scarce believe that such a one as this ever in flesh and blood walked upon this earth. – Albert Einstein

Situated near Dhobighat, on the bank of the Ganges. Only Museum in Bengal on Gandhi and his life.

800 Photographs, 11 original letters of Gandhi, 28,000 Photocopy, Gandhi's life on Mural, Historical Photographs on freedom movement, oil painting pictures of freedom fighters, original materials used by Gandhi. Open during 11A.M. to 5 P.M. Wednesday closed.

Gandhi Museum

**Riverside Road
Barrackpore**

Editor : Prof. Jahar Sen

Published and Printed by Pratik Ghosh, Secretary, Gandhi Museum, Barrackpore, 24 Pgs (N)
and Printed from City Graphics, 18A Haritaki Bagan Lane, Calcutta - 700006

Subscription : Rs. 15.00